ভোজনীয় ব্রাহ্মণগণের তত পরীক্ষা করিবেন না, কিন্তু পিতৃকার্য্যে তাঁহাদিগকে যত্নের সহিত পরীক্ষা করিবেন ॥ ১৪৯ ॥ যে সকল ব্রাহ্মণ চুরি করে, যাহারা পতিত, যাহারা ক্লীব, যাহারা নাস্তিক-বৃত্তি-অবলম্বী, তাহারা দৈব ও পৈত্র উভয় কার্য্যেই অগ্রাহ্য, একথা মনু বলিয়াছেন ॥ ১৫০ ॥ বেদাধ্যয়নশূন্য, ব্রহ্মচারী, চর্ম্মরোগগ্রস্ত, দ্যূতক্রীড়াপরায়ণ এবং বহুযাজনশীল ব্রাহ্মণ—ইহাঁদিগকে শ্রাদ্ধে ভোজন করাইবে না ॥ ১৫১ ॥ চিকিৎসক ব্রাহ্মণ, প্রতিমা-পরিচারক, দেবল ব্রাহ্মণ, মাংসবিক্রয়ী ব্রাহ্মণ এবং যে সকল ব্রাহ্মণ নিন্দিত-বাণিজ্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করে—তাহাদিগকে হব্য-কব্যে পরিত্যাগ করিবে ॥ ১৫২ ॥ গ্রামের বা রাজার সরকারী ভৃত্য, কুৎসিত-নখরোগ-বিশিষ্ট ব্রাহ্মণ, কৃষ্ণবর্ণ দন্ত-বিশিষ্ট, গুরুর প্রতিকূলাচরণকারী, শ্রৌত-স্মার্ত্ত-অগ্নি-পরিত্যাগকারী এবং কুসীদজীবী- এই সকল ব্রাহ্মণকে হব্য-কব্যে পরিত্যাগ করিবে ॥ ১৫৩ ॥ যক্ষ্মরোগী, জীবিকার জন্য ছাগ গো প্রভৃতি পশু-পালক, পরিবেত্তা, পঞ্চমহাযজ্ঞানুষ্ঠান-রহিত, ব্রাহ্মণদ্বেষী, পরিবিত্তি এবং গণার্থ অর্থাৎ সাধারণের জন্য উৎসৃষ্ট মঠ বা ধনাদিজীবী—এই সকল ব্রাহ্মণকে হব্যকব্যে ভোজন করাইবে না ॥ ১৫৪ ॥ যে সকল ব্রাহ্মণ নর্ত্তন বা গায়নাদি বৃত্তি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, যে ব্রহ্মচারী বা যতি স্ত্রী-সম্পর্ক দ্বারা ব্রহ্মচর্য্য নষ্ট করিয়াছেন, যিনি সবর্ণা বিবাহ না করিয়া শূদ্রাকে বিবাহ করিয়াছেন, পুনর্ভূপুত্র, কাণ ও যাহার জায়ার উপপতি আছে—এই সকল ব্রাহ্মণকে হব্যকব্যে নিমন্ত্রণ করিবে না ॥ ১৫৫ ॥ যিনি বেতন লইয়া বেদ

শূদ্রশিষ্যো গুরুশ্চৈব বাগ দুষ্টঃ কুণ্ডগোলকৌ ॥ ১৫৬
অকারণপরিত্যক্তা মাতাপিত্রোর্গুরোস্তথা।
ব্রাহ্মৈর্যৌনৈশ্চ সম্বন্ধৈঃ সংযোগং পতিতৈর্গতঃ ॥১৫৭
আগারদাহী গরদঃ কুণ্ডাশী সোমবিক্রয়ী।
সমুদ্রযায়ী বন্দী চ তৈলিকঃ কূটকারকঃ ॥ ১৫৮
পিত্রা বিবদমানশ্চ কিতবো মদ্যপস্তথা।
পাপরোগ্যভিশপ্তশ্চ দাম্ভিকো রসবিক্রয়ী ॥ ১৫৯
ধনুঃশরাণাং কর্ত্তা চ যশ্চাগ্রেদিধিষূপতিঃ।
মিত্রধ্রুগ দ্যূতবৃত্তিশ্চ পুত্রাচার্য্যস্তথৈব চ ॥ ১৬০
ভ্রামরী গণ্ডমালী চ শ্বিত্র্যথো পিশুনস্তথা।
উন্মত্তোঽন্ধশ্চ বর্জ্জ্যাঃ স্যুর্বেদনিন্দক এব চ ॥১৬১
হস্তিগোঽশ্বোষ্ট্রদমকো নক্ষত্রৈর্যশ্চ জীবতি।
পক্ষিণাং পোষকো যশ্চ যুদ্ধাচার্য্যস্তথৈব চ ॥ ১৬২

ভৃতির্বেতনং তদ্গ্রাহী ভৃতকঃ সন্ যোঽধ্যাপকঃ স তথা। এবং ভৃতকাধ্যাপিতঃ। শূদ্রশিষ্যো ব্যাকরণাদৌ গুরুশ্চ তস্যৈব। বাগ দুষ্টঃ পরুষভাষী, অভিশপ্ত ইত্যন্যে। কুণ্ডগোলকৌ বক্ষ্যমাণৌ ॥ ১৫৬ ॥ অকারণেতি। মাতুঃ পিতুর্গুরূণাঞ্চ পরিত্যাগকারণং বিনা ত্যক্তা শুশ্রূষাদেরকর্ত্তা। পতিতৈশ্চাধ্যয়ন-কন্যাদানাদিভিঃ সম্বন্ধৈঃ সম্পর্কং গতঃ। পতিতত্বাদেবাস্য নিষেধ ইতি চেন্ন, সংবৎসরাৎ প্রাগিদং ভবিষ্যতি। 'সংবৎসরেণ পততী'তি বক্ষ্যমাণত্বাৎ ॥ ১৫৭ ॥ আগারেতি। গৃহদাহকঃ। মরণহেতুদ্রব্যস্য দাতা। কুণ্ডস্য বক্ষ্যমাণস্য যোঽন্নমশ্নাতি। প্রদর্শনার্থত্বাৎ কুণ্ডস্য গোলকস্যাপি গ্রহণম্। অতএব দেবলঃ,—"অমৃতে জারজঃ কুণ্ডো মৃতে ভর্ত্তরি গোলকঃ। যস্তয়োরন্নমশ্নাতি স কুণ্ডাশীতি কথ্যতে ॥" সোমলতাবিক্রেতা। সমুদ্রে যো বহিত্রাদিনা দ্বীপান্তরং গচ্ছতি। বন্দী স্তুতিপাঠকঃ। তৈলার্থং তিলাদিবীজানাং পেষ্টা। সাক্ষিবাদে কূটস্য মৃষাবাদস্য কর্ত্তা ॥ ১৫৮ ॥ পিত্রেতি। পিত্রা সহ শাস্ত্রার্থে লৌকিকে বা বস্তুনি নিরাসার্থং যো বিবদতে, কিতবো যঃ স্বয়ং দেবিতুমনভিজ্ঞঃ স্বার্থং পরান্ দেবয়তি ন স্বয়ং দেবিতা, তস্যোক্তত্বাৎ। ন চ সভিকস্তস্য দ্যূতবৃত্তিপদেনাভিধাস্যমানত্বাৎ। কেকর ইতি পাঠে তির্য্যগ দৃষ্টিঃ। সুরাব্যতিরিক্তমদ্যপাতা। কুষ্ঠী। অনির্ণীতেঽপি তস্মিন্ মহাপাতকাদৌ জাতাভিশাপঃ। ছদ্মনা ধর্ম্মকারী। ইক্ষ্বাদিরসবিক্রেতা ॥ ১৫৯ ॥ ধনুরিতি। ধনূংষি শরাংশ্চ যঃ করোতি। জ্যেষ্ঠায়াং সোদরভগিন্যামনূঢ়ায়াং যা কনিষ্ঠা বিবাহেন দীয়তে সা অগ্রেদিধিষুস্তস্যাঃ পতিঃ। তথা চ লোকাক্তিঃ—"জ্যেষ্ঠায়াং যদ্যনূঢ়ায়াং কন্যায়ামুহ্যতেঽনুজা। সা চাগ্রেদিধিষুর্জ্ঞেয়া পূর্ব্বা তু দিধিষুঃ স্মৃতা ॥" গোবিন্দরাজস্তু ভ্রাতুর্মৃতস্য ভার্য্যায়ামিত্যনেনাগ্রেদিধিষুপতিরেব বৃত্তিবশাদগ্রেপদলোপেন দিধিষূপতিরিতি মনুনা বক্ষ্যতে, স ইহ গৃহ্যত ইত্যাহ। মিত্রধ্রুক্ যো মিত্রস্যাপকারে বর্ত্ততে। দ্যূতবৃত্তিঃ সভিকঃ। পুত্রেণাধ্যাপিতঃ পিতা মুখ্যেন পুত্রাচার্য্যত্বাসম্ভবাৎ ॥ ১৬০ ॥ ভ্রামরীতি অপস্মারী। গণ্ডমালাখ্যব্যাধ্যুপেতঃ। শ্বেতকুষ্ঠযুক্তঃ। দুর্জ্জনঃ। উন্মাদবান্। অচক্ষুঃ। বেদনিন্দাকরঃ ॥ ১৬১ ॥ হস্তীতি। হস্তিগবাশ্বোষ্ট্রাণাং বিনেতা। নক্ষত্রশব্দেন জ্যোতিঃশাস্ত্রমুপলক্ষ্যতে, তেন যো

অধ্যাপনা করেন সেই অধ্যাপক, যে শিষ্য তাদৃশ গুরুর নিকট হইতে বেদ অধ্যয়ন করেন, যিনি শূদ্রশিষ্য, যিনি শূদ্রকে অধ্যয়ন করান, যে সর্ব্বদা নিষ্ঠুরভাষী, যে কুণ্ড অর্থাৎ স্বামী বর্ত্তমানে জারজ সন্তান, যে গোলক অর্থাৎ স্বামীর মরণের পর জারজ সন্তান—ইহাদিগকে হব্য-কব্যে নিযুক্ত করিবে না ॥ ১৫৬ ॥ যে ব্রাহ্মণ পিতা-মাতা বা গুরুগণকে অকারণে পরিত্যাগ করিয়াছে, যে পতিত লোকের সহিত অধ্যয়ন ও কন্যাদানাদি সম্বন্ধ দ্বারা মিলিত হইয়াছে—তাহাদিগকেও হব্য-কব্য ভোজন করাইবে না ॥ ১৫৭ ॥ যে ব্রাহ্মণ গৃহদাহ করে, যে ব্রাহ্মণ লোকের প্রাণনাশের জন্য বিষ প্রদান করে, যে ব্রাহ্মণ কুণ্ড-গোলকের অন্ন গ্রহণ করে, যে সোমলতা বিক্রয় করে, যে সমুদ্রযাত্রা করে, যে স্তুতিবাদ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, তৈলের জন্য যে তিলাদি বীজ পেষণ করে এবং যে তুলামান বা লেখ্যাদিবিষয় সকল জাল করে—ইহাদিগকে হব্য-কব্যে নিমন্ত্রণ করিবে না ॥ ২৫৮ ॥ যে পিতার সহিত বিবাদ করে, যে আপনি দ্যূত-ক্রীড়া জানে না—কিন্তু অর্থ দিয়া পরের দ্বারা খেলায়, যে ব্রাহ্মণ মদ্যপায়ী, যে পাপরোগী, যে অপবাদযুক্ত, যে ব্রাহ্মণ ছদ্মবেশে অধর্ম্মকারী এবং যে ইক্ষু প্রভৃতির রস বিক্রয় করে, তাহারা হব্যকব্য-গ্রহণে উপযুক্ত নয় ॥ ১৫৯ ॥ যে ব্রাহ্মণ ধনুক ও শর নির্ম্মাণ করে, জ্যেষ্ঠা ভগিনীর বিবাহ না হইতে যে কনিষ্ঠা ভগিনীর বিবাহ হয়—তাহার পতি, যে মিত্রের অপকার করে, যে দ্যূত দ্বারা জীবিকা নির্ব্বাহ করে এবং যে পুত্রের নিকট বেদশাস্ত্রে শিক্ষিত—এই সকল ব্রাহ্মণকে হব্য-কব্যে নিমন্ত্রণ করিবে না ॥ ১৬০ ॥ যাহার অপস্মার রোগ আছে, যাহার গণ্ডমালা আছে, যাহার শ্বেত কুষ্ঠ আছে, যে ব্যক্তি দুর্জ্জন, উন্মত্ত, অন্ধ বা বেদনিন্দক—তাহাদিগকে হব্য-কব্যে নিমন্ত্রণ করিবে না ॥ ১৬১ ॥ যে ব্রাহ্মণ হস্তী, গো, অশ্ব ও উষ্ট্রের দমক অর্থাৎ উহা-

স্রোতসাং ভেদকো যশ্চ তেষাঞ্চাবরণে রতঃ।
গৃহসংবেশকো দূতো বৃক্ষারোপক এব চ ॥ ১৬৩
শ্বক্রীড়ী শ্যেনজীবী চ কন্যাদূষক এব চ।
হিংস্রো বৃষলবৃত্তিশ্চ গণানাঞ্চৈব যাজকঃ ॥ ১৬৪
আচারহীনঃ ক্লীবশ্চ নিত্যং যাচনকস্তথা।
কৃষিজীবী শ্লীপদী চ সদ্ভির্নিন্দিত এব চ ॥ ১৬৫
ঔরভ্রিকো মাহিষিকঃ পরপূর্ব্বাপতিস্তথা।
প্রেতনির্হারকশ্চৈব বর্জ্জনীয়াঃ প্রযত্নতঃ ॥ ১৬৬
এতান্ বিগর্হিতাচারানপাঙ্‌ক্তেয়ান্ দ্বিজাধমান্।
দ্বিজাতিপ্রবরো বিদ্বানুভয়ত্র বিবর্জ্জয়েৎ ॥ ১৬৭
ব্রাহ্মণস্ত্বনধীয়ানস্তৃণাগ্নিরিব শাম্যতি।
তস্মৈ হব্যং ন দাতব্যং নহি ভস্মনি হূয়তে ॥ ১৬
অপাঙ্‌ক্তদানে যো দাতুর্ভবত্যূর্দ্ধং ফলোদয়ঃ।
দৈবে হবিষি পিত্র্যে বা তং প্রবক্ষ্যাম্যশেষতঃ ॥১

বর্ত্ততে। পক্ষিণাং পঞ্জরসঞ্জাতানাং ক্রীড়াদ্যর্থং পোষিতা। যুদ্ধার্থমায়ুধবিদ্যোপদেশকঃ ॥ ১৬২ ॥ স্রোতসামিতি। প্রবহজ্জলানাং সেতুভেদাদিনা দেশান্তরনেতা। তেষামেবাবরণ কর্ত্তা, নিজগতিপ্রতিবন্ধকঃ। গৃহসন্নিবেশোপদেশকো বাস্তুবিদ্যোপজীবী। দূতো রাজগ্রামপ্রেষ্যব্যতিরিক্তোঽপি। বৃক্ষ রোপয়িতা বেতনগ্রহণেন ন তু ধর্ম্মার্থী। "পঞ্চাম্ররোপী নরকং ন যাতী"তি বিধানাৎ ॥ ১৬৩ ॥ শ্বক্রীড়ীতি। যঃ ক্রীড়ার্থং শুনঃ পোষয়তি। শ্যেনৈর্জীবতি ক্রয়বিক্রয়াদিনা। কন্যাভিগন্তা। হিংসারতঃ। শূদ্রোপক্লপ্তবৃত্তিঃ। বৃষলপুত্র ইতি পাঠান্তরম্। বৃষলা এব কেবলাঃ পুত্রা যস্যেত্যর্থঃ। বিনায়কাদিগণযাগকৃৎ ॥ ১৬৪ ॥ আচারেতি। গুর্ব্বতিথিপ্রত্যুত্থানাদ্যাচারবর্জ্জিতঃ। ক্লীবো ধর্ম্মকৃত্যাদৌ নিরুৎসাহঃ, নপুংসকস্যোক্তত্বাৎ। নিত্যং যাচনেন পরোদ্বেজকঃ। স্বয়ং কৃতয়া কৃষ্যা যো জীবতি, বৃত্ত্যন্তরেঽপি বা সম্ভবত্যস্বয়ংকৃতয়াপি। শ্লীপদী ব্যাধিনা স্থূলচরণঃ। কেনাপি নিমিত্তেন সাধূনাং নিন্দাবিষয়ঃ ॥ ১৬৫ ॥ ঔরভ্রিক ইতি। মেষ-মহিষ-জীবনঃ। পরপূর্ব্বা পুনর্ভুস্তস্যাঃ পতিঃ। প্রেতনির্হারকো ধনগ্রহণেন ন তু ধর্ম্মার্থম্। "এতদ্বৈ পরমং তপো যৎ প্রেতমরণ্যং হরন্তী"তি শ্রুত্যা বিহিতত্বাৎ ১৬৬ ॥ এতানিতি। এতান্ স্তেনাদীনিহ জন্মনি নিন্দিতাচারা কাণাদীংশ্চ পূর্ব্বজন্মার্জ্জিত-নিন্দিত-কর্ম্মশেষলব্ধ-কাণাদিভাবা সাধুভিঃ সহৈকত্র ভোজনাদ্যনর্হান্ ব্রাহ্মণাপসদান্ ব্রাহ্মণ শ্রেষ্ঠঃ শাস্ত্রজ্ঞো দৈবে পিত্র্যে চ ত্যজেৎ ॥ ১৬৭ ॥ ব্রাহ্মণ ইতি। তৃণাগ্নির্যথা ন হবির্দহনসমর্থো হবিষি প্রক্ষিপ্তে শাম্যতি নিষ্ফলস্তত্র হোমঃ এবং বেদাধ্যয়নশূন্যো ব্রাহ্মণস্তৃণাগ্নিসমস্তস্মৈ দেবোদ্দেশেন ত্যক্তং হবির্ন দাতব্যম্ যতো ভস্মনি ন হূয়তে শ্রোত্রিয়ায়ৈব দেয়ানী ত্যনেনৈবানধীয়ানস্যাপি প্রতিষেধসিদ্ধৌ স্তেনাদিবৎ পঙ্‌ক্তিদূষকত্বজ্ঞাপনার্থং পুনর্ব্বচনম্। অন্যে তু দৈবে অনধীয়ান এব বর্জ্জনীয়ঃ, অধীয়ানস্তু কাণাদিরপি শারীরদোষযুক্তো গ্রাহ্য ইত্যেতদর্থং পুনর্ব্বচনম্। অতএব বসিষ্ঠঃ—"অথ চেন্মন্ত্রবিদ্‌যুক্তঃ শারীরৈঃ পঙ্‌ক্তিদূষণৈঃ। অদূষ্যং তং যমঃ প্রাহ পঙ্‌ক্তিপাবন এব সঃ ॥" শারীরৈঃ কাণত্বাদিভির্ন তু স্বয়মুৎপাদৈঃ স্তেনত্বাদিভিঃ ॥ ১৬৮॥ অপাঙ্‌ক্ত-

দিগের দমন বা শিক্ষা দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, নক্ষত্রাদি গণনা করা যাহার উপজীবিকা, যে পক্ষিপোষণ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, যে ব্রাহ্মণ যুদ্ধের আচার্য্য—ইহাদিগকেও হব্য-কব্যে নিমন্ত্রণ করিবে না ॥ ১৬২ ॥ যে ব্রাহ্মণ সেতু-ভেদাদি দ্বারা প্রবহমান স্রোতের গতি পরিবর্ত্তন করে অথবা সেই স্রোতের অবরোধ করে, যে বাস্তুবিদ্যাজীবী অর্থাৎ জীবিকার জন্য বাটীনির্ম্মাণাদি করে, যে দৌত্যকর্ম্ম করে, যে বেতনভোগী হইয়া বৃক্ষ রোপণ করে—ইহাদিগকে হব্য-কব্যে নিমন্ত্রণ করিবে না ॥ ১৬৩ ॥ যে ব্রাহ্মণ ক্রীড়া দেখাইবার জন্য কুকুর পোষণ করে, যে শ্যেন-পক্ষীর ক্রয়-বিক্রয়াদি দ্বারা জীবিকানির্ব্বাহ করে, যে কন্যকা গমন করে, যে হিংসাবৃত্তি করে, যে শূদ্রসেবাদি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, যে নানা-জাতীয় লোকের যাজক—তাহাদিগকে হব্য-কব্যে নিমন্ত্রণ করিবে না ॥ ১৬৪ ॥ যে ব্রাহ্মণ আচারহীন, যে ধর্ম্মকার্য্যে নিরুৎসাহ, যে সর্ব্বদা যাচঞা দ্বারা অপরের বিরক্তি জন্মায়, যে স্বয়ং-কৃত কৃষি দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, ব্যাধির দ্বারা যাহার চরণ স্থূল হইয়াছে এবং যে সাধুদিগের নিন্দিত, তাহাদিগকে হব্য-কব্যে নিমন্ত্রণ করিবে না ॥ ১৬৫ ॥ যে ব্রাহ্মণ মেষ ও মহিষ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে, যে পরপূর্ব্বাপতি অর্থাৎ একবার বিবাহ হইয়াছে এমন স্ত্রীর স্বামী, যে ধন গ্রহণ করিয়া শবের নির্হার কার্য্য অর্থাৎ বহনাদি করে, এই সকল লোককে যত্নপূর্ব্বক হব্য-কব্য হইতে পরিবর্জ্জন করিবে ॥ ১৬৬ ॥ এই সকল নিন্দিতাচারী পঙ্‌ক্তিপ্রবেশের অযোগ্য দ্বিজাধম-দিগকে দ্বিজপ্রবর বিদ্বান্ ব্রাহ্মণগণ, দৈব ও পৈত্র্য উভয় কর্ম্মেই পরিত্যাগ করিবেন ॥ ১৬৭ ॥ তৃণের অগ্নি যেমন শীঘ্র উপশম হইয়া যায়, বেদাধ্যয়নশূন্য ব্রাহ্মণও তদ্রূপ হীনতেজা হয়, তাদৃশ ব্রাহ্মণকে হব্যাদি দান করা উচিত নয়; ভস্মে কেহই ঘৃতাহুতি প্রদান করে না ॥ ১৬৮ ॥ দৈব ও পিতৃকর্ম্মে অপাঙ্‌ক্তেয় ব্রাহ্মণকে হব্য-

অব্রতৈর্যদ্দ্বিজৈর্ভুক্তং পরিবেত্রাদিভিস্তথা।
অপাঙ্‌ক্তেয়ৈর্যদন্যৈশ্চ তদ্বৈ রক্ষাংসি ভুঞ্জতে ॥ ১৭০
দারাগ্নিহোত্রসংযোগং কুরুতে যোঽগ্রজে স্থিতে।
পরিবেত্তা স বিজ্ঞেয়ঃ পরিবিত্তিস্তু পূর্ব্বজঃ ॥ ১৭১
পরিবিত্তিঃ পরিবেত্তা যয়া চ পরিবিদ্যতে।
সর্ব্বে তে নরকং যান্তি দাতৃ-যাজকপঞ্চমাঃ ॥ ১৭২
ভ্রাতুর্মৃতস্য ভার্য্যায়াং যোঽনুরজ্যেত কামতঃ।
ধর্ম্মেণাপি নিযুক্তায়াং স জ্ঞেয়ো দিধিষূপতিঃ ॥ ১৭৩
পরদারেষু জায়েতে দ্বৌ সুতৌ কুণ্ডগোলকৌ।

দান ইতি। পঙ্‌ক্তিভোজনানর্হব্রাহ্মণায় দৈবে হবিষি পিত্র্যে বা দত্তে দাতুর্যো দানাদূর্দ্ধং ফলোদয়স্তমশেষমভিধাস্যামি ॥ ১৬৯ ॥ অব্রতৈরিতি। বেদগ্রহণার্থব্রতরহিতৈস্তথা পরিবেত্রাদিভিরন্যৈশ্চ অপাঙ্‌ক্তেয়ৈঃ স্তেনাদিভির্যৎ হব্যং কব্যং ভুক্তং তৎ রক্ষাংসি ভুঞ্জতে। নিষ্ফলং তচ্ছ্রাদ্ধং ভবতীত্যর্থঃ ॥ ১৭০ ॥ অপ্রসিদ্ধত্বাৎ পরিবেত্রাদিলক্ষণমাহ দারেতি। অগ্নিহোত্রশব্দোঽয়মগ্নিহোত্রাদ্যাধানপরঃ। যঃ সহোদরে জ্যেষ্ঠে ভ্রাতরি অনূঢ়ে অনগ্নিকে চ দারপরিগ্রহং শ্রৌতস্মার্ত্তাগ্নিগ্রহণঞ্চ কুরুতে স পরিবেত্তা, জ্যেষ্ঠশ্চ পরিবিত্তির্ভবতি ॥ ১৭১ ॥ প্রসঙ্গাৎ পরিবেদনসম্বন্ধিনাং পঞ্চানামপ্যনিষ্টং ফলমাহ পরীতি। পরিবিত্তিঃ পরিবেত্তা চ যয়া চ কন্যয়া পরিবেদনং ক্রিয়তে কন্যাপ্রদাতা যাজকশ্চ তদ্বিবাহহোমকর্ত্তা স পঞ্চমো যেষাং তে সর্ব্বে নরকং ব্রজন্তি ॥ ১৭২ ॥ ভ্রাতুরিতি। মৃতস্য ভ্রাতুর্বক্ষ্যমাণনিয়োগধর্ম্মেণাপি নিযুক্তায়াং ভার্য্যায়াং "সকৃৎ সকৃদৃতাবৃতাবি"ত্যাদিবিধিং হিত্বা কামেনানুরাগং ভাবয়েদাশ্লেষচুম্বনাদি কুর্য্যাৎ অসকৃদ্বা প্রবর্ত্তেত স দিধিষূপতির্জ্ঞাতব্যঃ। অতঃশ্রাদ্ধনিষিদ্ধপাত্রমধ্যপাঠাদস্যাপি হব্যকব্যপাত্রতয়া নিষেধঃ

কব্য প্রদান করিলে, দাতার পরলোকে যে ফলোদয় হয়, তাহা আমি সবিশেষে বলিতেছি শ্রবণ কর ॥ ১৬৯ ॥ শাস্ত্রাচার-বর্জ্জিত পঙ্‌ক্তিদূষণ পরিবেত্তা প্রভৃতি এবং অপরাপর চৌরাদি দ্বিজগণ কর্ত্তৃক যে হব্য-কব্য ভুক্ত হয়, তাহা রাক্ষসেরা ভোজন করে ॥ ১৭০ ॥ জ্যেষ্ঠভ্রাতা অনগ্নিক বা অবিবাহিত থাকিতে যে কনিষ্ঠ অগ্রে বিবাহ বা অগ্নি স্বীকার করে, সেই কনিষ্ঠ ভ্রাতাকে পরিবেত্তা ও সেই জ্যেষ্ঠ ভ্রাতাকে পরিবিত্তি বলে ॥ ১৭১ ॥ পরিবিত্তি, পরিবেত্তা, পরিবেদনীয়া কন্যা, কন্যাসম্প্রদানকর্ত্তা ও ঐ বিবাহের পুরোহিত এই পাঁচজন সকলেই নরক প্রাপ্ত হয় ॥ ১৭২ ॥ পুত্রোৎপাদনার্থ ধর্ম্মত নিযুক্ত মৃতভ্রাতৃ-পত্নীতে যে ব্যক্তি নিয়োগধর্ম্ম অতিক্রম করিয়া কামবশত আসক্ত হয়, তাহাকে দিধিষূপতি বলে (স্মৃত্যন্তরে পরপূর্ব্বারপতিকে

পত্যৌ জীবতি কুণ্ডঃ স্যান্মৃতে ভর্ত্তরি গোলকঃ ॥ ১৭৪
তৌ তু জাতৌ পরক্ষেত্রেপ্রাণিনৌ প্রেত্য চেহ চ।
দত্তানি হব্যকব্যানি নাশয়েতে প্রদায়িনাম্ ॥ ১৭৫
অপাঙ্‌ক্ত্যো যাবতঃ পাঙ্‌ক্ত্যান্ ভুঞ্জানাননুপশ্যতি
তাবতাং ন ফলং তত্র দাতা প্রাপ্নোতি বালিশঃ ॥ ১৭৬
বীক্ষ্যান্ধো নবতেঃ কাণঃ ষষ্টেঃ শ্বিত্রী শতস্য তু।
পাপরোগী সহস্রস্য দাতুর্নাশয়তে ফলম্ ॥ ১৭৭

কল্পনীয়ঃ ॥ ১৭৩ ॥ পরেতি। পরদারেষু কুণ্ডগোলকাখ্যৌ দ্বৌ সুতাবুৎপদ্যেতে। তত্র জীবৎপতিকায়ামুৎপন্নঃ কুণ্ডো মৃতপতিকায়াঞ্চ গোলকঃ ॥ ১৭৪ ॥ তাবিতি। তৌ পরভার্য্যায়াং জাতৌ কুণ্ডগোলকাবদৃষ্টাদ্যনুপযোগাৎ প্রাণিনাবিতি ব্যপদিষ্টৌ। ব্রাহ্মণত্বেঽপি তৎকার্য্যাভাবাৎ শ্রাদ্ধফলাভাবাৎ পরলোকে ইহলোকে চানুষঙ্গিককীর্ত্ত্যাদিফলাভাবাদ্দত্তানি হব্যকব্যানি দাতৄণাং নাশয়েতে নাশয়তঃ প্রদায়িভির্দত্তানি নিষ্ফলানি কুরুতঃ ॥ ১৭৫ ॥ অপাঙ্‌ক্ত্য ইতি। সদ্ভিঃ সহৈকপঙ্‌ক্তিভোজনানর্হঃ স্তেনাদির্যৎসংখ্যান্ পঙ্‌ক্তিভোজনার্হান্ পশ্যতি তাবৎসংখ্যানাং ভোজনস্য ফলং তত্র শ্রাদ্ধে দাতা ন প্রাপ্নোতি। বালিশোঽজ্ঞঃ। অতঃ স্তেনাদির্যথা ন পশ্যতি তথা কর্ত্তব্যম্ ॥ ১৭৬ ॥ বীক্ষ্যেতি। অন্ধস্য বীক্ষণাসম্ভবাৎ বীক্ষণযোগ্যদেশসন্নিহিতোঽসৌ পাঙ্‌ক্ত্যানাং নবতের্ভোজনফলং নাশয়তি। এবং কাণঃ ষষ্টেঃ। শ্বেতকুষ্ঠী শতস্য। পাপরোগী রোগরাজোপহতঃ সহস্রস্য। ইত্যন্ধাদিসন্নিধিনিরাসার্থং বচনং, গুরুলঘুসংখ্যাভিধানঞ্চেহ সংখ্যোপচয়ে দোষ-

দিধিষূপতি বলিয়াছেন) ॥ ১৭৩ ॥ পরদার-গমনে যে দুই প্রকার সন্তান হয়, তাহাদিগকে কুণ্ড ও গোলক বলে। তন্মধ্যে পতি জীবিত থাকিতে তাহার স্ত্রীতে অপরকর্ত্তৃক যে সন্তান উৎপাদিত হয়, তাহাকে কুণ্ড ও পতি মৃত হইলে তাহার স্ত্রীতে যে সন্তান উৎপন্ন হয়, তাহাকে গোলক বলে ॥ ১৭৪ ॥ পরক্ষেত্রে উৎপন্ন কুণ্ড ও গোলক এই দুইটী প্রাণীকে যে হব্য-কব্য প্রদান করা যায়, তাহাতে দাতার কি ইহলোকে, কি পরলোকে, কুত্রাপি কোন ফল জন্মে না ॥ ১৭৫ ॥ অপাঙ্‌ক্তেয় লোকেরা, পঙ্‌ক্তিভোজনে যতগুলি ব্রাহ্মণকে ভোজন করিতে দেখে, অজ্ঞ দাতা ততগুলি ব্রাহ্মণ-ভোজনের ফল পান না ॥ ১৭৬ ॥ অন্ধ ব্যক্তি যদি পঙ্‌ক্তিভোজন দর্শনের উপযুক্ত স্থানে উপবেশন করে, তাহা হইলে কর্ম্মকর্ত্তার নবতি-সংখ্যক ব্রাহ্মণভোজনের ফল নষ্ট হয়; কাণা যদি এইরূপ করে, তবে ষষ্টি ব্রাহ্মণ-ভোজনের ফল, শ্বিত্ররোগী শত-ব্রাহ্মণভোজনের ফল ও পাপরোগী এইরূপ উপবেশন করিলে, সহস্র

যাবতঃ সংস্পৃশেদঙ্গৈর্ব্রাহ্মণান্ শূদ্রযাজকঃ।
তাবতাং ন ভবেদ্দাতুঃ ফলং দানস্য পৌর্ত্তিকম্ ॥
বেদবিচ্চাপি বিপ্রোঽস্য লোভাৎ কৃত্বা প্রতিগ্রহম্।
বিনাশং ব্রজতি ক্ষিপ্রমামপাত্রমিবাম্ভসি ॥ ১৭৯
সোমবিক্রয়িণে বিষ্ঠা ভিষজে পূয়শোণিতম্।
নষ্টং দেবলকে দত্তমপ্রতিষ্ঠন্তু বার্দ্ধুষৌ ॥ ১৮০
যত্তু বাণিজকে দত্তং নেহ নামুত্র তদ্ভবেৎ।
ভস্মনীব হুতং হব্যং তথা পৌনর্ভবে দ্বিজে ॥ ১৮১

ইতরেষু ত্বপাঙ্‌ক্ত্যেষু যথোদ্দিষ্টেষ্বসাধুষু।
মেদোঽসৃঙ্মাংসমজ্জাস্থি বদন্ত্যন্নং মনীষিণঃ ॥ ১৮২
অপাঙ্‌ক্ত্যোপহতা পঙ্‌ক্তিঃপাব্যতে যৈর্দ্বিজোত্তমৈঃ।
তান্নিবোধতকার্ৎস্ন্যেন দ্বিজাগ্র্যান্‌পঙ্‌ক্তিপাবনান্ ॥
অগ্র্যাঃ সর্ব্বেষু বেদেষু সর্ব্বপ্রবচনেষু চ।
শ্রোত্রিয়ান্বয়জাশ্চৈব বিজ্ঞেয়াঃ পঙ্‌ক্তিপাবনাঃ ॥
ত্রিণাচিকেতঃ পঞ্চাগ্নিস্ত্রিসুপর্ণঃ ষড়ঙ্গবিৎ।

গৌরবং তত্রচ প্রায়শ্চিত্তগৌরবমিতি দর্শয়িতুম্ ॥ ১৭৭ ॥ যাবত ইতি। শূদ্রস্য যজ্ঞাদৌ ঋত্বিক্ যাবৎসংখ্যান্ ব্রাহ্মণান্ স্পৃশতি আসনেষুপক্লৃপ্তেষিতি আসনভেদস্য বক্ষ্যমাণত্বাৎ মুখ্যাস্পর্শাসম্ভবে যাবতাং শ্রাদ্ধভোজিনাং পঙ্‌ক্তাবুপবিশতি তাবতাং সম্বন্ধি পৌর্ত্তিকং ফলং শ্রাদ্ধীয়ং দাতুর্ন ভবতি। তাবতাং পৌর্ত্তিকং ফলং বহির্বেদিদানাচ্চ যৎ ফলং তন্ন ভবতি ইতি মেধাতিথিগোবিন্দরাজৌ। অতস্তস্যৈব নিন্দয়া নিষিদ্ধগণাপঠিতস্যাপি শূদ্রযাজকস্য ভোজননিষেধঃ কল্প্যতে ॥ ১৭৮ ॥ প্রসঙ্গাচ্চ শূদ্রযাজকপ্রতিগ্রহং নিষেধতি লাঘবার্থমত্র নিষেধকরণে শূদ্রযাজকশব্দোচ্চারণং কর্ত্তব্যং স্যাৎ। বেদেতি। বেদজ্ঞোঽপি ব্রাহ্মণঃ শূদ্রযাজকস্য লোভাৎ প্রতিগ্রহং কৃত্বা শীঘ্রং শরীরাদিনা বিনাশং গচ্ছতি, সুতরামবেদবিৎ অপক্ব মৃন্ময়শরাবাদিকমিবোদকে ॥ ১৭৯ ॥ সোমবিক্রয়িন ইতি। সোমবিক্রয়িণে যদ্দত্তং তদ্দাতুর্ভোজনার্থং বিষ্ঠা সম্পদ্যতে; জন্মান্তরে বিষ্ঠাভোজিনাং জাতৌ জায়ত ইত্যর্থঃ। এবং পূয়শোণিতমপি ব্যাখ্যেয়ম্। নষ্টং নাশভাগিতয়া নিষ্ফলং বিবক্ষিতম্। অপ্রতিষ্ঠমনাশ্রয়তয়া নিষ্ফলমেব ॥ ১৮০ ॥ যত্ত্বিতি। বাণিজকায় যদ্দত্তং শ্রাদ্ধে তন্নেহানুষঙ্গিককীর্ত্ত্যাদিফলায় নাপি পারলৌকিকফলায় ভবতি, পুনর্ভূপুত্রায় যদ্দত্তং তদ্ভস্মহুতহবিঃসমং নিষ্ফলমিত্যর্থঃ ॥ ১৮১ ॥ ইতরেষ্বিতি। ইতরেভ্যো বিশেষেণানুক্তফলেভ্যঃ পঙ্‌ক্তিভোজনানর্হেভ্যঃ স্তেনাদিভ্যো যথাকীর্ত্তিতেভ্যো যদ্দত্তমন্নং তদ্দাতুর্ভোজনার্থং মেদোরুধিরমাংসমজ্জাস্থি ভবতীতি পণ্ডিতা বদন্তি। অত্রাপি জন্মান্তরে মেদঃশোণিতাদিভুজাং জাতিষু জায়ন্ত ইত্যর্থঃ ॥ ১৮২ ॥ অপাঙ্‌ক্ত্যেতি। একপঙ্‌ক্ত্যুপবিষ্টস্তেনাদিদূষিতা পঙ্‌ক্তির্যৈর্ব্রাহ্মণৈঃ পবিত্রীক্রিয়তে তান্ পবিত্রীকারকান্ ব্রাহ্মণানশেষেণ যূয়ং শৃণুত। নিষেধাদেকপঙ্‌ক্তিভোজনাসম্ভবেঽপি স্তেনাদীনাং রহস্যকৃতাজ্ঞাতদোষবিষয়ত্বেন সাধকতাস্য বচনস্য ॥ ১৮৩ ॥ অগ্র্যা ইতি। সর্ব্বেষু বেদেষু চতুর্ষ্বপি অগ্র্যাঃ শ্রেষ্ঠাঃ সম্যগ্‌গৃহীতবেদাঃ ব্রাহ্মণাঃ পঙ্‌ক্তিপাবনাঃ। অতএব যমঃ পঙ্‌ক্তিপাবনগণনায়াং "চতুর্ব্বেদবিদে চৈবে"তি পঠিতবান্। তথা প্রকর্ষেণৈবোচ্যতে বেদার্থ এভিরিতি প্রবচনাঙ্গান্যঙ্গানি, তেষ্বপ্যগ্র্যাঃ ষড়ঙ্গবিদস্তে চ চতুর্ব্বেদিনোঽপি পঙ্‌ক্তিপাবনাঃ। "ন্যায়বিচ্চ ষড়ঙ্গবিদি"তি পঙ্‌ক্তিপাবনমধ্যে যমেন পৃথক্ পঠিতত্বাৎ। তথা "ছন্দসা শুদ্ধদশপুরুষ" ইত্যুশনোবচনাদ্দশপুরুষপর্য্যন্তমবিচ্ছিন্নবেদসম্প্রদায়বংশজাঃ পঙ্‌ক্তিপাবনাঃ ॥ ১৮৪ ॥ ত্রিণেতি। ত্রিণাচিকেতঃ অধ্বর্য্যুবেদভাগঃ

ব্রাহ্মণ-ভোজনের ফল নষ্ট করে ॥ ১৭৭ ॥ শূদ্রযাজী ব্রাহ্মণ যে যে পঙ্‌ক্তিতে উপবেশন করে, সেই সেই পঙ্‌ক্তিগত শ্রাদ্ধীয় ব্রাহ্মণ-ভোজনের ফল হইতে দাতা বঞ্চিত থাকেন ॥ ১৭৮ ॥ ব্রাহ্মণ বেদবিৎ হইলেও যদি লোভবশতঃ শূদ্রযাজীর নিকট প্রতিগ্রহ করেন; অপক্ব শরাবাদিপাত্রে জল প্রবেশ করিলে তাহা যেমন শীঘ্র নষ্ট হইয়া যায়, তদ্রূপ তিনিও শীঘ্র নষ্ট হইয়া থাকেন ॥ ১৭৯ ॥ সোমলতা-বিক্রেতাকে যাহা দান করা যায়, তাহা বিষ্ঠাবৎ অর্থাৎ দেবপিতৃ-লোকের ত্যাজ্য; চিকিৎসা-ব্যবসায়ী ব্রাহ্মণকে যাহা দেওয়া যায়, তাহা পূয় ও শোণিতবৎ ত্যাজ্য; দেবল ব্রাহ্মণকে যাহা দান করা যায়, তাহা নিষ্ফল এবং বৃদ্ধিজীবীকে যাহা দেওয়া যায়, তাহা দেবাদিসমীপে স্থানলাভই করিতে পারে না ॥ ১৮০ ॥ বণিকৃবৃত্তিজীবী বা পৌনর্ভব দ্বিজকে যে হব্য-কব্য দান করা যায়, ইহলোকে বা পরলোকে তাহার কোন ফল হয় না। উহা ভস্মাহুতির ন্যায় নিষ্ফল হইয়া যায় ॥ ১৮১ ॥ পূর্ব্ব পূর্ব্ব কথিত অসাধু ও অপরাপর অপাঙ্‌ক্তেয় ব্রাহ্মণকে যে হব্য-কব্য প্রদান করা যায়, পণ্ডিতেরা বলেন যে, তাহা মেদ, মাংস, রক্ত, মজ্জা ও অস্থিস্বরূপ ॥ ১৮২ ॥ আবার যে দ্বিজোত্তমগণকর্ত্তৃক অপাঙ্‌ক্তেয় তস্করাদি দ্বারা দূষিত পঙ্‌ক্তিও পবিত্র হয়, সেই পঙ্‌ক্তিপাবন দ্বিজশ্রেষ্ঠগণের কথা সমগ্রভাবে কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর ॥ ১৮৩ ॥ সমুদায় বেদে যাঁহারা অগ্রগণ্য, সমুদয় বেদাঙ্গেও যাঁহারা সমধিক ব্যুৎপন্ন এবং দশপুরুষ পর্য্যন্ত যাঁহাদের বংশে বেদাধ্যয়নের বিশ্রাম নাই, সেই ব্রাহ্মণগণকেই পঙ্‌ক্তিপাবন বলিয়া জানিবে ॥ ১৮৪ ॥ যজুর্ব্বেদের প্রখ্যাত ভাগ ত্রিণাচিকেত যিনি ব্রতসহকারে অবলম্বন করিয়াছেন, যিনি পঞ্চাগ্নি-

ব্রাহ্মদেয়াত্মসন্তানো জ্যেষ্ঠসামগ এব চ ॥ ১৮৫
বেদার্থবিৎ প্রবক্তা চ ব্রহ্মচারী সহস্রদঃ।
শতায়ুশ্চৈব বিজ্ঞেয়া ব্রাহ্মণাঃ পঙ্‌ক্তিপাবনাঃ ॥ ১৮৬
পূর্ব্বেদ্যুরপরেদ্যুর্বা শ্রাদ্ধকর্ম্মণ্যুপস্থিতে।
নিমন্ত্রয়েত ত্র্যবরান্ সম্যগ্বিপ্রান্ যথোদিতান্ ॥ ১৮৭
নিমন্ত্রিতো দ্বিজঃ পিত্র্যে নিয়তাত্মা ভবেৎ সদা।
ন চ চ্ছন্দাংস্যধীয়ীত যস্য শ্রাদ্ধঞ্চ তদ্ভবেৎ ॥ ১৮৮
নিমন্ত্রিতান্ হি পিতর উপতিষ্ঠন্তি তান্ দ্বিজান্।
বায়ুবচ্চানুগচ্ছন্তি তথাসীনানুপাসতে ॥ ১৮৯
কেতিতস্তু যথান্যায়ং হব্যকব্যে দ্বিজোত্তমঃ।
কথঞ্চিদপ্যতিক্রামন্ পাপঃ শূকরতাং ব্রজেৎ ॥ ১৯০
আমন্ত্রিতস্তু যঃ শ্রাদ্ধে বৃষল্যা সহ মোদতে।
দাতুর্যদ্দুষ্কৃতং কিঞ্চিৎ তৎসর্ব্বং প্রতিপদ্যতে ॥ ১৯১
অক্রোধনাঃ শৌচপরাঃ সততং ব্রহ্মচারিণঃ।

তদ্‌ব্রতঞ্চ, তদ্‌যোগাৎ পুরুষোঽপি ত্রিণাচিকেতঃ। পঞ্চাগ্নি-রগ্নিহোত্রী। তথা চ হারীতঃ—"পবনঃ পাবনস্ত্রেতা যস্য পঞ্চাগ্নয়ো গৃহে। সায়ংপ্রাতঃ প্রদীপ্যন্তে স বিপ্রঃ পঙ্‌ক্তিপাবনঃ ॥" পবন আবসথ্যাগ্নিঃ। পাবনঃ সভ্যোঽগ্নিঃ যঃ শীতাপনোদনাদার্থং বহুষু দেশেষ্বপি বিধীয়তে। ত্রিসুপর্ণো বহ্বৃচাং বেদভাগঃ তদ্‌ব্রতঞ্চ, তদ্‌যোগাৎ পুরুষোঽপি ত্রিসুপর্ণঃ। ষড়ঙ্গানি শিক্ষাদীনি যো ব্যাচষ্টে স ষড়ঙ্গবিৎ সর্ব্বপ্রবচনেম্বিত্যনেন ষড়ঙ্গাধ্যেতা উক্তঃ। ব্রাহ্মদেয়া ব্রাহ্মবিবাহোঢ়া তস্যা আত্মসন্তানঃ পুত্রঃ। জ্যেষ্ঠসামানি আরণ্যকে গীয়ন্তে তেষাং গাতা, এতে ষট্ বিজ্ঞেয়াঃ পঙ্‌ক্তিপাবনা ইত্যুত্তরশ্লোকেন সম্বন্ধঃ ॥ ১৮৫ ॥ বেদেতি। অনধীত্যাপি বেদাঙ্গানি গুরূপদেশাধিগতবেদার্থঃ। প্রবক্তা-বেদার্থস্যৈব। ব্রহ্মচারী প্রথমাশ্রমী। সহস্রদ ইতি দেয়বিশেষানুপাদানেঽপি "গাবো হ বৈ যজ্ঞস্য মাতর" ইত্যাদিবিশেষপ্রবৃত্তশ্রুতিদর্শনাৎ গোসহস্রদাতা বহুপ্রদো বা। শতায়ুঃ শতবর্ষবয়াঃ। "শ্রোত্রিয়ায়ৈব দেয়ানী"তি নিয়মাৎ সতি শ্রোত্রিয়ত্বে উক্তগুণযোগাৎ পঙ্‌ক্তিপাবনত্বম্ ॥ ১৮৬ ॥ পূর্ব্বেদ্যুরিতি। শ্রাদ্ধকর্ম্মণি প্রাপ্তে শ্রাদ্ধাহাৎ পূর্ব্বদিনে তদসম্ভবে শ্রাদ্ধদিন এবোক্তলক্ষণান্ ব্রাহ্মণান্ সম্যগিতি সৎকৃত্য নিমন্ত্রয়েৎ ত্রয়োঽবরা ন্যূনা যেষাং তে ত্র্যবরাঃ ন তু তানেব, একৈকভোজনস্যাপ্যুক্তত্বাৎ ॥ ১৮৭ ॥ নিমন্ত্রিত ইতি। শ্রাদ্ধে নিমন্ত্রিতো ব্রাহ্মণো নিমন্ত্রণাদারভ্য শ্রাদ্ধাহোরাত্রং যাবৎ মৈথুননিবৃত্তিসংযমনিয়মবান্ স্যাৎ। অবশ্যকর্ত্তব্যজপাদিবর্জ্জং বেদাধ্যয়নঞ্চ ন কুর্য্যাৎ। শ্রাদ্ধকর্ত্তাপি তথৈব স্যাৎ ॥ ১৮৮ ॥ নিমন্ত্রিতানিতি। পূর্ব্বনিয়মবিধেরয়মনুবাদঃ। যস্মাৎ তান্ ব্রাহ্মণান্ নিমন্ত্রিতান্ অদৃশ্যরূপেণ পিতরোঽধিতিষ্ঠন্তি প্রাণবায়ুবৎ গচ্ছতোঽনুগচ্ছন্তি তথোপবিষ্টেষু তেষু সমীপ উপবিশন্তি তস্মান্নিয়তা ভবেয়ুঃ ॥ ১৮৯ ॥ কেতিত ইতি। হব্যকব্যে যথাশাস্ত্রং নিমন্ত্রিতো ব্রাহ্মণঃ স্বীকৃতঃ কেনাপি প্রকারেণ ভোজনমকুর্ব্বাণঃ তেন পাপেন জন্মান্তরে শূকরো ভবতি ॥ ১৯০ ॥ নিয়তাত্মা ভবেৎ সদেত্যনেন মৈথুননিষেধে কৃতেঽপি বৃষলীগমনস্যাধিকদোষজ্ঞাপনায়াহ আমন্ত্রিতস্ত্বিতি। বৃষলী শূদ্রা। তত্র মূঢ়ত্বাৎ শ্রাদ্ধে নিমন্ত্রিতঃ সন্ যো বৃষল্যা সার্দ্ধং স্ত্রীপুংসধর্ম্মেণ সুরতাদিনা রমতে স দাতুর্যৎ পাপং তৎ প্রাপ্নোতি। পাপোৎপত্তিমাত্রং বিবক্ষিতম্ অন্যথা দাতরি অপাপে পাপং ন জায়তে। নচেদং দাতুঃ প্রায়শ্চিত্ততয়া বিহিতং যেনাসৌ পাপান্মুচ্যতে। মেধাতিথিগোবিন্দরাজৌ তু সামান্যেন ব্রহ্মচর্য্যস্য বিধানাৎ বৃষস্যন্তী চপলয়তি ভর্ত্তারমিতি যোগাশ্রয়ণেন শ্রাদ্ধভোক্তূঢ়া ব্রাহ্মণ্যপি বৃষল্যভিমতাত্রেত্যাহতুঃ ॥ ১৯১ ॥

বিশিষ্ট, প্রত্যাত ত্রিসুপর্ণ যিনি ব্রতসহকারে গ্রহণ করিয়াছেন, ছয়টী বেদাঙ্গে যাঁহার বিশেষ ব্যুৎপত্তি, যিনি ব্রাহ্মবিবাহে বিবাহিত-স্ত্রীর গর্ভজাত এবং যিনি জ্যেষ্ঠ-সাম অর্থাৎ সামবেদের আরণ্যক গান করিয়া থাকেন, এই ছয়জন সকলেই পঙ্‌ক্তিপাবন ব্রাহ্মণ ॥ ১৮৫ ॥ বেদার্থের বেত্তা, বেদার্থের প্রবক্তা, ব্রহ্মচারী, বহুদানশীল, শতবর্ষায়ুষ্ক ব্রাহ্মণ—ইঁহারা সকলেই পঙ্‌ক্তিপাবন বলিয়া জানিবে ॥ ১৮৬ ॥ শ্রাদ্ধকর্ম্ম উপস্থিত হইলে তাহার পূর্ব্বদিনে অথবা শ্রাদ্ধদিনে ন্যূনসংখ্যায় অন্ততঃ তিনটী পূর্ব্বকথিত ব্রাহ্মণকে যথোচিত সম্মান-সহকারে নিমন্ত্রণ করিবে ॥ ১৮৭ ॥ ব্রাহ্মণ,—শ্রাদ্ধে নিমন্ত্রিত হইলে নিমন্ত্রণের দিন হইতে শ্রাদ্ধাহোরাত্র যাবৎ স্ত্রী-নিবৃত্ত ও যথানিয়ম অনুষ্ঠানবান্ হইবেন এবং অবশ্য কর্ত্তব্য সন্ধ্যোপাসনা জপাদি ব্যতীত অপর বেদ অধ্যয়ন করিবেন না। যিনি শ্রাদ্ধকর্ত্তা, তাঁহাকেও এইরূপ নিয়ম অবলম্বন করিতে হইবে ॥ ১৮৮ ॥ সেই নিমন্ত্রিত ব্রাহ্মণ-শরীরে পিতৃগণ অদৃশ্যরূপে অনুপ্রবেশ করেন; তাঁহারা যথায় গমন করেন, পিতৃগণ বায়ুবৎ তাঁহাদের অনুগমন করেন, এবং তাঁহারা আসীন হইলে পিতৃগণও উপবিষ্ট হন ॥ ১৮৯ ॥ দৈব ও পিতৃকার্য্যে যথাশাস্ত্র নিমন্ত্রিত হইয়া ব্রাহ্মণ যদি কোনক্রমে তাহার অতিক্রম করেন অর্থাৎ শ্রাদ্ধভোজন না করেন অথবা ব্রহ্মচর্য্যাদি-নিয়মবান্ না হন, তাহা হইলে সেই পাপে তাঁহার শূকর-যোনিপ্রাপ্তি হয় ॥ ১৯০ ॥ যে ব্রাহ্মণ শ্রাদ্ধে আমন্ত্রিত হইয়া মোহবশত বৃষলী-স্ত্রী-সম্ভোগাদি করেন, শ্রাদ্ধকর্ত্তার যে কিছু পাপ আছে, সে সমুদায় তাঁহাতে সংক্রা-

ন্যস্তশস্ত্রা মহাভাগাঃ পিতরঃ পূর্ব্বদেবতাঃ ॥ ১৯২
যস্মাদুৎপত্তিরেতেষাং সর্ব্বেষামপ্যশেষতঃ।
যে চ যৈরুপচর্য্যাঃ স্যুর্নিয়মৈস্তান্ নিবোধত ॥ ১৯৩
মনোর্হৈরণ্যগর্ভস্য যে মরীচ্যাদয়ঃ সুতাঃ।
তেষামৃষীণাং সর্ব্বেষাং পুত্রাঃ পিতৃগণাঃ স্মৃতাঃ ॥ ১৯৪
বিরাট্‌সুতাঃ সোমসদঃ সাধ্যানাং পিতরঃ স্মৃতাঃ।
অগ্নিষাত্তাশ্চ দেবানাং মারীচা লোকবিশ্রুতাঃ ॥ ১৯৫
দৈত্য-দানব-যক্ষাণাং গন্ধর্ব্বোরগ-রক্ষসাম্।
সুপর্ণ-কিন্নরাণাঞ্চ স্মৃতা বর্হিষদোঽত্রিজাঃ ॥ ১৯৬
সোমপা নাম বিপ্রাণাং ক্ষত্রিয়াণাং হবির্ভুজঃ।
বৈশ্যানামাজ্যপা নাম শূদ্রাণান্তু সুকালিনঃ ॥ ১৯৭
সোমপাস্তু কবেঃ পুত্রা হবিষ্মন্তোঽঙ্গিরঃসুতাঃ।
পুলস্ত্যস্যাজ্যপাঃ পুত্রা বসিষ্ঠস্য সুকালিনঃ ॥ ১৯৮
অগ্নিদগ্ধানগ্নিদগ্ধান্ কাব্যান্ বর্হিষদস্তথা।
অগ্নিষাত্তাংশ্চসৌম্যাংশ্চবিপ্রাণামেবনির্দ্দিশেৎ ॥ ১৯৯
য এতে তু গণা মুখ্যাঃ পিতৃণাং পরিকীর্ত্তিতাঃ।
তেষামপীহ বিজ্ঞেয়ং পুত্রপৌত্রমনন্তকম্ ॥ ২০০
ঋষিভ্যঃ পিতরো জাতাঃ পিতৃভ্যো দেবদানবাঃ।
দেবেভ্যস্তু জগৎ সর্ব্বং চরং স্থাণ্বনুপূর্ব্বশঃ ॥ ২০১

অক্রোধনা ইতি। ক্রোধরহিতাঃ। বহিঃশৌচং মৃদ্বারিভ্যাম্, অন্তঃশৌচং রাগদ্বেষাদিত্যাগস্তদ্‌যুক্তাঃ। সর্ব্বদা স্ত্রীসংযোগাদিশূন্যাঃ। ত্যক্তযুদ্ধাঃ। দয়াদ্যষ্টগুণযোগো মহাভাগতা তদ্বন্তঃ, অনাদিদেবতারূপাঃ পিতরস্তস্মাৎ ক্রোধাদিরহিতেন ভোক্ত্রা কর্ত্রা চ ভবিতব্যম্ ॥ ১৯২ ॥ যস্মাদিতি। এতেষাং সর্ব্বেষাং পিতৄণাং যস্য সকাশাদুৎপত্তির্যে চ পিতরো যৈর্ব্রাহ্মণাদিভির্যৈর্নিয়মৈঃ শাস্ত্রোক্তকর্ম্মভিরুপচরণীয়া ভবেয়ুঃ তান্ সাকল্যেন শৃণুত ॥ ১৯৩ ॥ মনোরিতি। হিরণ্যগর্ভাপত্যস্য মনোর্যে মরীচ্যাদয়ঃ পুত্রাঃ পূর্ব্বমুক্তাঃ মরীচিরত্র্যঙ্গিরসাবিত্যাদিনা তেষামৃষীণাং সর্ব্বেষাং সোমপাদয়ঃ পিতৃগণাঃ পুত্রা মন্বাদিভিঃ স্মৃতাঃ ॥ ১৯৪ ॥ বিরাড়িতি। বিরাট্‌সুতাঃ সোমসদো নাম সাধ্যানাং পিতরঃ। অগ্নিষাত্তা মরীচেঃ পুত্রা লোকবিখ্যাতা দেবানাং পিতরঃ ॥ ১৯৫ ॥ দৈত্যেতি। দৈত্যাদীনাং প্রথমাধ্যায়োদিতভেদানাম্, অত্রিপুত্রা বর্হিষদো নাম পিতরঃ স্মৃতাঃ ॥ ১৯৬ ॥ সোমেতি। ব্রাহ্মণপ্রভৃতীনাং চতুর্ণাং বর্ণানাং সোমপাপ্রভৃতয়শ্চত্বারঃ পিতরঃ স্মৃতাঃ ॥ ১৯৭ ॥ সোমেতি। কবের্ভৃগোঃ সোমপাঃ পুত্রাঃ। হবির্ভুজ এব হবিষ্মন্তঃ অঙ্গিরসঃ পুত্রাঃ। আজ্যপাঃ পুলস্ত্যসুতাঃ। সুকালিনো বশিষ্ঠসুতাঃ ॥ ১৯৮ ॥ অগ্নীতি। অগ্নিদগ্ধানগ্নিদগ্ধকাব্যবর্হিষদগ্নিষাত্তসৌম্যাখ্যান্ পরান্ পিতৄন্ বিপ্রাণামেব জানীয়াৎ ॥ ১৯৯ ॥ য ইতি। য এতে প্রধানভূতাঃ পিতৃগণা উক্তাস্তেষামপীহ জগতি পিতর এব পুত্রপৌত্রাদ্যানন্ত্যা বিজ্ঞেয়াঃ। পুত্রপৌত্রমিতি গবাশ্বপ্রভৃতীনি চেত্যেকবদ্ভাবঃ। এতৎশ্লোকসূচিতা এব বরো বরেণ্য ইত্যাদয়োঽন্যেঽপি পিতৃগণা মার্কণ্ডেয়াদিপুরাণাদিষু শ্রূয়ন্তে ॥ ২০০ ॥ ঋষিভ্য ইতি। ঋষিভ্যো মরীচ্যাদিভ্য উক্তক্রমেণ পিতরো জাতাঃ, পিতৃভ্যো দেবদানবা জাতাঃ, দেবেভ্যশ্চ জঙ্গমস্থাবরং জগৎ ক্রমেণ জাতম্, তস্মাৎ সোমপাদিপ্রভবত্বাৎ স্বপিতৃপিতামহপ্রপিতামহানাং শ্রাদ্ধে সোমপাদয়োঽপি পূজনীয়াঃ, তে চ

মিত হয় ॥ ১৯১ ॥ পিতৃগণ,—ক্রোধশূন্য, শৌচপরায়ণ, এবং সর্ব্বদা ব্রহ্মচারিভাবে অবস্থিত; তাঁহারা শস্ত্রত্যাগী, ঔদার্য্যাদি-গুণযুক্ত, মহাত্মা এবং তাঁহারা দেবতাদিগেরও পূর্ব্বতন; তাঁহাদিগের উপাসনা করিতে গেলে তদ্ধর্ম্মী হওয়া, শ্রাদ্ধকর্ত্তা ও শ্রাদ্ধভোক্তা উভয়েরই আবশ্যক ॥ ১৯২ ॥ যাহা হইতে এই সমুদায় পিতৃলোকের উৎপত্তি, যাঁহারা এই পিতৃলোক; এবং যে যে নিয়মে ইহঁাদিগকে পূজা করিতে হয়,—সেই সমুদায় সম্যক্‌ভাবে শ্রবণ কর ॥ ১৯৩ ॥ হৈরণ্যগর্ভ মনুর মরীচি-আদি যে সমুদায় পুত্র আছেন, সেই সমুদায় মরীচ্যাদি ঋষিগণের পুত্র সোমপা প্রভৃতি শাস্ত্রে পিতৃগণ বলিয়া কথিত হন ॥ ১৯৪ ॥ তন্মধ্যে সোমসদ নামে বিরাটের পুত্রগণ সাধ্যগণের পিতৃলোক এবং ত্রিলোকবিখ্যাত অগ্নিষাত্ত-নামক মরীচি-সন্তানেরা দেবতাগণের পিতৃলোক ॥ ১৯৫ ॥ ব্রাহ্মণগণের সোমপা নামে পিতৃলোক, ক্ষত্রিয়দিগের হবির্ভুজ নামে পিতৃলোক, বৈশ্যদিগের আজ্যপ নামে পিতৃলোক এবং শূদ্রদিগের পিতৃলোক সুকালিনগণ। বার্হিষদ্ নামক অত্রি-সন্তানেরা,—দৈত্য, দানব, যক্ষ, গন্ধর্ব্ব, সর্প, রাক্ষস, সুপর্ণ ও কিন্নর—ইহাদিগের পিতৃলোক ॥ ১৯৬ । ১৯৭ ॥ ভৃগুপুত্রেরা পূর্ব্বোক্ত সোমপা নামে পিতৃলোক বলিয়া অভিহিত; অঙ্গিরার সন্তানেরা হবির্ভুজ বা হবিষ্মন্ত নামে বিখ্যাত; পুলস্ত্যের সন্তানেরা আজ্যপ নামে এবং বসিষ্ঠের সন্তানেরা সুকালিন নামে প্রসিদ্ধ ॥ ১৯৮ ॥ অগ্নিদগ্ধ, অনগ্নিদগ্ধ, কাব্য, বর্হিষদ, অগ্নিষাত্ত ও সৌম্য ইহঁারা সকলেই ব্রাহ্মণগণের পিতৃলোক বলিয়া নির্দ্দিষ্ট ॥ ১৯৯ ॥ এই যে সকল প্রধান প্রধান পিতৃগণের কথা বলা হইল, এই জগতে তাঁহাদের পুত্রপৌত্রাদি অনন্তবংশ-পরম্পরাকেও পিতৃলোক বলিয়া জানিবে ॥ ২০০ ॥ মরীচ্যাদি ঋষিগণ হইতে পিতৃলোক উৎপন্ন হইয়াছেন; পিতৃলোক

রাজতৈর্ভাজনৈরেষামথবা রাজতান্বিতৈঃ।
বার্য্যপি শ্রদ্ধয়া দত্তমক্ষয়ায়োপকল্পতে ॥ ২০২
দেবকার্য্যাদ্দ্বিজাতীনাং পিতৃকার্য্যং বিশিষ্যতে।
দৈবং হি পিতৃকার্য্যস্য পূর্ব্বমাপ্যায়নং স্মৃতম্ ॥ ২০৩
তেষামারক্ষভূতন্তু পূর্ব্বং দৈবং নিযোজয়েৎ।
রক্ষাংসি হি বিলুম্পন্তি শ্রাদ্ধমারক্ষবর্জ্জিতম্ ॥ ২০৪
দৈবাদ্যন্তং তদীহেত পিত্রাদ্যন্তং ন তদ্ভবেৎ।
পিত্রাদ্যন্তং ত্বীহমানঃ ক্ষিপ্রং নশ্যতি সান্বয়ঃ ॥২০৫

শুচিং দেশং বিবিক্তঞ্চ গোময়েনোপলেপয়েৎ।
দক্ষিণাপ্রবণঞ্চৈব প্রযত্নেনোপপাদয়েৎ ॥ ২০৬
অবকাশেষু চোক্ষেষু নদীতীরেষু চৈব হি।
বিবিক্তেষু চ তুষ্যন্তি দত্তেন পিতরঃ সদা ॥ ২০৭
আসনেষূপক্লৃপ্তেষু বর্হিষ্মৎসু পৃথক্ পৃথক্।
উপস্পৃষ্টোদকান্ সম্যগ্বিপ্রাংস্তানুপবেশয়েৎ ॥ ২০৮
উপবেশ্য তু তান্ বিপ্রানাসনেষ্বজুগুপ্সিতান্।
গন্ধমাল্যৈঃ সুরভিভিরর্চ্চয়েদ্দেবপূর্ব্বকম্ ॥ ২০৯

পূজিতাঃ সন্তঃ শ্রাদ্ধফলদানায় কল্পন্ত ইতি। প্রকৃতশ্চ পিত্রাদিশ্রাদ্ধস্তুত্যর্থোঽয়ং সোমপাদিপিতৃগণোপন্যাসঃ। অথবা আবাহনকালে নিজপিত্রাদয়ো ব্রাহ্মণাদিভিঃ সোমপাদিরূপেণ ধ্যেয়া এবং ব্যবস্থয়া জ্ঞানমনুষ্ঠানপরতা চ স্যাৎ ॥ ২০১ ॥ রাজতৈরিতি। এষাং পিতৃণাং রূপ্যময়পাত্রৈ রূপ্যযুক্তৈর্বা তাম্রাদিপাত্রৈর্জলমপি শ্রদ্ধয়া দত্তমক্ষয়সুখহেতুঃ সম্পদ্যতে কিং পুনঃ প্রশস্তপায়সাদীতি ॥ ২০১ ॥ দেবেতি। দেবানুদ্দিশ্য যৎ ক্রিয়তে তদ্দেবকার্য্যম্। ততঃ পিতৃকার্য্যম্। দ্বিজাতীনাং বিশেষেণ কর্ত্তব্যমুপদিশ্যতে, অনেন পিতৃশ্রাদ্ধস্য প্রাধান্যং দৈবং তত্রাঙ্গমিত্যাহ। এতদেব স্পষ্টয়তি। যতো দৈবং কর্ম্ম পিতৃকৃত্যস্য পূর্ব্বং সদাপ্যায়নং পরিপূরকং স্মৃতম্ ॥ ২০৩ ॥ তেষামিতি। আরক্ষো রক্ষা, তেষাং পিতৃণাং রক্ষাভূতং দৈবং বিশ্বদেবব্রাহ্মণং পূর্ব্বং নিমন্ত্রয়েৎ। যস্মাৎ রক্ষাবর্জ্জিতং শ্রাদ্ধং রাক্ষসা আচ্ছিন্দন্তি ॥ ২০৪ ॥ দৈবেতি। যত এবমতস্তচ্ছ্রাদ্ধং দৈবাদ্যন্তং দৈবে কর্ম্মণি আদ্যন্তাবারম্ভাবমানে যস্য তৎ তথা। এতেনেদমুক্তম্,—নিমন্ত্র্যাদৌ সর্ব্বং দৈবপূর্ব্বং বিসর্জ্জনস্তু দেবানাং শেষে। অতএব দেবলঃ—"যৎ তত্র ক্রিয়তে কর্ম্ম পৈতৃকে ব্রাহ্মণান্ প্রতি। তৎ সর্ব্বং তত্র কর্ত্তব্যং বৈশ্বদেবিকপূর্ব্বকম্ ॥" নতু তচ্ছ্রাদ্ধং পিত্র্যাপক্রমাবসানম্। পিত্রাদ্যন্তং তদনুতিষ্ঠন্ সসন্তানঃ শীঘ্রং বিনশ্যতি ॥ ২০৫ ॥ শুচিমিতি। অস্থ্যঙ্গারাদ্যনুপহতং দেশং নির্জ্জনঞ্চ গোময়েনোপলেপয়েৎ, দক্ষিণদিগবনতঞ্চ প্রযত্নতঃ সম্পাদয়েৎ ॥ ২০৬ ॥ অবেতি। চোক্ষাঃ স্বভাবশুচয়োঽরণ্যাদিপ্রদেশাস্তেষু নদ্যাদিতীরেষু তথা নির্জ্জনপ্রদেশেষু দত্তেন শ্রাদ্ধাদিনা সর্ব্বদা পিতরস্তুষ্যন্তি ॥ ২০৭ ॥ আসনেষ্বিতি। তত্র চ দেশে আসনেষু পৃথক্ পৃথক্ বিন্যস্তেষু সকুশেষু প্রাগামন্ত্রিতব্রাহ্মণান্ সম্যক্ কৃতস্নানাচমনানুপবেশয়েৎ। অত্র দেবব্রাহ্মণাসনে কুশদ্বয়ং পিত্রাসনেষু চ প্রত্যেকং দক্ষিণাগ্র একঃ কুশো দেয়ঃ। তদাহ দেবলঃ—"যে চাত্র বিশ্বদেবানাং বিপ্রাঃ পূর্ব্বনিমন্ত্রিতাঃ। প্রাঙ্মুখান্যাসনান্যেষাং বিদর্ভোপহতানি চ ॥ দক্ষিণামুখযুক্তানি পিতৃণামাসনানি চ। দক্ষিণাগ্রৈকদর্ভাণি প্রোক্ষিতানি তিলোদকৈঃ ॥" দক্ষিণামুখযুক্তানি দক্ষিণাগ্রাণি, অগ্রং কুশমূলাপেক্ষয়া ॥ ২০৮ ॥ উপেতি। তান্ বিপ্রান্ অনিন্দিতান্ আসনে-

---

হইতে দেব ও দানব, এবং দেবতা সকল হইতেই এই চরাচর জগৎ আনুপূর্ব্বীক্রমে উৎপন্ন হইয়াছে ॥ ২০১ ॥ পিতৃগণকে রৌপ্যময় পাত্রে অথবা রৌপ্যযুক্ত তাম্রাদি পাত্রে শ্রদ্ধাপূর্ব্বক জলদান করিলেও তাঁহাদের অক্ষয়তৃপ্তির কারণ হয় ॥ ২০২ ॥ দ্বিজাতিগণের দেবকার্য্য অপেক্ষা পিতৃকার্য্য বিশেষরূপে অনুষ্ঠান করা কর্ত্তব্য। দেবকার্য্য, পিতৃকার্য্যের অঙ্গস্বরূপ পূর্ব্বপোষকমাত্র বলিয়া শাস্ত্রে কথিত হয় ॥ ২০৩ ॥ পিতৃকার্য্যের রক্ষাকর বলিয়া দেবকার্য্য অর্থাৎ বিশ্বদেব-আবাহনাদি অগ্রে করিতে হয়। শ্রাদ্ধাদি যদি রক্ষাহীন হয়, তাহা হইলে রাক্ষসেরা উহা নষ্ট করে ॥ ২০৪ ॥ এই কারণ শ্রাদ্ধ-কার্য্যের আদিতে আবাহন ও অন্তে বিশ্বদেববিসর্জ্জনাদি দেবকার্য্য করা উচিত। ইহা পিত্রাদ্যন্ত হওয়া উচিত নহে। যে ব্যক্তি অগ্রে দেবকার্য্য না করিয়া পিতৃশ্রাদ্ধে ব্রাহ্মণাদি নিমন্ত্রণ ও শেষে পিতৃব্রাহ্মণের বিসর্জ্জনাদি করেন, তিনি শ্রাদ্ধবিঘ্নহেতু সত্বর সবংশে বিনাশ প্রাপ্ত হন ॥ ২০৫ ॥ শ্রাদ্ধ কার্য্যের জন্য অস্থি বা অঙ্গারাদিশূন্য শুচি ও নির্জ্জন প্রদেশ স্থির করিয়া তাহা গোময় দ্বারা উপলিপ্ত করিবে। সেই স্থানটী যদি স্বভাবত দক্ষিণদিকে ক্রমাবনত না হয় তবে যত্নসহকারে তাহাকে দক্ষিণাবনত করিবে ॥ ২০৬ ॥ স্বভাবশুচি অরণ্যাদি প্রদেশে ও অনাবৃত স্থানে, নদ্যাদির তীরে এবং নির্জ্জন প্রদেশে শ্রাদ্ধ করিলে পিতৃলোক সর্ব্বদা পরিতৃপ্ত থাকেন ॥ ২০৭ ॥ সেই স্থানে কুশযুক্ত পৃথক্ পৃথক্ আসন বিন্যস্ত করিয়া তাহাতে সম্যক্ কৃতস্নানাচমন নিমন্ত্রিত ব্রাহ্মণগণকে একে একে উপবেশন করাইবে। তদর্থে দেবব্রাহ্মণের আসনে পূর্ব্বাগ্র দুই কুশ ও পিতৃ-ব্রাহ্মণের আসনে দক্ষিণাগ্র এক কুশ প্রদান করিতে হয় ॥ ২০৮ ॥ সেই ব্রাহ্মণগণকে কুশময় আসনে উপবেশন করাইয়া কুঙ্কুমাদি

তেষামুদকমানীয় সপবিত্রাংস্তিলানপি।
অগ্নৌ কুর্য্যাদনুজ্ঞাতো ব্রাহ্মণো ব্রাহ্মণৈঃ সহ॥ ২১০
অগ্নেঃ সোমযমাভ্যাঞ্চ কৃত্বাপ্যায়নমাদিতঃ।
হবির্দ্দানেন বিধিবৎ পশ্চাৎ সন্তর্পয়েৎ পিতৃন্॥ ২১১
অগ্ন্যভাবে তু বিপ্রস্য পাণাবেবোপপাদয়েৎ।
যো হ্যগ্নিঃ স দ্বিজো বিপ্রৈর্মন্ত্রদর্শিভিরুচ্যতে॥ ২১২
অক্রোধনান্ সুপ্রসাদান্ বদন্ত্যেতান্ পুরাতনান্।
লোকস্যাপ্যায়নে যুক্তান্ শ্রাদ্ধদেবান্দ্বিজোত্তমান্॥

অপসব্যমগ্নৌ কৃত্বা সর্ব্বমাবৃৎপরিক্রমম্।
অপসব্যেন হস্তেন নির্ব্বপেদুদকং ভুবি॥ ২১৪
ত্রীংস্তু তস্মাদ্ধবিঃশেষাৎ পিণ্ডান্ কৃত্বা সমাহিতঃ।
ঔদকেনৈব বিধিনা নির্ব্বপেদ্দক্ষিণামুখঃ॥ ২১৫
ন্যুপ্য পিণ্ডাংস্ততস্তাংস্তু প্রয়তো বিধিপূর্ব্বকম্।
তেষু দর্ভেষু তং হস্তং নিমৃজ্যাল্লেপভাগিনাম্॥ ২১৬
আচম্যোদক্ পরাবৃত্য ত্রিরায়ম্য শনৈরসূন্।
ষড়্ তুংশ্চ নমস্কুর্য্যাৎ পিতৄনেব চ মন্ত্রবিৎ॥ ২১৭

ধূপবেশ্য কুঙ্কুমাদিগন্ধমাল্যধূপাদিভিঃ স্পৃহণীয়গন্ধৈর্দেবপূর্ব্বক- মর্চ্চয়েৎ॥ ২০৯॥ তেষামিতি। তেষাং ব্রাহ্মণানামর্ঘ্যোদক-পবিত্রতিলান্ সম্মিশ্রান্ দত্ত্বা তৈর্ব্রাহ্মণৈঃ সহানুজ্ঞাতোঽগ্নৌ বক্ষ্যমাণং হোমং কুর্য্যাৎ। অনুজ্ঞাসামর্থ্যাচ্চ প্রার্থনাপি পূর্ব্বং কর্ত্তব্যা। সা চ স্বগৃহ্যানুসারেণ করবাণি করিষ্যে ইত্যাদিকা। অনুজ্ঞাপি ওমিত্যেবংরূপা কুরুষ্বেতি বা॥ ২১০॥ অগ্নেরিতি। অগ্নেঃ সোমযময়োশ্চ বিধিবৎ পর্য্যুক্ষণাদিপূর্ব্বং হবির্দ্দানেন প্রীণনমাদৌ কৃত্বা পশ্চাদন্নাদিনা পিতৄংস্তর্পয়েৎ। সোমযময়ো-র্দ্বন্দ্বনির্দ্দেশেঽপি পৃথগেব দেবতাত্বং সহাদিশব্দপ্রয়োগাভাবাৎ। যত্র সাহিত্যং বিবক্ষিতং তত্র সহাদিশব্দং করোতীত্যুক্তং প্রাক্॥ ২১১॥ অগ্ন্যভাবে ত্বিতি। অগ্ন্যভাবে পুনর্ব্রাহ্মণহস্ত এব উক্তাহুতিত্রয়ং দদ্যাৎ। যস্মাৎ য এবাগ্নিঃ স এব ব্রাহ্মণ ইতি বেদবিদ্ভির্ব্রাহ্মণৈরুক্তঃ। অগ্ন্যভাবশ্চানুপনীতস্য সম্ভবতি, উপনীতস্য সমাবৃত্তস্য চ পাণিগ্রহণাৎ পূর্ব্বং, মৃতভার্য্যস্য বা॥ ২১২॥ অক্রোধনানিতি। ক্রোধশূন্যান্ সুপ্রসাদান্ প্রসন্নমুখান্ প্রবাহানাদিতয়া পুরাতনান্ অগ্নৌ প্রাস্তাহুতিরিতি ন্যায়েন লোকবৃদ্ধয়ে উদ্যুক্তান্ শ্রাদ্ধপাত্রভূতান্ মন্বাদয়ো বদন্তি, তস্মাদ্দেবতুল্যত্বাচ্ছ্রাদ্ধব্রাহ্মণস্য তদ্ধস্তে দাতব্যমিতি পূর্ব্ববিধানুবাদঃ॥ ২১৩॥ অপেতি। অগ্নৌ পর্য্যুক্ষণাদ্যঙ্গ-যুক্তম্। অগ্নৌকরণহোমানুষ্ঠানক্রমমপসব্যং দক্ষিণসংস্থং কৃত্বা ততোঽপসব্যেন দক্ষিণহস্তেন পিণ্ডাধারভূতায়াং ভুব্যুদকং ক্ষিপেৎ॥ ২১৪॥ ত্রীনিতি। তস্মাদগ্ন্যাদিহোমাদ্ধুতাবশিষ্টান্ ত্রীন্ পিণ্ডান্ কৃত্বা ঔদকেনৈব বিধিনা দক্ষিণহস্তেন সমাহিতোঽনন্যমনাঃ দক্ষিণামুখস্তেষু দর্ভেষ্বিতি বক্ষ্যমাণত্বাদ্দর্ভেষু দদ্যাৎ॥ ২১৫॥ ন্যুপ্যেতি। বিধিপূর্ব্বং স্বগৃহ্যোক্তবিধিনা দর্ভেষু তান্ পিণ্ডান্ দত্ত্বা "দর্ভমূলেষু করাবঘর্ষণমি"তি বিষ্ণুবচনাৎ তেষু দর্ভেষু মূলদেশে হস্তং নির্লেপং কুর্য্যাৎ, প্রপিতামহপিত্রাদীনাং ত্রয়াণাং লেপভুজাং তৃপ্তয়ে॥ ২১৬॥ আচম্যেতি। অনন্তরমুপস্পৃশ্যোদঙ্মুখো ভূত্বা যথাশক্তি প্রাণায়ামত্রয়ং কৃত্বা বসন্তায় নমস্তুভ্যমিত্যাদিনা ষড়্ তূন্ নমস্কুর্য্যাৎ। পিতৄংশ্চ নমো বঃ পিতর ইত্যাদিমন্ত্রযুক্তম্, "অদ্ভিঃ পর্য্যাবৃত্ত্যে"তি গৃহ্য-

---

বিলেপন ও গন্ধ-মাল্য-ধূপ-দীপাদি দ্বারা দেব-পূর্ব্বক্রমে অর্চ্চনা করিবে অর্থাৎ অগ্রে দেব-ব্রাহ্মণদ্বয়ের পশ্চাৎ পিতৃব্রাহ্মণদিগের পূজা করিবে॥ ২০৯॥ অনন্তর ব্রাহ্মণগণকে কুশ ও তিলমিশ্রিত অর্ঘ্যজল দান করিয়া, সমুদায়ের অনুজ্ঞা লইয়া বক্ষ্যমাণ রীতিক্রমে অগ্নিতে হোম করিবে॥ ২১০॥ অগ্নি, সোম, যম—ইহাদিগকে অগ্রে বিধিবৎ হবির্দ্দান দ্বারা প্রীত করিয়া পশ্চাৎ অন্নাদি দ্বারা পিতৃলোকের তৃপ্তি সাধন করিবে॥ ২১১॥ যদি উপাসনাগ্নির অসম্ভাব হয়, তবে ব্রাহ্মণহস্তেই উক্ত আহুতিত্রয় প্রদান করিবে। যেহেতু বেদদর্শী ব্রাহ্মণেরা বলেন যে, যিনি অগ্নি তিনিই ব্রাহ্মণ,—ইহাঁদের মধ্যে কিছুই ইতর বিশেষ নাই॥ ২১২॥ ঋষিগণ, দ্বিজোত্তম ব্রাহ্মণদিগকে অক্রোধন, সদা সুপ্রসন্ন, সৃষ্টিপ্রবাহের মধ্যে পুরাতন, লোকসমূহের মঙ্গল-বর্দ্ধনে সদা যুক্ত এবং শ্রাদ্ধকার্য্যের পাত্রভূত দেবতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন॥ ২১৩॥ অগ্নিতে পর্য্যুক্ষণ বা পরিস্তরণাদি যাহা কিছু করণীয় আছে, সে সমুদায় দক্ষিণাভিমুখ বা দক্ষিণসংস্থ হইয়া করিতে হয় এবং দক্ষিণ হস্তে পিণ্ডের আধারভূত ভূমিভাগে জলদান করিতে হয়॥ ২১৪॥ অগ্নিতে আহুতি প্রদান করিয়া হুতাবশিষ্ট দ্রব্য সকল একত্রিত করিয়া তিনটী পিণ্ড প্রস্তুত করিবে এবং তাহা দক্ষিণাভিমুখে অনন্যমনে দক্ষিণ হস্তের পিতৃতীর্থ দ্বারা সেই কুশের উপর প্রদান করিবে॥ ২১৫॥ স্বগৃহ্যোক্ত বিধানে যত্নপূর্ব্বক দর্ভের উপর পিণ্ডদান করিয়া, লেপভুক্ বৃদ্ধপ্রপিতামহাদি ঊর্দ্ধ তিন পুরুষের তৃপ্তির জন্য সেই দর্ভের মূলদেশ দ্বারা হস্ত ঘর্ষণ করিবে॥ ২১৬॥ অনন্তর উত্তরমুখ হইয়া আচমন করিয়া ধীরে ধীরে প্রাণায়ামত্রয় করিয়া "বসন্তায় নমস্তুভ্যম্" ইত্যাদি মন্ত্র দ্বারা ছয় ঋতুকে নমস্কার করিবে এবং "নমো বঃ পিতর" ইত্যাদি মন্ত্র দ্বারা দক্ষিণমুখে পিত্রাদিকেও নমস্কার করিবে॥ ২১৭॥

উদকং নিনয়েচ্ছেষং শনৈঃ পিণ্ডান্তিকে পুনঃ।
অবজিঘ্রেচ্চ তান্ পিণ্ডান্ যথান্যুপ্তান্ সমাহিতঃ॥
পিণ্ডেভ্যস্ত্বল্পিকাং মাত্রাং সমাদায়ানুপূর্ব্বশঃ।
তানেব বিপ্রানাসীনান্ বিধিবৎ পূর্ব্বমাশয়েৎ॥ ২১৯
ধ্রিয়মাণে তু পিতরি পূর্ব্বেষামেব নির্ব্বপেৎ।
বিপ্রবদ্বাপি তং শ্রাদ্ধে স্বকং পিতরমাশয়েৎ॥ ২২০
পিতা যস্য তু বৃত্তঃ স্যাজ্জীবেদ্বাপি পিতামহঃ।
পিতুঃ স নাম সঙ্কীর্ত্ত্য কীর্ত্তয়েৎ প্রপিতামহম্॥ ২২১
পিতামহো বা তচ্ছ্রাদ্ধং ভুঞ্জীতেত্যব্রবীন্মনুঃ।
কামং বা সমনুজ্ঞাতঃ স্বয়মেব সমাচরেৎ॥ ২২২
তেষাং দত্ত্বা তু হস্তেষু সপবিত্রং তিলোদকম্।
তৎপিণ্ডাগ্রং প্রযচ্ছেত স্বধৈষামস্ত্বিতি ব্রুবন্॥ ২২৩
পাণিভ্যান্তূপসংগৃহ্য স্বয়মন্নস্য বর্দ্ধিতম্।
বিপ্রান্তিকে পিতৄন্ ধ্যায়ন্শনকৈরুপনিক্ষিপেৎ॥ ২২৪
উভয়োর্হস্তয়োর্মুক্তং যদন্নমুপনীয়তে।
তদ্বিপ্রলুম্পন্ত্যসুরাঃ সহসা দুষ্টচেতসঃ॥ ২২৫
গুণাংশ্চ সূপশাকাদ্যান্ পয়ো দধি ঘৃতং মধু।

দর্শনাৎ দক্ষিণামুখো নমস্কুর্য্যাৎ॥ ২১৭॥ উদকমিতি। পিণ্ডদানাৎ পূর্ব্বং পিণ্ডাধারদেশদত্তোদকশেষমুদকপাত্রস্থং প্রতিপিণ্ডসমীপে দেশে ক্রমেণ পুনরুৎসৃজেৎ, তাংস্তু পিণ্ডান্ যথান্যুপ্তান্ যেনৈব ক্রমেণ দত্তান্ তেনৈব ক্রমেণাবজিঘ্রেৎ সমাহিতোঽনন্যমনাঃ॥ ২১৮॥ পিণ্ডেভ্য ইতি। অল্পিকেতি অত্রাল্পমাত্রা অবয়বভাগাঃ। পিণ্ডেভ্য উৎপন্নানল্পভাগান্ পিতৃপিণ্ডক্রমেণৈব গৃহীত্বা তানেব পিত্রাদিব্রাহ্মণান্ ভোজনকালে ভোজনাৎ পূর্ব্বং ভোজয়েৎ। বিধিবৎ পিণ্ডানুষ্ঠানবৎ। পিতরমুদ্দিশ্য যঃ পিণ্ডো দত্তস্তদবয়বং পিতৃব্রাহ্মণং ভোজয়েৎ। এবং পিতামহপ্রপিতামহপিণ্ডয়োরপি॥ ২১৯॥ ধ্রিয়মাণে ত্বিতি। ধ্রিয়মাণে জীবতি পিতরি মৃতানাং পিতামহাদিত্রয়াণাং শ্রাদ্ধং কর্ত্তব্যম্। অথবা পিতৃবিপ্রস্থানে তমেব স্বপিতরং ভোজয়েৎ। পিতামহপ্রপিতামহয়োশ্চ ব্রাহ্মণৌ ভোজয়েৎ; পিণ্ডদ্বয়ঞ্চ দদ্যাৎ॥ ২২০॥ পিতেতি নামকীর্ত্তনমত্র শ্রাদ্ধোপলক্ষণার্থম্। পিতৃজীবনাপেক্ষোঽয়ং বাশব্দঃ। যস্য পুনঃ পিতা মৃতঃ স্যাৎ পিতামহো জীবতি স পিতৃপ্রপিতামহয়োঃ শ্রাদ্ধং কুর্য্যাৎ। গোবিন্দরাজস্তু "যস্য পিতৃপ্রপিতামহৌ প্রেতৌ স্যাতাং স পিত্রে পিণ্ডং নিধায় পিতামহাৎ পরং দ্বাভ্যাং দদ্যাদি"তি বিষ্ণুবচনাৎ প্রপিতামহতৎপিতৃভ্যাং দদ্যাদি"তি ব্যাখ্যাতবান্॥ ২২১॥ পিতেতি। যথা জীবন্ পিতা ভোজ্যস্তথা পিতামহোঽপি পিতামহব্রাহ্মণস্থানে ভোজ্যঃ। পিতৃপ্রপিতামহয়োশ্চ ব্রাহ্মণভোজনং পিণ্ডদানঞ্চ কুর্য্যাৎ। অথবা জীবতা পিতামহেন ত্বমেব যথারুচি কুর্ব্বিতি দত্তানুজ্ঞঃ স্বরুচ্যা পিতামহং বা ভোজয়েৎ। "পিতৃপ্রপিতামহয়োর্বা শ্রাদ্ধদ্বয়ং কুর্য্যাদি"তি বিষ্ণুবচনাৎ পিতৃপ্রপিতামহ-বৃদ্ধপ্রপিতামহানাং শ্রাদ্ধত্রয়ং কুর্য্যাৎ॥ ২২২॥ তেষামিতি। পিণ্ডেভ্যস্ত্বল্পিকাং মাত্রামিতি যদুক্তং তস্যায়ং কালবিধিঃ প্রদেশবিধিশ্চ। তেষাং ব্রাহ্মণানাং হস্তেষু সদর্ভতিলোদকং দত্ত্বা তদিতি পূর্ব্বনির্দ্দিষ্টং পিণ্ডাগ্রং পিত্রে স্বধাস্ত্বিত্যেবমাদি ব্রুবন্ পিত্রাদিব্রাহ্মণেভ্যস্ত্রিভ্যঃ ক্রমেণ দদ্যাৎ॥ ২২৩॥ পাণিভ্যামিতি। অন্নস্যেতি তৃতীয়ার্থে ষষ্ঠী। বর্দ্ধিতং পূর্ণং পিঠরাদিপাত্রং স্বয়ং পাণিভ্যাং গৃহীত্বা পিতৄংশ্চ চিন্তয়ন্ রসবৎপাকাগারাদানীয় ব্রাহ্মণানাং সমীপে পরিবেষণার্থমত্বরয়া স্থাপয়েৎ॥ ২২৪॥ উভয়োরিতি। অধিকরণে সপ্তমীয়ম্। উভয়োঃ করয়োর্মুক্তমস্থিতং যদন্নং ব্রাহ্মণান্তিকমানীয়তে তদসুরা দুষ্টবুদ্ধয় আচ্ছিন্দন্তি। তস্মান্নৈকহস্তেনানীয় পরিবেষ্টব্যম্॥ ২২৫॥ গুণানিতি। গুণান্ ব্যঞ্জনানি অন্নাপেক্ষয়া প্রাধান্যাৎ, গুণযুক্তান্ বা সূপশাকাদ্যান্ প্রযতঃ শুচিঃ

উদকপাত্রস্থ শেষজল প্রত্যেক পিণ্ডের সমীপদেশে ক্রমে ক্রমে উৎসর্গ করিবে, এবং যে ক্রমে পিণ্ড প্রদত্ত হইয়াছে, অনন্যমনে সেই ক্রমেই প্রত্যেক পিণ্ডের আঘ্রাণ লইবে॥ ২১৮॥ পরে পিতৃপিণ্ড-ক্রমে প্রত্যেক পিণ্ড হইতে অল্প অল্প অংশ গ্রহণ করিয়া আসীন সেই ব্রাহ্মণগণকে অগ্রে উহা ভোজন করাইবে॥ ২১৯॥ পিতা জীবিত থাকিলে, পিতামহাদি তিন পুরুষের শ্রাদ্ধ করিবে অথবা পিতৃব্রাহ্মণ-স্থানে স্বীয় পিতাকেই ভোজন করাইবে *॥ ২২০॥ কিন্তু যাঁহার পিতা মরিয়াছেন, পিতামহ জীবিত আছেন, তিনি পিতার পর প্রপিতামহের শ্রাদ্ধ করিবেন॥ ২২১॥ জীবিত পিতামহ,—পিতামহের ব্রাহ্মণ-স্থানীয় হইয়া ভোজন করিবেন অথবা পৌত্র তাঁহার অনুমতি লইয়া স্বয়ংই ইচ্ছামত শ্রাদ্ধকার্য্য সমাপন করিবেন, ইহা মনু বলিয়াছেন॥ ২২২॥ তদনন্তর ব্রাহ্মণগণের হস্তে দর্ভ ও তিলযুক্ত জল দিয়া পূর্ব্বকথিত পিণ্ডাগ্রগুলি "পিত্রে স্বধাস্তু" ইত্যাদি বলিয়া সমর্পণ করিবে॥ ২২৩॥ পরে অন্নপূর্ণ পাত্র স্বয়ং উভয় করে গ্রহণ করিয়া পরিবেষণার্থ পিতৃলোকের স্মরণ করিতে করিতে ব্রাহ্মণের সমীপে স্থাপন করিবে॥ ২২৪॥ দুই হস্তে ধারণ না করিয়া যে অন্ন আনা হয় বা পরিবেষণ করা যায়, দুষ্ট-চেতা অসুরেরা তাহা হঠাৎ অপহরণ করে॥ ২২৫॥ শাক-সূপাদি ব্যঞ্জন সকল ও পয়ো

---

* পিতা জীবিত থাকিতে প্রায়শ্চিত্তের অঙ্গ পার্ব্বণশ্রাদ্ধ ইত্যাদিতে অধিকার আছে।

বিন্যসেৎ প্রযতঃ সম্যগ্ ভূমাবেব সমাহিতঃ ॥ ২২৬
ভক্ষ্যং ভোজ্যঞ্চ বিবিধং মূলানি চ ফলানি চ।
হৃদ্যানি চৈব মাংসানি পানানি সুরভীণি চ ॥ ২২৭
উপনীয় তু তৎ সর্ব্বং শনকৈঃ সুসমাহিতঃ।
পরিবেষয়েত প্রযতো গুণান্ সর্ব্বান্ প্রচোদয়ন্ ॥
নাস্রমাপাতয়েজ্জাতু ন কুপ্যেন্নানৃতং বদেৎ।
ন পাদেন স্পৃশেদন্নং ন চৈতদবধূনয়েৎ ॥ ২২৯
অস্রং গময়তি প্রেতান্ কোপোঽরীননৃতং শুনঃ।
পাদস্পর্শস্তু রক্ষাংসি দুষ্কৃতীনবধূননম্ ॥ ২৩০

সমাহিতঃ অনন্যমনাঃ সম্যক্ যথা ন বিশীর্য্যন্তি তথা ভূমাবেব স্বপাত্রস্থান্ স্থাপয়েন্ন দারুফলকাদৌ ॥ ২২৬ ॥ ভক্ষ্যমিতি। ভক্ষ্যং খরবিশদমভ্যবহরণীয়ং মোদকাদি। ভোজ্যং পায়সাদি নানাপ্রকারম্। ফলমূলানি, হৃদয়স্য প্রিয়াণি মাংসানি, পানানি সুগন্ধীনি ভূমাবেব বিন্যসেদিতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ২২৭ ॥ উপেতি। এতৎ সর্ব্বমন্নাদিকং ব্রাহ্মণসমীপমানীয় প্রযতঃ শুচিঃ অনন্যমনাঃ ক্রমেণ পরিবেষয়েৎ ইদং মধুরমিদমম্লমিত্যেবং মাধুর্য্যাদিগুণান্ কথয়ন্ ॥ ২২৮ ॥ নাস্রমিতি। রোদনক্রোধ-মৃষাভাষণানি ন কুর্য্যাৎ। পাদেন চান্নং ন স্পৃশেৎ। ন চোৎক্ষিপ্যোৎক্ষিপ্যান্নং পাত্রে ক্ষিপেৎ। পুরুষার্থতয়া প্রতিষিদ্ধয়োরপি ক্রোধানৃতয়োঃ শ্রাদ্ধাঙ্গত্বজ্ঞাপনার্থোঽয়ং নিষেধঃ ॥ ২২৯ ॥ অস্রমিতি। অশ্রু ক্রিয়মাণং প্রেতান্ ভূতবিশেষান্ শ্রাদ্ধান্নানি প্রাপয়তি, ন পিতৄণামুপকারকং ভবতি। ক্রোধঃ শত্রূন্। মৃষাবাদঃ কুক্কুরান্। পাদস্পর্শোঽন্নস্য রাক্ষসান্।

দধি ঘৃত মধু—এ সকল পরিবেষণের পূর্ব্বে অতি সাবধান হইয়া অনন্যমনে ভূমিতে স্থাপন করিবে। ২২৬॥ বিবিধ প্রকার ভক্ষ্য ভোজ্য সামগ্রী, নানাপ্রকার ফল-মূল, হৃদয়গ্রাহী মাংস সকল, নানাপ্রকার সুগন্ধযুক্ত পানীয়—এই সকল ক্রমে ক্রমে সমাহিতমনে ব্রাহ্মণগণসমীপে উপস্থিত করিয়া, তৎপরে অতি সাবধানে তাঁহাদিগকে পরিবেষণ করিবে এবং পরিবেষণকালে পরিবেষ্যমাণ ভোজ্য দ্রব্যের গুণ কীর্ত্তন করিবে ॥ ২২৭॥ ২২৮॥ পরিবেষণকালে অশ্রুপাত করিবে না, অন্নহস্তে ক্রোধ করিবে না, মিথ্যা কথা বলিবে না, পাদ দ্বারা অন্ন স্পর্শ করিবে না, কিংবা অন্ন ছড়াইবে না ॥ ২২৯ ॥ অন্নহস্তে অশ্রুপাত করিলে সেই অন্নদ্বারা প্রেতদিগের তৃপ্তিবর্দ্ধন, ক্রোধ করিলে সেই অন্ন দ্বারা শত্রুদিগের, মিথ্যা কথা কহিলে তদ্দ্বারা কুক্কুরদিগের, পাদস্পর্শ দ্বারা রাক্ষসদিগের এবং অন্ন প্রক্ষিপ্ত হইলে তদ্দ্বারা দুষ্কৃতকারিগণের পাপাত্মা তৃপ্ত হয়; এইরূপ

যদ্যদ্রোচেত বিপ্রেভ্যস্তত্তদ্দদ্যাদমৎসরঃ।
ব্রহ্মোদ্যাশ্চ কথাঃ কুর্য্যাৎ পিতৄণামেতদীপ্সিতম্।
স্বাধ্যায়ং শ্রাবয়েৎ পিত্র্যে ধর্ম্মশাস্ত্রাণি চৈব হি।
আখ্যানানীতিহাসাংশ্চ পুরাণানি খিলানি চ ॥ ২৩
হর্ষয়েদ্ব্রাহ্মণাংস্তুষ্টো ভোজয়েচ্চ শনৈঃ শনৈঃ।
অন্নাদ্যেনাসকৃচ্চৈতান্ গুণৈশ্চ পরিচোদয়েৎ ॥২৩
ব্রতস্থমপি দৌহিত্রং শ্রাদ্ধে যত্নেন ভোজয়েৎ।
কুতপঞ্চাসনে দদ্যাৎ তিলৈশ্চ বিকিরেন্মহীম্ ॥২৩৪
ত্রীণি শ্রাদ্ধে পবিত্রাণি দৌহিত্রঃ কুতপস্তিলাঃ।

অবধূননং পাপকারিণঃ। তস্মাৎ ন রোদনাদি কুর্য্যাৎ ॥ ২৩০ যদ্যদিতি। যদ্ যদ্বিপ্রাণামীপ্সিতম্ অন্নব্যঞ্জনাদি তত্তদ মৎসরো দদ্যাৎ। পরমাত্মনিরূপণপরাঃ কথাশ্চ কুর্য্যাৎ। যত পিতৄণামেতদপেক্ষিতম্ ॥ ২৩১ ॥ স্বাধ্যায়মিতি। স্বাধ্যায় বেদম্। মানবাদীনি ধর্ম্মশাস্ত্রাণি। আখ্যানানি সৌপর্ণ-মৈত্রাবরুণাদীনি। ইতিহাসান্ মহাভারতাদীন্। পুরাণানি ব্রহ্মপুরাণাদীনি। খিলানি শ্রীসূক্তশিবসঙ্কল্পাদীনি। শ্রাদ্ধে ব্রাহ্মণান্ শ্রাবয়েৎ ॥ ২৩২ ॥ হর্ষয়েদিতি। স্বয়ং হৃষ্টো ভূত্বা প্রিয়বচনাদিভির্ব্রাহ্মণান্ পরিতোষয়েৎ। অন্নকাত্বরয়া ভোজয়েৎ, মিষ্টান্নেন পায়সাদিভিঃ। পায়সমিদং স্বাদু মোদকোঽয়ং হৃদ্যো গৃহ্যতামিত্যাদিগুণাভিধানৈশ্চ পুনঃপুনর্ব্রাহ্মণান্ প্রেরয়েৎ ॥ ২৩২ ॥ ব্রতস্থমিতি। ব্রহ্মচারিণমপি দৌহিত্রং শ্রাদ্ধে প্রযত্নতো ভোজয়েৎ। অপিশব্দাদব্রহ্মচারিণমপি। আনুকল্পিকমধ্যপঠিতস্যাপি ব্রহ্মচারিণো যত্নবচনাৎ শ্রেষ্ঠত্বং কথয়তি। নেপালকম্বলঞ্চাসনে দদ্যাৎ দৌহিত্রমন্তরেণাপি। তিলাংশ্চ শ্রাদ্ধভূমৌ বিকিরেৎ ॥ ২৩৪ ॥ ত্রীণীতি। পূর্ব্বোক্তা-

অন্নে পিতৃলোকের কদাচ তৃপ্তি হয় না ॥ ২৩০ ॥ যে যে ভোজ্য গ্রহণে ব্রাহ্মণগণের অভিরুচি হয়, অকার্পণ্যভাবে সেই সমুদয়ই ব্রাহ্মণগণকে পরিবেষণ করিবে। ব্রাহ্মণ-ভোজনকালে পরমাত্ম-বিষয়ক আলাপ পিতৃগণের অভীপ্সিত ॥ ২৩১ ॥ শ্রাদ্ধকালে ব্রাহ্মণগণকে বেদ, ধর্ম্মশাস্ত্র, আখ্যান, ইতিহাস, পুরাণ অথবা খিল অর্থাৎ শ্রীসূক্তাদি শুনাইতে হয় ॥ ২৩২ ॥ স্বয়ং প্রসন্নমনা হইয়া প্রিয়বচনাদি দ্বারা ব্রাহ্মণগণের প্রীতি উৎপাদন করিবে; ধীরে ধীরে তাঁহাদিগকে ভোজন করাইবে এবং অন্নাদির গুণকীর্ত্তন করিয়া ব্রাহ্মণগণকে তাহা গ্রহণ করিবার জন্য বারংবার অনুরোধ করিবে ॥ ২৩৩ ॥ দৌহিত্র ব্রহ্মচারীকে যত্নপূর্ব্বক শ্রাদ্ধে ভোজন করাইবে; ইহাঁকে বসিবার জন্য নেপাল-কম্বলের আসন প্রদান করিবে এবং সেই ভূমিতে তিল বিকিরণ করিবে ॥ ২৩৪ ॥ শ্রাদ্ধকার্য্যে দৌহিত্র, নেপালদেশীয় কম্বল এবং

ত্রীণি চাত্র প্রশংসন্তি শৌচমক্রোধমত্বরাম্॥ ২৩৫
অত্যুষ্ণং সর্ব্বমন্নং স্যাদ্ভুঞ্জীরংস্তে চ বাগ্‌যতাঃ।
ন চ দ্বিজাতয়ো ব্রূয়ুর্দাত্রা পৃষ্টা হবির্গুণান্॥২৩৬
যাবদুষ্ণং ভবত্যন্নং যাবদশ্নন্তি বাগ্‌যতাঃ।
পিতরস্তাবদশ্নন্তি যাবন্নোক্তা হবির্গুণাঃ॥ ২৩৭
যদ্বেষ্টিতশিরা ভুঙ্‌ক্তে যদ্ভুঙ্‌ক্তে দক্ষিণামুখঃ।
সোপানৎকশ্চযদ্ভুঙ্‌ক্তে তদ্বৈ রক্ষাংসি ভুঞ্জতে॥২৩৮
চাণ্ডালশ্চ বরাহশ্চ কুক্কুটঃ শ্বা তথৈব চ।
রজস্বলা চ ষণ্ডশ্চ নেক্ষেরন্নশ্নতো দ্বিজান্॥ ২৩৯

ন্যেব ত্রীণি দৌহিত্রাদীনি শ্রাদ্ধে পবিত্রাণীতি জ্ঞাপ্যন্তে, ত্রীণি চাত্র শৌচাদীনি প্রশংসন্তি॥ ২৩৫॥ অত্যুষ্ণমিতি। উষ্ণক্ষোত্যুষ্ণং যস্যোক্তস্যান্নাদের্ভোজনমুচিতং তদুষ্ণং দদ্যাৎ ন তু ফলাদ্যপি। অতএব শঙ্খঃ—"উষ্ণমন্নং দ্বিজাতিভ্যঃ শ্রদ্ধয়া বিনিবেদয়েৎ। অন্যত্র ফলমূলেভ্যঃ পানকেভ্যশ্চ পণ্ডিতঃ॥" সংযতবাচশ্চ ব্রাহ্মণা অশ্নীয়ুঃ কিমিদং স্বাদু অস্বাদু বেতি দাত্রা অন্নাদিগুণান্ পৃষ্টা বক্ত্রাদ্যভিনয়েনাপি ন ব্রূয়ুঃ। বাগ্‌যতস্যাত্রৈব বিধানাৎ॥ ২৩৬॥ যাবদিতি। যাবদন্নে উষ্ণতা ভবতি যাবচ্চ মৌনিনো ভুঞ্জতে যাবচ্চ হবির্গুণা নোচ্যন্তে তাবৎ পিতরোঽশ্নন্তীতি পূর্ব্বোক্তস্যৈবার্থস্য প্রশংসা॥ ১৩৭॥ যদিতি। বস্ত্রাদিবেষ্টিতশিরাঃ যদন্নং ভুঙ্‌ক্তে তথা দক্ষিণামুখঃ সপাদুকশ্চ তং রাক্ষসা ভুঞ্জতে ন পিতরস্তস্মাদেবংরূপং ন কর্ত্তব্যম্॥ ২৩৮॥ চাণ্ডাল ইতি। চাণ্ডালগ্রাম্যশূকরকুক্কুটকুক্কুরোদক্যানপুংসকানি যথা ব্রাহ্মণান্ ভোজনকালে ন

তিল—এই তিনটী পরম পবিত্র জানিবে। শৌচ, অক্রোধ, অত্বরা অর্থাৎ তাড়াতাড়ি কোন কর্ম্ম না করিয়া শান্তভাবে করা, এই তিনটী অতি প্রশস্ত বলিয়া শ্রাদ্ধকার্য্যে প্রশংসিত হয়॥ ২৩৫॥ সমুদায় অন্ন অত্যুষ্ণ হইবে এবং ব্রাহ্মণগণ বাক্যসংযমনপূর্ব্বক তাহা ভোজন করিবেন। পরিবেষ্টা, ভোজ্য দ্রব্যের গুণাগুণ জিজ্ঞাসা করিলেও তাঁহারা বাক্য দ্বারা তাহাকে কিছুই উত্তর দিবেন না॥ ২৩৬॥ যতক্ষণ অন্ন উষ্ণ থাকে, যতক্ষণ ব্রাহ্মণগণ বাগ্‌যত হইয়া তাহা গ্রহণ করেন এবং যতক্ষণ ভোজ্যের গুণাগুণ বলা না হয়, পিতৃগণ ততক্ষণ ব্রাহ্মণমুখে তাহা ভোজন করেন॥ ২৩৭॥ মস্তকে বস্ত্রাদি বেষ্টিত করিয়া যে অন্ন ভোজন করা যায়, দক্ষিণদিকে মুখ করিয়া যে অন্ন ভোজন করা হয় ও পাদুকা ধারণ করিয়া যে অন্ন ভোজন করা যায়,—তাহা রাক্ষসেরাই ভোজন করে॥ ২৩৮॥ ব্রাহ্মণগণ ভোজন করিতেছেন—এমন সময়ে চণ্ডাল, শূকর, কুক্কুট, কুক্কুর, রজস্বলা

হোমে প্রদানে ভোজ্যে চ যদেভিরভিবীক্ষ্যতে।
দৈবে কর্ম্মণি পিত্র্যে বা তদ্গচ্ছত্যযথাতথম্॥২৪০
ঘ্রাণেন শূকরো হন্তি পক্ষবাতেন কুক্কুটঃ।
শ্বা তু দৃষ্টিনিপাতেন স্পর্শেনাবরবর্ণজঃ॥ ২৪১
খঞ্জো বা যদি বা কাণো দাতুঃ প্রেষ্যোঽপিবাভবেৎ
হীনাতিরিক্তগাত্রো বা তমপ্যপনয়েৎ ততঃ॥২৪২
ব্রাহ্মণং ভিক্ষুকং বাপি ভোজনার্থমুপস্থিতম্।
ব্রাহ্মণৈরভ্যনুজ্ঞাতঃ শক্তিতঃ প্রতিপূজয়েৎ॥ ২৪৩

পশ্যেয়ুস্তথা কার্য্যম্॥ ২৩৯॥ হোম ইতি। যস্মাৎ হোমেঽগ্নিহোত্রাদৌ প্রদানে গোহিরণ্যাদৌ ভোজ্যে স্বাভ্যুদয়ার্থব্রাহ্মণভোজনে দৈবে হবিষি দর্শ-পৌর্ণমাসাদৌ পিত্রে শ্রাদ্ধাদৌ যদেভির্বীক্ষ্যতে ক্রিয়মাণং কর্ম্ম তৎ যদর্থং ক্রিয়তে তন্ন সাধয়তি॥ ২৪০॥ ঘ্রাণেতি। শূকরস্তদন্নাদের্গন্ধং ঘ্রাত্বা কর্ম্ম নিষ্ফলং করোতি; তস্মাদন্নঘ্রাণযোগ্যদেশাৎ নিরসনীয়ঃ। কুক্কুটঃ পক্ষবাতেন, তেন সোঽপি পক্ষপবনযোগ্যদেশাদপগমনীয়ঃ। শ্বা দর্শনেন। শুনোঽন্নাদিদর্শনং নিষিদ্ধমপি দোষভূয়স্ত্বজ্ঞাপনার্থং পুনরভিহিতম্। অথবা দৃষ্টিনিপাতেনেতি শ্রাদ্ধকর্ত্তৃভোক্তৄণাং দৃষ্টিনিপাতবিষয়ত্বেন। অবরবর্ণঃ শূদ্রস্তস্মাজ্জাতোঽবরবর্ণজঃ শূদ্র এব অস্যাবন্নাদিস্পর্শেন দ্বিজাতিশ্রাদ্ধং নিষ্ফলয়তি নাত্মীয়ম্ আবশ্যকত্বাৎ॥ ২৪১॥ খঞ্জো বেতি। যদি গতিবিকলঃ কাণো বা দাতুর্দাসঃ শূদ্রস্তস্যৈব প্রেষ্যত্ববিধানাৎ অপিশব্দাদন্যোঽপি শূদ্রঃ, ন্যূনাধিকাঙ্গুল্যাদির্ব্বা স্যাৎ তদা তমপি ততঃ শ্রাদ্ধদেশাদপসারয়েৎ॥ ২৪২॥ ব্রাহ্মণমিতি। ব্রাহ্মণমতিথিরূপম্ অন্যং বা ভিক্ষণশীলং ভোজনার্থং তৎকালোপস্থিতং শ্রাদ্ধপাত্রব্রাহ্মণৈরনুজ্ঞাতো যথা-

স্ত্রীলোক এবং ক্লীব যেন তাঁহাদিগকে দেখিতে না পায়, এমন উপায় করিবে॥ ২৩৯॥ হোমে, দানকার্য্যে, ভোজনে, দৈব অথবা পিতৃকর্ম্মে ইহাদিগের দ্বারা যাহা দৃষ্ট হয়, সেই কর্ম্ম যথাযথ ফল উৎপাদন করে না॥ ২৪০॥ শূকর,—ঘ্রাণের দ্বারা, কুক্কুট—পক্ষবায়ু দ্বারা, কুক্কুর,—দৃষ্টিক্ষেপ দ্বারা এবং নীচলোকে,—স্পর্শ দ্বারা শ্রাদ্ধাদি কর্ম্ম নষ্ট করে॥ ২৪১॥ খঞ্জ, কাণ, হীনাঙ্গ অথবা অধিকাঙ্গ ব্যক্তি—ইহারা যদি শ্রাদ্ধদাতার ভৃত্যও হয়, তথাপি ইহাদিগকে শ্রাদ্ধের স্থান হইতে অপসারণ করিবে॥ ২৪২॥ শ্রাদ্ধকালে যদি গৃহস্থ অথবা ভিক্ষুক ব্রাহ্মণ ভোজন নিমিত্ত উপস্থিত হয়, তবে নিমন্ত্রিত ব্রাহ্মণগণের অনুজ্ঞা লইয়া তাহাদিগকে যথাশক্তি ভোজন করাইবে॥ ২৪৩॥ ব্রাহ্মণভোজন শেষ হইলে পর, সর্ব্বপ্রকার অন্নব্যঞ্জনাদি একত্রিত ও জল দ্বারা প্লাবিত করিয়া ব্রাহ্মণগণের সম্মুখ ভূমিতে দর্ভোপরি তাহা স্থাপন

সার্ব্ববর্ণিকমন্নাদ্যং সন্নীয়াপ্লাব্য বারিণা।
সমুৎসৃজেদ্ভুক্তবতামগ্রতো বিকিরন্ ভুবি॥ ২৪৪
অসংস্কৃতপ্রমীতানাং ত্যাগিনাং কুলযোষিতাম্।
উচ্ছিষ্টং ভাগধেয়ং স্যাদ্দর্ভেষু বিকিরশ্চ যঃ॥ ২৪৫
উচ্ছেষণং ভূমিগতমজিহ্মস্যাশঠস্য চ।
দাসবর্গস্য তৎ পিত্র্যে ভাগধেয়ং প্রচক্ষতে॥ ২৪৬
আসপিণ্ডক্রিয়াকর্ম্ম দ্বিজাতেঃ সংস্থিতস্য তু।
অদৈবং ভোজয়েচ্ছ্রাদ্ধং পিণ্ডমেকন্তু নির্ব্বপেৎ॥২৪৭
সহপিণ্ডক্রিয়ায়ান্তু কৃতায়ামস্য ধর্ম্মতঃ।
অনয়ৈবাবৃতা কার্য্যং পিণ্ডনির্ব্বপণং সুতৈঃ॥ ২৪৮
শ্রাদ্ধং ভুক্ত্বা য উচ্ছিষ্টং বৃষলায় প্রযচ্ছতি।
স মূঢ়ো নরকং যাতি কালসূত্রমবাক্শিরাঃ॥ ২৪৯
শ্রাদ্ধভুগ্ বৃষলীতল্পং তদহর্যোঽধিগচ্ছতি।
তস্যাঃ পুরীষে তন্মাসং পিতরস্তস্য শেরতে॥ ২৫০
পৃষ্ট্বা স্বদিতমিত্যেবং তৃপ্তানাচাময়েৎ ততঃ।
আচান্তাংশ্চানুজানীয়াদভি ভো রম্যতামিতি॥২৫১
স্বধাস্ত্বিত্যেব তং ব্রূয়ুর্ব্রাহ্মণাস্তদনন্তরম্।

শক্ত্যান্নভোজনেন ভিক্ষাদানেন চার্হয়েৎ॥ ২৪৩॥ সার্ব্ববর্ণিকমিতি। বর্ণশব্দঃ প্রকারবাচী। সর্ব্বপ্রকারমন্নাদিকং ব্যঞ্জনাদিভিরেকীকৃত্য উদকেন প্লাবয়িত্বা কৃতভোজনানাং ব্রাহ্মণানাং পুরতো ভূমৌ "দর্ভেষু বিকিরশ্চ যঃ" ইতি বক্ষ্যমাণত্বাদ্দর্ভোপরি নিক্ষিপন্ ত্যজেৎ॥ ২৪৪॥ অসংস্কৃতেতি। "নাস্য কার্য্যোঽগ্নিসংস্কার" ইতি নিষেধাৎ সংস্কারানর্হবালানাং তথা কুলস্ত্রীণামদৃষ্টদোষাণাং যে ত্যক্তারস্তেষাং পাত্রস্থমুচ্ছিষ্টং দর্ভেষু চ যো বিকিরঃ স ভাগঃ স্যাৎ, অন্যে তু ত্যাগিনামিতি গুর্ব্বাদিত্যাগিনাং কুলযোষিতামিতি স্বাতন্ত্র্যেণ তু কুলযোষিতামনূঢ়কন্যানামিতি ব্যাচক্ষতে। গোবিন্দরাজস্তু ত্যাগিনাং কুলযোষিতামিতি সামান্যোপক্রমাদিদং বিশেষাভিধানং সংস্কৃতং ভক্ষ্যমিতিবৎ ততঃ স্বকুলং ত্যক্ত্বা গতানাং কুলস্ত্রীণামিত্যাহ॥ ২৪৫॥ উচ্ছেষণমিতি। উচ্ছিষ্টং যদ্ভূমিগতং তদ্দাসসমূহস্যাবক্রস্যানলসস্যাকুটিলস্য চ পিত্র্যে শ্রাদ্ধকর্ম্মণি ভাগধেয়ং মন্বাদয়ো বদন্তি॥ ২৪৬॥ আসপিণ্ডেতি। মর্য্যাদায়ামাঙ নাভিবিধৌ। সপিণ্ডীকরণশ্রাদ্ধপর্য্যন্তমচিরমৃতস্য দ্বিজাতেঃ বৈশ্বদেবব্রাহ্মণভোজনরহিতং শ্রাদ্ধার্থমন্নং ব্রাহ্মণং ভোজয়েৎ একঞ্চ পিণ্ডং দদ্যাৎ। অস্য চ শ্রাদ্ধস্যানুষ্ঠানম্—"একোদ্দিষ্টং দৈবহীনমেকার্ঘ্যৈকপবিত্রকম্। আবাহনাগ্নৌকরণরহিতং হ্যপসব্যবদি"তি যাজ্ঞবল্ক্যাদিস্মৃতিষবগন্তব্যম্॥ ২৪৭॥ সহেতি। অস্যেতি যস্যেদমেকোদ্দিষ্টং বিহিতং তস্য ধর্ম্মতঃ স্বগৃহ্যাদিবিধিনা সপিণ্ডীকরণশ্রাদ্ধে কৃতে অনয়ৈবাবৃতা উক্তামাবাস্যা শ্রাদ্ধেতিকর্ত্তব্যতয়া পিণ্ডনির্ব্বপণং পার্ব্বণবিধিনা শ্রাদ্ধং পুত্রৈঃ সর্ব্বত্র মৃতাহাদৌ কর্ত্তব্যম্। নম্বনয়ৈবাবৃতা ইত্যনেন প্রকৃতমেকোদ্দিষ্টমেবহি কিমিতি নো পরামৃশ্যতে? উচ্যতে,—তর্হি সপিণ্ডীকরণাৎ পূর্ব্বমেকোদ্দিষ্টং সপিণ্ডীকরণে কৃতে পুনরনয়ৈবাবৃতা ইতি ভেদনির্দ্দেশো ন স্যাৎ। ততোঽমাবাস্যেতি কর্ত্তব্যতৈব প্রতীয়তে॥ ২৪৮॥ শ্রাদ্ধমিতি। আশ্রিতশূদ্রায় উচ্ছিষ্টদানপ্রসক্তাবয়ং নিষেধঃ। শ্রাদ্ধভোজনোচ্ছিষ্টং যঃ শূদ্রায় দদাতি স মূর্খঃ কালসূত্রং নাম নরকমধোমুখো গচ্ছতি॥ ২৪৯॥ শ্রাদ্ধেতি। বৃষলীশব্দোঽত্র স্ত্রীপর ইত্যাহুঃ। নিরুক্তঞ্চ কুর্ব্বন্তি,—বৃষস্যন্তী চপলয়তি ভর্ত্তারমিতি বৃষলী, ব্রাহ্মণস্য পরিণীতা ব্রাহ্মণ্যপি বৃষলীতি। শ্রাদ্ধং ভুক্ত্বা তদহোরাত্রে যঃ স্ত্রীসংযোগং করোতি তস্য পিতরস্তস্যাঃ পুরীষে মাসং শেরতে ইতি নিবৃত্ত্যর্থা নিন্দা॥ ২৫০॥ পৃষ্ট্বেতি। তৃপ্তান্ ব্রাহ্মণান্ বুদ্ধ্বা স্বদিতমিতি পৃষ্ট্বা তেষামাচমনং কারয়েৎ কৃতাচমনাংশ্চ ভো ইতি সম্বোধ্য অভিরম্যতামিতি ব্রূয়াৎ। অভিত ইতি পাঠে অভিত উভয়ত ইহ বা স্বগৃহে বাস্যতামিত্যর্থঃ॥ ২৫১॥ স্বধেতি। অনুজ্ঞানন্তরং ব্রাহ্মণাঃ শ্রাদ্ধকর্ত্তারং স্বধাস্তু ইতি

করিবে॥ ২৪৪॥ দর্ভের উপর ঐ বিপ্রপাত্রোচ্ছিষ্ট স্থাপিত অন্ন,—অগ্নিসংস্কারের অযোগ্য; মৃত বালকাদির ও যে সকল স্ত্রী স্বকীয় কুল ত্যাগ করিয়া মৃত হইয়াছে, তাহাদিগের প্রাপ্য ভাগ জানিবে॥ ২৪৫॥ শ্রাদ্ধকর্ম্মে যে উচ্ছিষ্ট অন্ন ভূমিতে পড়িয়া যায়, উহা সরল-স্বভাব আলস্যশূন্য অকুটিলহৃদয় দাসবর্গের প্রাপ্যভাগ বলিয়া ঋষিরা নির্দ্দেশ করিয়াছেন॥ ২৪৬॥ সপিণ্ডীকরণ পর্য্যন্ত আসন্নমৃতের যে শ্রাদ্ধ অনুষ্ঠেয়, তাহা বৈশ্বদেবরহিত করিয়া করিতে হয়। তাহাতে এক ব্রাহ্মণ এক পিণ্ড ও এক পবিত্র আবশ্যক॥ ২৪৭॥ ধর্ম্মানুসারে মৃত ব্যক্তির সপিণ্ডীকরণ সমাপন হইলে পর, পুত্রেরা মৃতাহাদি সকল তিথিতে পার্ব্বণের রীতিক্রমে উহার পিণ্ডদান করিবেন॥ ২৪৮॥ শ্রাদ্ধে ভোজন করিয়া যে ব্যক্তি অবশিষ্ট উচ্ছিষ্ট অন্ন শূদ্রকে দেয়, সেই মূর্খ কালসূত্র নামক নরকে অধোমুখে পতিত হয়॥ ২৪৯॥ শ্রাদ্ধে ভোজন করিয়া সেই দিবারাত্রির মধ্যে স্ত্রীসম্ভোগ করিলে, সেই স্ত্রীর বিষ্ঠাতে—সম্ভোগকারীর পিতৃলোক একমাস যাবৎ শয়ন করিয়া থাকেন॥ ২৫০॥ ব্রাহ্মণেরা তৃপ্ত হইয়াছেন জানিয়া তাঁহাদিগকে "স্বদিত" অর্থাৎ "উত্তম আহার হইয়াছে?" এই কথা জিজ্ঞাসা করিয়া আচমন করাইবে। আচমন করিলে তাঁহাদিগকে "ভো অভিরম্যতাম্" অর্থাৎ "বিশ্রাম করুন" এই কথা বলিয়া তাঁহাদিগকে বিশ্রামের জন্য নিবেদন করিবে॥ ২৫১॥ তদনন্তর সেই ব্রাহ্মণেরা শ্রাদ্ধকর্ত্তাকে "স্বধাস্তু"

স্বধাকারঃ পরা হ্যাশীঃ সর্ব্বেষু পিতৃকর্ম্মসু ॥ ১৫২
ততো ভুক্তবতাং তেষামন্নশেষং নিবেদয়েৎ।
যথা ব্রূয়ুস্তথা কুর্য্যাদনুজ্ঞাতস্ততো দ্বিজৈঃ ॥ ২৫৩
পিত্র্যে স্বদিতমিত্যেবং বাচ্যং গোষ্ঠে তু সুশ্রুতম্।
সম্পন্নমিত্যভ্যুদয়ে দৈবে রুচিতমিত্যপি ॥ ২৫৪
অপরাহ্নস্তথা দর্ভা বাস্তুসম্পাদনং তিলাঃ।

ব্রূয়ুঃ। যস্মাৎ সর্ব্বেষু শ্রাদ্ধতর্পণাদিপিতৃকর্ম্মসু স্বধাশব্দোচ্চারণং প্রকৃষ্টা আশীঃ ॥ ২৫২ ॥ তত ইতি। স্বধাশব্দোচ্চারণানন্তরং কৃতভোজনানাং ব্রাহ্মণানাং শেষমন্নমপ্যস্তীত্যবশিষ্টমন্নং নিবেদয়েৎ। তৈর্ব্রাহ্মণৈরিদমনেনান্নেন ক্রিয়তামিত্যনুজ্ঞাতো যথা তে ব্রূয়ুঃ তথান্নশেষবিনিয়োগং কুর্য্যাৎ ॥ ২৫৩ ॥ ইদানীং প্রসঙ্গাচ্ছ্রাদ্ধান্তরেষু বিশেষবিধিমাহ পিত্র্য ইতি। পিত্র্যে নিরপেক্ষপিতৃমাতৃদেবতাকৈকোদ্দিষ্টশ্রাদ্ধে তৃপ্তিপ্রশ্নার্থং স্বদিতমিতি বাচ্যম্। তথাচ গোভিলসাংখ্যায়নৌ —"স্বদিতমিতি তৃপ্তিপ্রশ্নঃ।" মেধাতিথিগোবিন্দরাজৌ তু শ্রাদ্ধকালাগতেনান্যেনাপি স্বদিতমিত্যেব বক্তব্যমিতি ব্যাচক্ষতুঃ। শ্রাদ্ধে স্বদিতমিত্যেতদ্বাচ্যমন্যেন কেনচিৎ। নানুরুদ্ধমিদং বিদ্বদ্বৃদ্ধৈর্ন শ্রদ্দধীমহি ॥ ২৫৩ ॥ গোষ্ঠে গোষ্ঠীশ্রাদ্ধে সুশ্রুতমিতি বাচ্যং "গোষ্ঠ্যাং শুদ্ধ্যর্থমষ্টমমি"তি দ্বাদশবিধশ্রাদ্ধগণনায়াং গোষ্ঠীশ্রাদ্ধমপি বিশ্বামিত্রেণ পঠিতম্। অভ্যুদয়ে বৃদ্ধিশ্রাদ্ধে সম্পন্নমিতি বাচ্যম্। দৈবে দেবতোদ্দেশেন শ্রাদ্ধে রুচিতমিতি বচনীয়ম্। দৈবশ্রাদ্ধন্তু ভবিষ্যপুরাণোক্তম্,—"দেবানুদ্দিশ্য যচ্ছ্রাদ্ধং তৎ তু দৈবিকমুচ্যতে। হবিষ্যেণ বিশিষ্টেন সপ্তম্যাদিষু যত্নতঃ" ॥ ২৫৪ ॥ অপরাহ্ণ ইতি। অমাবাস্যাশ্রাদ্ধস্য প্রকৃতত্বাৎ তদ্বিষয়োঽয়মপরাহ্ণকালঃ। "প্রাতর্বৃদ্ধিনিমিত্তক"মিত্যাদিনা বৃদ্ধিশ্রাদ্ধাদৌ স্মৃত্যন্তরে প্রাতঃকালাদিবিধানাৎ। বিষ্টরাদ্যর্থা দর্ভাঃ। গোময়াদিনা শ্রাদ্ধদেশসংশোধনম্। তিলাশ্চ বিকিরণাদ্যর্থাঃ। সৃষ্টিরকার্পণ্যে-

"স্বধা হউক" বলিয়া আশীর্ব্বাদ করিবেন। সমুদায় পিতৃকার্য্যে স্বধা শব্দের উচ্চারণই পরম আশীর্ব্বাদ ॥ ২৫২ ॥ স্বধাশব্দে আশীর্ব্বাদ করিলে পর "অবশিষ্ট অন্ন কাহাকে দিব ?" এই কথা সেই ব্রাহ্মণগণকে জিজ্ঞাসা করিবে এবং তাঁহারা যাহাকে দিতে বলিবেন, তাহাকে ঐ অন্ন প্রদান করিবে ॥ ২৫৩ ॥ পিতামাতার একোদ্দিষ্ট শ্রাদ্ধে "স্বদিত" এই কথা বলিয়া ব্রাহ্মণগণের তৃপ্তি জিজ্ঞাসা করিবে; গোষ্ঠীশ্রাদ্ধে "সুশ্রুত" এই কথা বলিয়া, বৃদ্ধিশ্রাদ্ধে "সম্পন্ন" এই কথা বলিয়া এবং দেবোদ্দেশ্য শ্রাদ্ধে "রুচিত" এই কথা বলিয়া, ব্রাহ্মণগণের তৃপ্তি জিজ্ঞাসা করিতে হয় ॥ ২৫৪ ॥ অপরাহ্ণকাল, কুশাদি, উত্তমরূপে গৃহাদি মার্জ্জন প্রভৃতি বাস্তুসম্পাদন, তিল,

সৃষ্টির্মৃষ্টির্দ্বিজাশ্চাগ্র্যাঃ শ্রাদ্ধকর্ম্মসু সম্পদঃ ॥ ২৫৫
দর্ভাঃ পবিত্রং পূর্ব্বাহ্ণো হবিষ্যাণি চ সর্ব্বশঃ।
পবিত্রং যচ্চ পূর্ব্বোক্তং বিজ্ঞেয়া হব্যসম্পদঃ ॥ ২৫৬
মুন্যন্নানি পয়ঃ সোমো মাংসং যচ্চানুপস্কৃতম্।
অক্ষারলবণঞ্চৈব প্রকৃত্যা হবিরুচ্যতে ॥ ২৫৭
বিসৃজ্য ব্রাহ্মণাংস্তাংস্তু নিয়তো বাগ্যতঃ শুচিঃ।
দক্ষিণাং দিশমাকাঙ্ক্ষন্ যাচেতেমান্ বরান্ পিতৄন্
দাতারো নোঽভিবর্দ্ধন্তাং বেদাঃ সন্ততিরেব চ।
শ্রদ্ধা চ নো মা ব্যগমদ্বহুদেয়ঞ্চ নোঽস্ত্বিতি ॥ ২৫৯

নান্নাদিবিসর্গঃ। মৃষ্টিরন্নাদেশ্চ সংস্কারবিশেষঃ। পঙ্‌ক্তিপাবনাদয়শ্চ ব্রাহ্মণাঃ। এতাঃ শ্রাদ্ধে সম্পত্তয় ইত্যভিধানাদঙ্গান্তরাপেক্ষং প্রকৃষ্টত্বমেষাং বোধিতম্ ॥ ২৫৫ ॥ দর্ভা ইতি। পবিত্রং মন্ত্রাঃ। পূর্ব্বাহ্ণঃ কালঃ। হবিষ্যাণি মুন্যন্নাদীনি সর্ব্বাণি। যচ্চ পবিত্রং পাবনং বাস্তুসম্পাদনাদি পূর্ব্বমুক্তম্। এতাশ্চ দেবার্থস্য কর্ম্মণঃ সমৃদ্ধয়ঃ। হব্যশব্দো দৈবকর্ম্মোপলক্ষণার্থঃ ॥ ২৫৬ ॥ মুন্যন্নানীতি। মুনের্বানপ্রস্থস্যান্নানি নীবারাদীনি। পয়ঃ ক্ষীরম্। সোমলতারসঃ। অনুপস্কৃতমবিকৃতং পূতিগন্ধাদিরহিতং মাংসম্। অক্ষারলবণমকৃত্রিমলবণং সৈন্ধবাদি। এতৎ স্বভাবতো হবির্ম্ম্বাদিভিরভিধীয়তে ॥ ২৫৭ ॥ বিসৃজ্যেতি। তান্ ব্রাহ্মণান্ বিসৃজ্য অনন্যমনাঃ মৌনী পবিত্রো দক্ষিণাং দিশং বীক্ষমাণ এতান্ বক্ষ্যমাণান্ অভিলষিতান্ অর্থান্ পিতৄন্ প্রার্থয়েৎ ॥ ২৫৮ ॥ দাতার ইতি। অস্মৎকুলে দাতারঃ পুরুষা বর্দ্ধন্তাম্। বেদাশ্চাধ্যয়নাধ্যাপনতদর্থবোধতদর্থযাগাদ্যনুষ্ঠানৈর্বৃদ্ধিমাপ্নুবন্তু, পুত্রপৌত্রাদিকঞ্চ বর্দ্ধতাম্। বেদার্থশ্রদ্ধা

আকাতরে ব্রাহ্মণগণকে অন্নাদি-দান, অন্নাদি-শুদ্ধি এবং পঙ্‌ক্তিপাবন-ব্রাহ্মণলাভ—শ্রাদ্ধকর্ম্মে এই কয়েকটী প্রধান সম্পদ্ বা অঙ্গ ॥ ২৫৫ ॥ কুশ, মন্ত্র, পূর্ব্বাহ্ণকাল, উৎকৃষ্ট হবিষ্যান্নাদি এবং পূর্ব্বোক্ত যে সকল পবিত্রতার কথা বলা হইয়াছে, ইহারা দৈবকার্য্যে সম্পদ্ বলিয়া গণনীয় ॥ ২৫৬ ॥ মুনিজন-সেবিত আরণ্য নীবারাদি অন্ন, দুগ্ধ, সোমরস, অবিকৃত সদ্যোমাংস, সৈন্ধবাদি অবিকৃত লবণ—ইহাদিগকে স্বভাবতঃ হবি বলিয়া ঋষিরা নির্দ্দেশ করিয়াছেন ॥ ২৫৭ ॥ নিমন্ত্রিত ব্রাহ্মণগণকে বিদায় দিয়া শুচিভাবে মৌনাবলম্বী হইয়া একাগ্রচিত্তে সস্পৃহ-নয়নে দক্ষিণদিক্ অবলোকন করিতে করিতে পিতৃলোকের নিকট এই সকল বর প্রার্থনা করিবে যে, "হে পিতৃগণ! আমাদের কুলে যেন দাতালোকের সংখ্যাবৃদ্ধি হয়; অধ্যয়ন, অধ্যাপন ও যাগাদির অনুষ্ঠান দ্বারা বেদ-শাস্ত্রের যেন সম্যক্ আলোচনা হয়;

এবং নির্ব্বপণং কৃত্বা পিণ্ডাংস্তাংস্তদনন্তরম্।
গাং বিপ্রমজমগ্নিং বা প্রাশয়েদপ্সু বা ক্ষিপেৎ ॥
পিণ্ডনির্ব্বপণং কেচিৎ পুরস্তাদেব কুর্ব্বতে।
বয়োভিঃ খাদয়ন্ত্যন্যে প্রক্ষিপন্ত্যনলেঽপ্সু বা ॥২৬১
পতিব্রতা ধর্ম্মপত্নী পিতৃপূজনতৎপরা।
মধ্যমন্তু ততঃ পিণ্ডমদ্যাৎ সম্যক্ সুতার্থিনী ॥২৬২
আয়ুষ্মন্তং সুতং সূতে যশোমেধাসমন্বিতম্।
ধনবন্তং প্রজাবন্তং সাত্ত্বিকং ধার্ম্মিকং তথা ॥ ২৬৩

প্রক্ষাল্য হস্তাবাচম্য জ্ঞাতিপ্রায়ং প্রকল্পয়েৎ।
জ্ঞাতিভ্যঃ সৎকৃতং দত্ত্বা বান্ধবানপি ভোজয়েৎ ॥
উচ্ছেষণন্তু তৎ তিষ্ঠেদ্‌যাবদ্বিপ্রা বিসর্জ্জিতাঃ।
ততো গৃহবলিং কুর্য্যাদিতি ধর্ম্মো ব্যবস্থিতঃ ॥২৬৫
হবির্যচ্চিররাত্রায় যচ্চানন্ত্যায় কল্পতে।
পিতৃভ্যো বিধিবদ্দত্তং তৎ প্রবক্ষ্যাম্যশেষতঃ ॥ ২৬৬
তিলৈর্ব্রীহিযবৈর্ম্মাষৈরদ্ভির্ম্মূলফলেন বা।
দত্তেন মাসং প্রীয়ন্তে বিধিবৎ পিতরো নৃণাম্ ॥ ২৬৭

চাস্মৎকুলে ন ব্যপৈতু। দাতব্যঞ্চ ধনাদিকং বহু ভবতু ॥ ২৫৯ ॥ এবমিতি। এবমুক্তপ্রকারেণ পিণ্ডানাং প্রদানং কৃত্বা প্রকৃতবরযাচনানন্তরং তান্ পিণ্ডান্ গাং ব্রাহ্মণং ছাগং বা ভোজয়েৎ অগ্নৌ জলে বা ক্ষিপেৎ ॥ ২৬০ ॥ পিণ্ডেতি। পিণ্ডপ্রদানং কেচিদাচার্য্যা ব্রাহ্মণভোজনানন্তরং কুর্ব্বতে। অন্যে পক্ষিভিঃ পিণ্ডান্ খাদয়ন্তি। ইয়ঞ্চ পক্ষিভোজনরূপা প্রতিপত্তিরগ্ন্যুদকপ্রক্ষেপয়োর্বৈকল্পিকীতি দর্শয়িতুমুক্তয়োরপ্যভিধানম্ ॥ ২৬১ ॥ পতিব্রতেতি। ধর্ম্মার্থকামেষু মনোবাক্‌কায়কর্ম্মভিঃ পতিরেব ময়া পরিচরণীয় ইতি ব্রতং যস্যাঃ সা পতিব্রতা ধর্ম্মপত্নী সবর্ণা প্রথমোঢ়া শ্রাদ্ধক্রিয়ায়াং শ্রদ্ধাশালিনী পুত্রার্থিনী তেষাং পিণ্ডানাং মধ্যমং পিতামহপিণ্ডং ভক্ষয়েৎ; আধত্ত পিতরো গর্ভমিত্যাদিগৃহ্যোক্তমন্ত্রেণ ॥ ২৬২ ॥ আয়ুষ্মন্তমিতি। তেন পিণ্ডভক্ষণেন দীর্ঘায়ুষং কীর্ত্তিধারণাত্মকবুদ্ধিযুক্তং ধন-পুত্রাদিসন্ততি-ধর্ম্মানুষ্ঠান-সত্ত্বাখ্যগুণান্বিতং পুত্রং

জনয়তি ॥ ২৬৩ ॥ প্রক্ষাল্যেতি। তদনু হস্তৌ প্রক্ষাল্যাচম্য জ্ঞাতিপ্রায়মন্নং কুর্য্যাৎ। জ্ঞাতীন্ প্রৈতি গচ্ছতীতি জ্ঞাতিপ্রায়ম্, কর্ম্মণ্যণ্। জ্ঞাতীন্ ভোজয়েদিত্যর্থঃ। তেভ্যঃ পূজাপূর্ব্বকমন্নং দত্ত্বা মাতৃপক্ষানপি সাইণং ভোজয়েৎ ॥ ২৬৪ ॥ উচ্ছেষণমিতি। তদ্‌ব্রাহ্মণোচ্ছিষ্টং তাবৎকালং তিষ্ঠেৎ যাবদ্‌ব্রাহ্মণানাং বিসর্জ্জনম্। ব্রাহ্মণেষু তু নির্গতেষু মাষ্ট ব্যমিত্যর্থঃ। ততঃ সম্পন্নে শ্রাদ্ধকর্ম্মণি বৈশ্বদেববলিহোমকর্ম্মনিত্যশ্রাদ্ধাতিথিভোজনানি কর্ত্তব্যানি। বলিশব্দস্য প্রদর্শনার্থত্বাৎ। অতএব মৎস্যপুরাণে—"নির্ব্বর্ত্ত্য প্রণিপত্যাথ পর্য্যুক্ষ্যাগ্নিঞ্চ মন্ত্রবিৎ। বৈশ্বদেবং প্রকুর্ব্বীত নৈত্যিকং বিধিমেব চে"তি ॥ ২৬৫ ॥ যৈশ্চান্নৈরিতি পূর্ব্বমুক্তমপি ব্যবধানাদবুদ্ধিস্থং শিষ্যসুখপ্রতিপত্তয়ে পুনর্ব্বক্তব্যতয়া প্রতিজানীতে হবিরিতি। চিররাত্রায়পদমব্যয়ং চিরকালবাচি। অতএব "চিরায় চিররাত্রায় চিরস্যাদ্যাশ্চিরার্থকা" ইত্যাভিধানিকাঃ। যদ্‌যৎ হবিঃ পিতৃভ্যো যথাবিধি দত্তং চিরকালতৃপ্তয়ে অনন্ততৃপ্তয়ে চ সম্পদ্যতে তন্নিঃশেষেণাভিধাস্যামি ॥ ২৬৬ ॥ তিলৈরিতি। তিল-ধান্য-যব-মাষ-জলমূলফলানামন্যতমেন যথাশাস্ত্রং শ্রদ্ধয়া দত্তেন মনুষ্যাণাং মাসং পিতরস্তৃপ্যন্তি। "কৃষ্ণা মাষাস্তিলাশ্চৈব শ্রেষ্ঠাঃ স্যুর্যবশালয়" ইতি বায়ুপুরাণবচনান্মাষৈরিতি কৃষ্ণমাষা

আমাদের পুত্র-পৌত্রাদি বংশপরম্পরা যেন চিরকাল বিস্তৃত থাকে; বেদের উপর অটল শ্রদ্ধা যেন আমাদের কুল হইতে তিরোহিত না হয় এবং দান করিবার জন্য দেয় দ্রব্যেরও যেন কখন অসদ্ভাব না থাকে ॥ ২৫৮। ২৫৯ ॥ শ্রাদ্ধকার্য্য সম্পন্ন ও এইরূপে প্রার্থনা শেষ হইলে পর, পিণ্ডগুলি গাভী, ব্রাহ্মণ অথবা ছাগকে ভোজন করাইবে, কিম্বা জলমধ্যে নিক্ষেপ করিবে ॥২৬০॥ কোন কোন আচার্য্য অগ্রে ব্রাহ্মণ-ভোজন করাইয়া পরে পিণ্ডদান করিয়া থাকেন। কেহ কেহ বা পক্ষিগণকে পিণ্ডগুলি খাওয়াইয়া থাকেন, অপর কেহ কেহ বা তাহাদিগকে অগ্নিতে বা জলে নিক্ষেপ করিতে উপদেশ দেন ॥ ২৬১ ॥ পিতৃপূজন-তৎপরা পতিব্রতা ধর্ম্মপত্নী যদি বিশিষ্টপুত্রকামা হন, তবে তাঁহাকে গৃহ্যোক্ত মন্ত্র দ্বারা মধ্যম পিণ্ড অর্থাৎ পিতামহের পিণ্ড ভোজন করাইবে ॥ ২৬২ ॥ মধ্যম পিণ্ড ভক্ষণ করিলে সেই ধর্ম্মপত্নীর গর্ভে যে সন্তান উৎপন্ন হয়, সে আয়ুষ্মান, যশস্বী, মেধাসম্পন্ন, ধনবান্, প্রজাবান্,

সত্ত্বগুণবিশিষ্ট এবং ধার্ম্মিক হইয়া থাকে ॥ ২৬৩ ॥ তদনন্তর হস্তদ্বয় প্রক্ষালন করিয়া আচমনপূর্ব্বক পরম সমাদরে জ্ঞাতিদিগকে ভোজন করাইবে। জ্ঞাতিদিগের সেবা শেষ হইলে, মাতৃপক্ষীয় ব্রাহ্মণদিগকে ভোজন করাইবে ॥ ২৬৪ ॥ যাবৎ ব্রাহ্মণগণ তথা হইতে প্রস্থান না করেন, তাবৎকাল ব্রাহ্মণগণের উচ্ছিষ্ট মার্জ্জনা করিবে না। শ্রাদ্ধকর্ম্ম সমাপন হইলে পর, বৈশ্বদেবাদি নিত্যকর্ম্ম সকল করিবে—ইহাই ধর্ম্মব্যবস্থা ॥ ২৬৫ ॥ "যে যে অন্ন পিতৃলোককে যথাবিধি প্রদান করিলে তাঁহাদের দীর্ঘকালব্যাপী অক্ষয় তৃপ্তির কারণ হয়, তাহা অশেষপ্রকারে বলিতেছি, শ্রবণ কর ॥ ২৬৬ ॥ তিল, ধান্য, যব, কৃষ্ণমাষকলাই, জল, মূল ও ফল—ইহার মধ্যে যে কোন বস্তু শ্রদ্ধাপূর্ব্বক যথাবিধি প্রদত্ত হইলে পিতৃলোক একমাস পরি-

দ্বৌ মাসৌ মৎস্যমাংসেন ত্রীন্ মাসান্ হারিণেন তু
ঔরভ্রেণাথ চতুরঃ শাকুনেনাথ পঞ্চ বৈ॥ ২৬৮
ষণ্মাসাংশ্ছাগমাংসেন পার্ষতেন চ সপ্ত বৈ।
অষ্টাবেণস্য মাংসেন রৌরবেণ নবৈব তু॥ ২৬৯
দশ মাসাংস্তু তৃপ্যন্তি বরাহমহিষামিষৈঃ।
শশকূর্ম্ময়োস্তু মাংসেন মাসানেকাদশৈব তু॥ ২৭০
সংবৎসরন্তু গব্যেন পয়সা পায়সেন চ।
বার্দ্ধীণসস্য মাংসেন তৃপ্তির্দ্বাদশবার্ষিকী॥ ২৭১
কালশাকং মহাশল্কাঃ খড়্গলোহামিষং মধু।
আনন্ত্যায়ৈব কল্পন্তে মুন্যন্নানি চ সর্ব্বশঃ॥ ২৭২
যৎকিঞ্চিন্মধুনা মিশ্রং প্রদদ্যাৎ তু ত্রয়োদশীম্।
তদপ্যক্ষয়মেব স্যাদ্বর্ষাসু চ মঘাসু চ॥ ২৭৩
অপি নঃ স কুলে জায়াদ্ যো নো দদ্যাৎত্রয়োদশীম্
পায়সং মধুসর্পির্ভ্যাং প্রাক্ছায়ে কুঞ্জরস্য চ॥ ২৭৪

বোদ্ধব্যাঃ॥ ২৬৭॥ দ্বাবিতি। পাঠীনাদিমৎস্যানাং মাংসেন দ্বৌ মাসৌ পিতরঃ প্রীয়ন্ত ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ। ত্রীন্ মাসান্ হারিণেন মাংসেন। চতুরো মেষমাংসেন। পঞ্চ দ্বিজাতিভক্ষ্যপক্ষিমাংসেন॥ ২৬৮॥ ষণ্মাসানিতি। ষণ্মাসান্ ছাগমাংসেন প্রীয়ন্তে। পৃষতশ্চিত্রমৃগস্তন্মাংসেন সপ্ত। এণমাংসেনাষ্টৌ। রুরুমাংসেন নব। এণরুরূ হরিণজাতিবিশেষৌ॥ ২৬৯॥ দশেতি। দশমাসানারণ্যশূকরমহিষমাংসৈস্তৃপ্যন্তি। একাদশ শশকচ্ছপমাংসেন॥ ২৭০॥ সংবৎসরমিতি। বর্ষং পুনর্গোভবক্ষীরেণ তৎসাধিতৌদনেন চ তৃপ্যন্তি, তত্রৈব পায়সশব্দপ্রসিদ্ধেঃ। বার্দ্ধীণসস্য মাংসেন দ্বাদশবর্ষপর্য্যন্তং পিতৃতৃপ্তির্ভবতি। বার্দ্ধীণসশ্চ নিগমে ব্যাখ্যাতঃ,—"ত্রিপিবন্ত্বিন্দ্রিয়ক্ষীণং শ্বেতং বৃদ্ধমজাপতিম্। বার্দ্ধীণসন্তু তং প্রাহুর্যাজ্ঞিকাঃ পিতৃকর্ম্মণি॥" নদ্যাদৌ পয়ঃ পিবতো যস্য ত্রীণি জলং স্পৃশন্তি, কর্ণৌ জিহ্বা চ ত্রিভিঃ পিবতীতি ত্রিপিবঃ॥ ২৭১॥ কালেতি। কালশাকাখ্যং শাকম্। মহাশল্কাঃ সশল্কা ইতি মেধাতিথিঃ। মৎস্যবিশেষা ইতি যুজ্যতে। "মহাশল্কিনো মৎস্যা" ইতি বচনাৎ। খড়্গো গণ্ডকঃ। লোহো লোহিতবর্ণঃ ছাগ এব। "ছাগেন সর্ব্বলোহেনানন্ত্যমি"তি পৈঠীনসিবচনাৎ। তয়োরামিষং মাংসম্। মধু মাক্ষিকম্। মুন্যন্নানি নীবারাদীনি আরণ্যানি সর্ব্বাণি। এতান্যনন্ততৃপ্তয়ে সম্পদ্যন্তে॥ ২৭২॥ যদিতি। ঋতুনক্ষত্রতিথীনাময়ং সমুচ্চয়ঃ। যৎ কিঞ্চিদিত্যপ্রসিদ্ধং মধুসংযুক্তং বর্ষাকালে মঘাত্রয়োদশ্যাং দীয়তে তদপ্যক্ষয়তৃপ্তয়ে ভবতি। ত্রয়োদশ্যা অধিকরণত্বেঽপীপ্সিতত্ববিবক্ষয়া প্রাপ্যেত্যধ্যাহারাদ্বা দ্বিতীয়া॥ ২৭৩॥ অপীতি। বর্ষাসু মঘাযুক্তত্রয়োদশী পূর্ব্বোক্তা বিবক্ষিতা। তত্রাপি "প্রৌষ্ঠপদ্যামতীতায়াং মঘাযুক্তাং ত্রয়োদশীম্। প্রাপ্য শ্রাদ্ধং হি কর্ত্তব্যং মধুনা পায়সেন চে"তি শঙ্খবচনাৎ ভাদ্রকৃষ্ণত্রয়োদশী পূর্ব্বত্রেহ চ গৃহ্যতে। পিতরঃ কিলৈবমাশাসতে—অপি নাম তথাবিধঃ কশ্চিদস্মাকং কুলে ভূয়াৎ যোঽস্মভ্যং প্রকৃতায়াং ত্রয়োদশ্যাং তথা তিথ্যন্তরেঽপি হস্তিনঃ পূর্ব্বাং দিশং গতায়াং ছায়ায়াং মধুঘৃতসংযুক্তং পায়সং দদ্যাৎ। ন তু ত্রয়োদশীহস্তিচ্ছায়য়োঃ সমুচ্চয়ঃ। যথাহ বিষ্ণুঃ—"অপি জায়েত সোঽস্মাকং কুলে কশ্চিন্নরোত্তমঃ। প্রাবৃট্কালেঽসিতে পক্ষে ত্রয়োদশ্যাং সমাহিতঃ। মধূৎকটেন যঃ শ্রাদ্ধং পায়সেন সমাচরেৎ। কার্ত্তিকং সকলং বাপি প্রাক্ছায়ে কুঞ্জরস্য চ॥"২৭৪॥

তৃপ্ত থাকেন॥ ২৬৭॥ পাঠীনাদি মৎস্যের মাংস প্রদত্ত হইলে তদ্দ্বারা পিতৃলোক দুই মাস, হরিণমাংস দ্বারা তিন মাস, মেষমাংসে চারি মাস এবং দ্বিজাতিভক্ষ্য পক্ষিমাংসে পাঁচ মাসকাল যাবৎ পরিতৃপ্ত থাকেন॥ ২৬৮॥ ছাগমাংস দ্বারা তাঁহারা ছয় মাস তৃপ্ত থাকেন, চিত্রিত মৃগমাংস দ্বারা সাতমাস, এণ-মৃগমাংস দ্বারা আটমাস এবং রুরু-মৃগমাংস দ্বারা পিতৃলোকের নয় মাসকাল তৃপ্তি থাকে॥ ২৬৯॥ বন্যবরাহ ও মহিষমাংস শ্রাদ্ধে প্রদত্ত হইলে, পিতৃলোক দশ মাসকাল তৃপ্ত থাকেন এবং শশ ও কচ্ছপমাংস দ্বারা তাঁহাদিগের একাদশ মাস পর্য্যন্ত তৃপ্তি থাকে॥ ২৭০॥ গো-দুগ্ধ এবং তাহার পায়স দ্বারা তাঁহাদিগের সংবৎসর তৃপ্তি থাকে এবং বার্দ্ধীণস মাংসে তাঁহাদের দ্বাদশবর্ষব্যাপী তৃপ্তি হয়। লম্বা লম্বা জিহ্বা ও কর্ণবিশিষ্ট ক্ষীণেন্দ্রিয়, বৃদ্ধ শ্বেত ছাগবিশেষকে বার্দ্ধীণস বলে॥ ২৭১॥ কালশাক নামক শাক, যে সকল মৎস্যে বড় বড় শল্ক অর্থাৎ আঁইস আছে—সেই সমুদায় মৎস্য, গণ্ডারের মাংস, রক্তবর্ণ ছাগের মাংস, মধু এবং নীবারাদি মুনিজন-ভক্ষ্য অন্ন—এই সকল দ্রব্য দ্বারা পিতৃলোকের অনন্তকালের জন্য তৃপ্তি সাধিত হয়॥ ২৭২॥ বর্ষাকালে মঘানক্ষত্রে যদি ত্রয়োদশীর যোগ হয়, তাহা হইলে সেই দিনে যে কোন মধু-মিশ্রিত অন্ন পিতৃলোককে প্রদান করা উচিত; তদ্দ্বারা তাঁহাদের অক্ষয় তৃপ্তি হইয়া থাকে॥ ২৭৩॥ পিতৃলোকেরা প্রার্থনা করেন যে,—এমন বংশধর যেন আমাদের কুলে জন্মগ্রহণ করেন, যিনি মঘাত্রয়োদশীতে অথবা অন্য তিথিতে ও যে কালে প্রাক্কুঞ্জরচ্ছায় হয়, (হস্তীর ছায়া পূর্ব্বদিকে পড়ে) সেই কালে আমাদিগকে ঘৃতমধুযুক্ত পায়স দ্বারা পরিতৃপ্ত করিবেন *॥

* উপরে কুল্লূকভট্টের মত লিখিত হইল। আশ্বিন মাসে সূর্য্য হস্তা নক্ষত্রে থাকিতে, মুখ্যচান্দ্র ভাদ্রমাসের মঘাযুক্ত

যদ্‌যদ্দদাতি বিধিবৎ সম্যক্‌শ্রদ্ধাসমন্বিতঃ।
তৎ তৎ পিতৃণাং ভবতি পরত্রানন্তমক্ষয়ম্॥ ২৭৫
কৃষ্ণপক্ষে দশম্যাদৌ বর্জ্জয়িত্বা চতুর্দ্দশীম্।
শ্রাদ্ধে প্রশস্তাস্তিথয়ো যথৈতা ন তথেতরাঃ॥২৭৬
যুক্ষু কুর্ব্বন্ দিনর্ক্ষেষু সর্ব্বান্ কামান্ সমশ্নুতে।
অযুক্ষু তু পিতৄন্ সর্ব্বান্ প্রজাং প্রাপ্নোতি পুষ্কলাম্।
যথা চৈবাপরঃ পক্ষঃ পূর্ব্বপক্ষাদ্ বিশিষ্যতে।

যদিতি। যদ্‌যদিতি বীপ্সায়াম্। সর্ব্বমন্নমপ্রতিষিদ্ধং যথাশাস্ত্রং সম্যগ্‌রূপশ্রদ্ধাযুক্তঃ পিতৃভ্যো দদাতি তদনন্তং সর্ব্বকালমক্ষয়মনপচিতং পরলোকে পিতৃতৃপ্তয়ে ভবতি। অতস্তৎফলার্থিনা শ্রদ্ধয়া দেয়মিতি বিধীয়তে॥ ২৭৫॥ কৃষ্ণেতি। কৃষ্ণপক্ষে দশমীমারভ্য চতুর্দ্দশীং ত্যক্ত্বা শ্রাদ্ধে যথা তিথয়ঃ শ্রেষ্ঠাঃ মহাফলা ন তথৈতদন্যাঃ প্রতিপদাদয়ঃ॥ ২৭৬॥ যুক্ষ্বিতি। দিনশব্দোঽত্র তিথিপরঃ। যুক্ষু যুগ্মাসু তিথিষু দ্বিতীয়াচতুর্থ্যাদিষু যুগ্মেষু নক্ষত্রেষু ভরণীরোহিণ্যাদিষু চ শ্রাদ্ধং কুর্ব্বন্ সর্ব্বাভিলষিতান্ প্রাপ্নোতি। অযুগ্মাসু তিথিষু প্রতিপৎতৃতীয়াপ্রভৃতিষু অযুগ্মেষু চ নক্ষত্রেষু অশ্বিনীকৃত্তিকাদিষু শ্রাদ্ধেন পিতৄন্ পূজয়ন্ পুত্রাদিসন্ততিং লভতে। পুষ্কলাং ধনবিদ্যাপরিপুষ্টাম্॥ ২৭৭॥ যথেতি। চৈত্রসিতাদ্যা মাসা ইতি জ্যোতিঃশাস্ত্রবিধানাৎ শুক্লপক্ষোপক্রমত্বান্মাসানাম্ অপরঃ পক্ষঃ কৃষ্ণপক্ষঃ, স যথা শুক্লপক্ষাৎ শ্রাদ্ধস্য সম্বন্ধী বিশিষ্টফলদো ভবতি এবং পূর্ব্বার্দ্ধদিবসাৎ উত্তরার্দ্ধদিবসঃ প্রকৃষ্টফলো বিশিষ্যত ইতি

২৭৪॥ সম্যক্ শ্রদ্ধাসমন্বিত হইয়া পিতৃ-লোককে যথাবিধি যাহা কিছু দান করা যায়, পরকালে তাহা পিতৃলোকের অক্ষয় ও অনন্ত তৃপ্তির কারণ হয়॥ ২৭৫॥ চতুর্দ্দশী ত্যাগ করিয়া কৃষ্ণপক্ষের দশমী হইতে অমাবস্যা পর্য্যন্ত যে পাঁচ তিথি, ইহারা শ্রাদ্ধকার্য্যে যেমন প্রশস্ত, অপরাপর প্রতিপদাদি তিথি সকল তেমন নহে॥ ২৭৬॥ দ্বিতীয়া চতুর্থী প্রভৃতি যুগ্মতিথিতে ও ভরণী রোহিণী প্রভৃতি যুগ্মনক্ষত্রে শ্রাদ্ধ করিলে সমুদয় কামনা সিদ্ধ হয় এবং অযুগ্ম তিথিতে অর্থাৎ প্রতিপৎ তৃতীয়াদি তিথিতে এবং অযুগ্ম নক্ষত্রে অর্থাৎ অশ্বিনী কৃত্তিকা প্রভৃতিতে শ্রাদ্ধ করিলে, ধনবিদ্যাদিসম্পন্ন সন্ততি লাভ করা যায়॥ ২৭৭॥ শ্রাদ্ধকার্য্যে অপর পক্ষ অর্থাৎ কৃষ্ণপক্ষ যেমন পূর্ব্বপক্ষ অর্থাৎ শুক্লপক্ষ হইতে বিশেষ ফলদায়ী,

কৃষ্ণত্রয়োদশী হইলে, "কুঞ্জরচ্ছায়" যোগ হয়। পিতৃগণ সেই কুঞ্জরচ্ছায় যোগে শ্রাদ্ধের আকাঙ্ক্ষা করেন। কেবল মঘাত্রয়োদশী অপেক্ষা কুঞ্জরচ্ছায় যোগে ফলাধিক্য, এইজন্য তাহার বিশেষরূপে গ্রহণ।

তথা শ্রাদ্ধস্য পূর্ব্বাহ্ণাদপরাহ্ণো বিশিষ্যতে॥ ২৭৮
প্রাচীনাবীতিনা সম্যগপসব্যমতন্দ্রিণা।
পিত্র্যমা নিধনাৎ কার্য্যং বিধিবদ্দর্ভপাণিনা॥২৭৯
রাত্রৌ শ্রাদ্ধং ন কুর্ব্বীত রাক্ষসী কীর্ত্তিতা হি সা।
সন্ধ্যয়োরুভয়োশ্চৈব সূর্য্যে চৈবাচিরোদিতে॥২৮০
অনেন বিধিনা শ্রাদ্ধং ত্রিরব্দস্যেহ নির্ব্বপেৎ।
হেমন্ত-গ্রীষ্ম-বর্ষাসু পাঞ্চযজ্ঞিকমন্বহম্॥ ২৮১

বচনাৎ পূর্ব্বার্দ্ধেঽপি শ্রাদ্ধকর্ত্তব্যতাং বোধয়তি। ননু শুক্লপক্ষাদনুক্তোৎকর্ষস্যাপরপক্ষস্য কথং দৃষ্টান্ততা, প্রসিদ্ধো হি দৃষ্টান্তো ভবতি। উচ্যতে,—কৃষ্ণপক্ষে দশম্যাদাবিত্যত্রৈব বিশিষ্টবিধাবুৎকর্ষাভিধানাৎ॥ ২৭৮॥ প্রাচীতি। দক্ষিণাংসস্থিতযজ্ঞোপবীতেনানলসেন দর্ভহস্তেন অপসব্যং পিতৃতীর্থেন যথাশাস্ত্রং সর্ব্বং পিতৃসম্বন্ধি কর্ম্ম আ নিধনাৎ আ সমাপ্তেঃ কর্ত্তব্যম্। আ নিধনাদ্‌যাবজ্জীবমিতি মেধাতিথিগোবিন্দরাজৌ॥ ২৭৯॥ রাত্রাবিতি। রাত্রৌ শ্রাদ্ধং ন কর্ত্তব্যম্। যস্মাচ্ছ্রাদ্ধবিনাশনগুণযোগাৎ রাক্ষসী মন্বাদিভিরসৌ কথিতা। সন্ধ্যয়োশ্চ ন কুর্য্যাৎ আদিত্যে চাচিরোদিতে। অচিরোদিতাদিত্যকালশ্চাপেক্ষায়াং ত্রিমুহূর্ত্তঃ প্রাতঃকালো গ্রাহ্যঃ। যথোক্তং বিষ্ণুপুরাণে—"রেখাপ্রভৃত্যথাদিত্যে ত্রিমুহূর্ত্তং গতে রবৌ। প্রাতস্তনঃ স্মৃতঃ কালো ভাগঃ সোঽহ্নস্তু পঞ্চমঃ॥" অপরাহ্নস্য শ্রাদ্ধাঙ্গতয়া বিধানাৎ কথময়মপ্রসক্তপ্রতিষেধ ইতি চেন্ন; নায়ং প্রতিষেধঃ, স হি রাগপ্রাপ্তস্য বা স্যাৎ বিধিপ্রাপ্তস্য বা? নাদ্যঃ, নাত্র রাগতো নিত্যস্য দর্শশ্রাদ্ধস্য প্রাপ্তত্বাৎ। বিধিপ্রাপ্তস্য নিষেধে ষোড়শীগ্রহণাগ্রহণবদ্বিকল্পঃ স্যাৎ। তস্মাৎ পর্য্যুদাসোঽয়ং, রাত্র্যাদিপর্য্যুদস্তেতরকালে শ্রাদ্ধং কুর্য্যাৎ অনুযাজেতরবদিতিষু যে যজামহ ইতি মন্ত্রবৎ। অপরাহ্নবিধিশ্চ প্রাশস্ত্যার্থঃ। অত এবোক্তম্,—"যথা শ্রাদ্ধস্য পূর্ব্বাহ্ণাদপরাহ্ণো বিশিষ্যত" ইতি॥ ২৮০॥ অনেনেতি। কুর্য্যান্মাসানুমাসিকমিতি প্রতিমাসং শ্রাদ্ধং বিহিতং, তদসম্ভবে বিধিরয়ং চতুর্ভির্মাসৈশ্চর্তুরেকঃ ত্র্যৃতুঃ সংবৎসর ইতীমং পক্ষমাশ্রিত্যোচ্যতে। অনেনোক্তবিধানেন সংবৎসরমধ্যে ত্রীন্ বারান্ হেমন্তগ্রীষ্মবর্ষাসু শ্রাদ্ধং কর্ত্তব্যম্। তচ্চ সময়াচারাৎ কুম্ভ-বৃষ-

তেমনি পূর্ব্বাহ্ণ হইতে অপরাহ্ণও শ্রাদ্ধকার্য্যে বিশেষ ফলোপধায়ক॥ ২৭৮॥ প্রাচীনাবীতী অর্থাৎ দক্ষিণস্কন্ধস্থিত-যজ্ঞসূত্রধারী হইয়া, নিরলস ভাবে—কুশহস্তে সম্যক্ পিতৃতীর্থ দ্বারা শ্রাদ্ধসমাপ্তি পর্য্যন্ত সমুদয় পিতৃকার্য্য সমাপন করিবে॥ ২৭৯॥ রাত্রিকালে শ্রাদ্ধ করিবে না,—রাত্রিকালকে ঋষিরা রাক্ষসী বেলা বলিয়া থাকেন। উভয় সন্ধ্যাকালেও শ্রাদ্ধ করিবে না, অথবা সূর্য্য সম্প্রতি উদিত হইয়াছেন, এমন কালেও শ্রাদ্ধ করিবে না॥ ২৮০॥ যদি মাসে মাসে পূর্ব্ববিহিত শ্রাদ্ধ করিতে না পারে, তবে পূর্ব্বোক্ত বিধিমতে

ন পৈতৃযজ্ঞিয়ো হোমো লৌকিকেঽগ্নৌ বিধীয়তে।
ন দর্শেন বিনা শ্রাদ্ধমাহিতাগ্নের্দ্বিজন্মনঃ॥ ২৮২
যদেব তর্পয়ত্যদ্ভিঃ পিতৄন্ স্নাত্বা দ্বিজোত্তমঃ।
তেনৈব কৃৎস্নমাপ্নোতি পিতৃযজ্ঞক্রিয়াফলম্॥ ২৮৩
বসূন্ বদন্তি বৈ পিতৄন্ রুদ্রাংশ্চৈব পিতামহান্।
প্রপিতামহাংস্তথাদিত্যান্ শ্রুতিরেষা সনাতনী॥ ২৮৪

কস্মাদহেঽর্কে পঞ্চমহাযজ্ঞান্তর্গতঞ্চ একমপ্যাশয়েদ্বিপ্রমিত্যনেন বিহিতং প্রত্যহন্তু কুর্য্যাদিতি পূর্ব্বোক্তদার্ঢ্যার্থম্॥ ২৮১॥ নপৈত্রেতি। অগ্নেঃ সোমযমাভ্যাঞ্চেত্যনেন বিহিতপিতৃযজ্ঞাঙ্গভূতো হোমো ন লৌকিকে শ্রৌতস্মার্ত্তব্যতিরিক্তাগ্নৌ শাস্ত্রেণ বিধীয়তে। তস্মাৎ ন লৌকিকাগ্নাবগ্নৌকরণহোমঃ কর্ত্তব্যঃ। নিরগ্নিনা তু "অগ্ন্যভাবে তু বিপ্রস্য পাণাবি"ত্যভিধানাৎ বিপ্রপাণ্যাদৌ করণীয়ঃ। আহিতাগ্নের্দ্বিজস্য নামাবাস্যাব্যতিরেকেণ কৃষ্ণপক্ষে দশম্যাদৌ শ্রাদ্ধং বিধীয়তে। মৃতাহশ্রাদ্ধস্ত নিয়তত্বাৎ কৃষ্ণপক্ষেঽপি তিথ্যন্তরে ন নিষিধ্যতে॥ ২৮২॥ যদিতি। পাঞ্চযজ্ঞিকশ্রাদ্ধাসম্ভবে বিধিরয়ম্। যত্র স্নানানন্তরমুদকতর্পণং দ্বিজঃ করোতি তেনৈব সর্ব্বং নিত্যশ্রাদ্ধফলং প্রাপ্নোতি। দ্বিজোত্তমপদং দ্বিজপরম্॥ ২৮৩॥ বসূনিতি। যস্মাৎ পিত্রাদয়ো বস্বাদয় ইতি এষা অনাদিভূতা শ্রুতিরস্তি অতঃ পিতৄন্ বস্বাখ্যদেবান্ পিতামহান্ রুদ্রান্ প্রপিতামহানাদিত্যান্ মন্বাদয়ো বদন্তি। ততশ্চ সিদ্ধবোধনবৈয়র্থ্যাৎ শ্রাদ্ধে পিত্রাদয়ো বস্বাদিরূপেণ ধ্যেয়া ইতি বিধিঃ কল্প্যতে। অতএব পৈঠীনসিঃ,—"য এবং বিদ্বান্ পিতৄন্ যজতে বসবো রুদ্রা আদিত্যাশ্চাস্য প্রীতা ভবন্তি।" মেধাতিথিগোবিন্দরাজৌ তু পিতৃদ্বেষান্নাস্তি[illegible]দ্বা যঃ পিতৃকর্ম্মণি ন প্রবর্ত্ততে তং প্রত্যেতৎ প্রবর্ত্তনার্থং দেবতাত্বাধ্যারোপেণ পিতৄণাং স্তুতিবচনম্॥ ২৮৪॥

হেমন্ত, বর্ষা ও গ্রীষ্মকালে তিনবার শ্রাদ্ধ করিবে। কিন্তু পঞ্চযজ্ঞান্তর্গত শ্রাদ্ধকার্য্য প্রতিদিন করিবে॥ ২৮১॥ পিতৃযজ্ঞে যে হোম বিহিত হইয়াছে, তাহা লৌকিক অগ্নিতে অর্থাৎ শ্রৌত-স্মার্ত্ত ভিন্ন অপর অগ্নিতে করিবে না। সাগ্নিক ব্রাহ্মণাদি অমাবস্যা ব্যতিরিক্ত কৃষ্ণপক্ষের দশম্যাদি তিথিতে শ্রাদ্ধ করিবেন না॥ ২৮২॥ স্নানান্তে দ্বিজ যখন জল দ্বারা পিতৃলোকের তর্পণ করেন, তখন তিনি তদ্দ্বারাই সমুদায় পিতৃযজ্ঞ-ক্রিয়ার ফল প্রাপ্ত হন॥ ২৮৩॥ ঋষিরা পিতৃগণকে বসু বলিয়া থাকেন; পিতামহগণকে রুদ্র ও প্রপিতামহগণকে আদিত্য বলেন। পিতৃলোকের এইরূপ

বিঘসাশী ভবেন্নিত্যং নিত্যং বামৃতভোজনঃ।
বিঘসো ভুক্তশেষন্তু যজ্ঞশেষং তথামৃতম্॥ ২৮৫
এতদ্বোঽভিহিতং সর্ব্বং বিধানং পাঞ্চযজ্ঞিকম্।
দ্বিজাতিমুখ্যবৃত্তীনাং বিধানং শ্রূয়তামিতি॥ ২৮৬

ইতি মানবে ধর্ম্মশাস্ত্রে ভৃগুপ্রোক্তায়াং
সংহিতায়াং তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

বিঘসাশীতি। সর্ব্বদা বিঘসভোজনঃ স্যাৎ। সর্ব্বদা চামৃতভোজনো ভবেৎ। বিঘসামৃতপদয়োরপ্রসিদ্ধত্বাদর্থং ব্যাকুরুতে,—বিপ্রাদিভুক্তশেষং বিঘস উচ্যতে। দর্শপৌর্ণমাসাদিযজ্ঞশিষ্টং পুরোডাশাদ্যমৃতম্। সামান্যাভিধানেঽপি প্রকৃতত্বাৎ শ্রাদ্ধে বিপ্রভুক্তশেষভোজনার্থোঽয়ং বিধিঃ। অতএব "ভুঞ্জীতাতিথিসংযুক্তঃ সর্ব্বং পিতৃনিষেবিতমি"তি স্মৃত্যন্তরম্। অতিথ্যাদিবিশেষভোজনন্ত্ববশিষ্টন্তু দম্পতী ইত্যনেনৈব বিহিতং, তস্যৈব যজ্ঞশেষতুল্যত্বাপাদনেন স্তুত্যর্থং পুনর্ব্বচনমিতি তু গোবিন্দরাজব্যাখ্যানমনুষ্ঠানবিশেষানর্হমপ্রাকরণিকঞ্চ॥ ২৮৫॥ এতদিতি। ইদং পঞ্চযজ্ঞভবমনুষ্ঠানং সর্ব্বং যুষ্মাকমুক্তম্। পার্ব্বণশ্রাদ্ধব্যবহিতৈরপি পঞ্চযজ্ঞৈরুপসংহারস্তেষামত্যহিতত্বজ্ঞাপনার্থঃ। মঙ্গলার্থ ইতি তু মেধাতিথিগোবিন্দরাজৌ। ইদানীং দ্বিজানাং মুখ্যো ব্রাহ্মণস্তস্য বৃত্তীনামৃতাদীনামনুষ্ঠানং শ্রূয়তামিতি বক্ষ্যমাণাধ্যায়ৈকদেশোপক্ষ্যাসঃ॥ ২৮৬॥

ইতি বারেন্দ্রনন্দন-বাসীয়-ভট্টদিবাকরাত্মজ-শ্রীকুল্লূকভট্টবিরচিতায়াং মন্বর্থমুক্তাবল্যাং মনুবৃত্তৌ
তৃতীয়োঽধ্যায়ঃ॥ ৩॥

দেবভাব সনাতনী শ্রুতিও স্বীকার করিয়াছেন॥ ২৮৪॥ নিত্যই বিঘসভোজী হইবে,—নিত্যই অমৃত ভোজন করিবে। ভুক্তশেষ অর্থাৎ ব্রাহ্মণগণকে ভোজন করাইয়া যে অন্ন অবশিষ্ট থাকে, তাহাকে বিঘস বলে এবং যজ্ঞের অবশিষ্ট অন্নকে অমৃত বলে॥ ২৮৫॥ আমি তোমাদিগকে পঞ্চযজ্ঞের এবং তদানুষঙ্গিক সমুদয় অনুষ্ঠানের বিধান এই বলিলাম। এক্ষণে ব্রাহ্মণগণের জীবিকাবিধান বলিতেছি, শ্রবণ কর॥ ২৮৬॥

তৃতীয় অধ্যায় সমাপ্ত॥ ৩॥

ইতি তৃতীয়োঽধ্যায়ঃ।

মনুসংহিতা।

চতুর্থোঽধ্যায়ঃ।

চতুর্থমায়ুষো ভাগমুষিত্বাদ্যং গুরৌ দ্বিজঃ।
দ্বিতীয়মায়ুষো ভাগং কৃতদারো গৃহে বসেৎ ॥ ১
অদ্রোহেণৈব ভূতানামল্পদ্রোহেণ বা পুনঃ।
যা বৃত্তিস্তাং সমাস্থায় বিপ্রো জীবেদনাপদি ॥ ২
যাত্রামাত্রপ্রসিদ্ধ্যর্থং স্বৈঃ কর্ম্মভিরগর্হিতৈঃ।
অক্লেশেন শরীরস্য কুর্ব্বীত ধনসঞ্চয়ম্ ॥ ৩
ঋতামৃতাভ্যাং জীবেৎ তু মৃতেন প্রমৃতেন বা।
সত্যানৃতাভ্যাং বাপি ন শ্ববৃত্ত্যা কদাচন ॥ ৪
ঋতমুঞ্ছশিলং জ্ঞেয়মমৃতং স্যাদযাচিতম্।

শ্রাদ্ধকল্পানন্তরং বৃত্তীনাং লক্ষণঞ্চৈবেতি বৃত্তিষু বক্তব্যতয়া প্রতিজ্ঞাতাসু বৃত্ত্যধীনত্বাৎ গার্হস্থ্যস্যানন্তরং বক্তব্যাসু ব্রহ্মচর্য্যপূর্ব্বকমেব গার্হস্থ্যং তত্রৈব বক্ষ্যমাণা বৃত্তয় ইতি দর্শয়িতুং ব্রহ্মচর্য্যকালং গার্হস্থ্যকালঞ্চাত্র বদতি চতুর্থমিতি। চতুর্থমায়ুষো ভাগমিতি উক্তব্রহ্মচর্য্যকালোপলক্ষণার্থম্। অনিয়ত পরিমাণত্বাদায়ুষশ্চতুর্থভাগস্য দুর্জ্ঞানত্বাৎ, ন চ "শতায়ুর্বৈ পুরুষ" ইতি শ্রুতেঃ পঞ্চবিংশতিবর্ষপরত্বম্ "ষট্ত্রিংশদাব্দিকং চর্য্যমি"ত্যাদিবিরোধাৎ। আশ্রমসমুচ্চয়পক্ষমাশ্রিতো ব্রাহ্মণ উক্তব্রহ্মচর্য্যকালং জন্মাপেক্ষ্যাদ্যং যথাশক্তি গুরুকুলে স্থিত্বা দ্বিতীয়মায়ুষশ্চতুর্থভাগং কৃতদারো গৃহস্থাশ্রমমনুতিষ্ঠেৎ। গৃহস্থস্তু যদা পশ্যেদিত্যনিয়তত্বাৎ দ্বিতীয়মায়ুষো ভাগমিত্যপি গার্হস্থ্যকালমেব ॥ ১ ॥ অদ্রোহেণেতি। পরস্যাপীড়য়া শিলোঞ্ছাযাচিতাদিরদ্রোহঃ। ঈষৎপীড়া যাচিতাদিরল্পদ্রোহঃ। ন তু হিংসৈব দ্রোহঃ তস্যা নিষিদ্ধত্বাৎ। অদ্রোহেণ তদসম্ভবেঽল্পদ্রোহেণ বা যা বৃত্তির্জীবনোপায়ঃ তদাশ্রয়ণেন ভার্য্যাদিভৃত্যপঞ্চযজ্ঞানুষ্ঠানযুক্তো ব্রাহ্মণো ন তু ক্ষত্রিয়াদিরনাপদি জীবেৎ। আপদি দশমে বিধির্ভবিষ্যতি। অয়ঞ্চ সামান্যোপদেশো যাজনাধ্যাপনবিশুদ্ধপ্রতিগ্রহাদিসংগ্রহার্থঃ। বক্ষ্যমাণর্ত্তাদিবিশেষমাত্রনিষ্ঠত্বে ত্বসঙ্কুচিতত্বস্বরসহানিরনধিকারার্থত্বং যাজনাদের্বৃত্তিপ্রকরণানিবেশশ্চ স্যাৎ। তয়াপি জীবেৎ ॥ ২ ॥ যাত্রেতি। যাত্রা প্রাণস্থিতিঃ। শাস্ত্রীয়কুটুম্বসংবর্দ্ধননিত্যকর্ম্মানুষ্ঠানপূর্ব্বকপ্রাণস্থিতিমাত্রার্থং ন ভোগার্থং স্বসম্বন্ধিতয়া শাস্ত্রবিহিতার্জ্জনরূপৈঃ কর্ম্মভিঃ ঋতাদিবক্ষ্যমাণৈঃ কায়ক্লেশং বিনা অর্থসংগ্রহং কুর্য্যাৎ ॥ ৩ ॥ কৈঃ কর্ম্মভিরিত্যত্রাহ ঋতামৃতাভ্যামিতি। অনাপদীত্যনুবর্ত্ততে। ঋতাদিভিরনাপদি জীবেৎ। সেবয়া ত্বনাপদি কদাচিন্ন বর্ত্তেত ॥ ৪ ॥ অপ্রসিদ্ধত্বাদৃতাদীনি ব্যাচষ্টে ঋতমুঞ্ছশিলমিতি। "অবাধিতস্থানেষু পথি বা ক্ষেত্রেষু বা অপ্রতিহতাবকাশেষু যত্র যত্রৌষধয়ো বিদ্যন্তে তত্র তত্রাঙ্গুলীভ্যামেকৈকং কণং সমুচ্চয়িতে"তি বৌধায়নদর্শনাৎ, একৈকধান্যাদিগুড়কোচ্চয়নমুঞ্ছঃ। মঞ্জর্য্যাত্মকানেকধান্যোচ্চয়নং শিলঃ, উঞ্ছশ্চ শিলশ্চেত্যেকবদ্ভাবঃ। তৎ সত্যসমানফলত্বাদৃতমিত্যুচ্যতে। অযাচিতোপস্থিতমমৃতমিব সুখহেতুত্বাদমৃতম্। প্রার্থিতং পুনর্ভৈক্ষং ভিক্ষাসমূহরূপং মরণসমপীড়াজনকাম্মৃতম্। এতচ্চ সাগ্নের্গৃহস্থস্য ভৈক্ষমপক্বতণ্ডুলাদিরূপং নতু সিদ্ধান্নং, পরাগ্নিপক্বেন স্বাগ্নৌ হোমাভাবাৎ।

দ্বিজ জীবিতকালের চারি ভাগের প্রথম ভাগে গুরুসমীপে বাস করিয়া, দ্বিতীয়ভাগে কৃতদার হইয়া স্বগৃহে অবস্থান করিবেন ॥ ১ ॥ যাহাতে কোন প্রাণীর কিছুমাত্র অনিষ্ট না হয়, অথবা অভাব পক্ষে অল্পমাত্রই পীড়ন হয়, আপৎকাল ব্যতীত অন্য সময়ে এরূপ বৃত্তি অবলম্বন করিয়া জীবিকা সংগ্রহ করা তাঁহার কর্ত্তব্য ॥ ২ ॥ প্রাণযাত্রা মাত্র চলিয়া যায়—এই লক্ষ্য রাখিয়া শরীরকে কোন ক্লেশ না দিয়া, স্বকীয়-বর্ণবিহিত অনিন্দিত কার্য্য দ্বারা ধনোপার্জ্জন করিবে ॥ ৩ ॥ ঋত এবং অমৃতের দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবে, অথবা মৃত বা প্রমৃতের দ্বারা কিংবা সত্যানৃত দ্বারাও জীবিকা-নির্ব্বাহ করিতে পারে। পরন্তু জীবিকার জন্য কদাচ শ্ববৃত্তি অবলম্বন করিবে না ॥ ৪ ॥ ভূ-পতিত ধান্যাদি-কণাসমূহ এক একটী করিয়া উচ্চনয়নরূপ উঞ্ছবৃত্তি, অথবা ধান্যাদির মঞ্জরী-উচ্চনয়নরূপ যে শিলবৃত্তি—এই উঞ্ছশিল বৃত্তি-

মৃতন্তু যাচিতং ভৈক্ষং প্রমৃতং কর্ষণং স্মৃতম্ ॥ ৫
সত্যানৃতন্তু বাণিজ্যং তেন চৈবাপি জীব্যতে।
সেবা শ্ববৃত্তিরাখ্যাতা তস্মাৎ তাং পরিবর্জ্জয়েৎ ॥ ৬
কুশূলধান্যকো বা স্যাৎ কুম্ভীধান্যক এব বা।
ত্র্যহৈহিকো বাপি ভবেদশ্বস্তনিক এব বা ॥ ৭
চতুর্ণামপি চৈতেষাং দ্বিজানাং গৃহমেধিনাম্।
জ্যায়ান্ পরঃ পরো জ্ঞেয়ো ধর্ম্মতো লোকজিত্তমঃ ॥
ষট্‌কর্ম্মৈকো ভবত্যেষাং ত্রিভিরন্যঃ প্রবর্ত্ততে।
দ্বাভ্যামেকশ্চতুর্থস্তু ব্রহ্মসত্রেণ জীবতি ॥ ৯

কর্ষণঞ্চ ভূমিগতপ্রচুরপ্রাণিমরণনিমিত্তত্বাৎ বহুদুঃখফলকং প্রকর্ষেণ মৃতমিব প্রমৃতম্ ॥ ৫ ॥ সত্যানৃতস্থিতি। প্রায়েণ সত্যানৃতব্যবহারসাধ্যত্বাৎ সত্যানৃতং বাণিজ্যং, ন তু বাণিজ্যে শাস্ত্রেণ সত্যানৃতাভ্যনুজ্ঞানম্; “তেন চৈবাপি জীব্যত” ইতি চশব্দেন বাণিজ্যসমশিষ্টত্বাৎ কুসীদমপি গৃহ্যতে। পূর্ব্বশ্লোকোক্তা কৃষিরেতৎশ্লোকে চ বাণিজ্যকুসীদে। অনাপদীত্যনুবৃত্তেরস্বয়ংকৃতান্যেতানি বোদ্ধব্যানি। যথাহ গৌতমঃ—“কৃষিবাণিজ্যে স্বয়ঞ্চাকৃতে কুসীদঞ্চ।” সেবা তু দীনদৃষ্টিসন্দর্শন-স্বামিতর্জ্জন-নীচক্রিয়াদিধর্ম্মযোগাৎ শুন ইব বৃত্তিরতঃ শ্ববৃত্তিরুক্তা। তস্মাৎ তাং প্রকৃতো ব্রাহ্মণস্ত্যজেৎ ॥ ৬ ॥ কুশূলধান্যক ইতি। “কুশূলো ব্রীহ্যগারং স্যাদি”ত্যাভিধানিকাঃ। ইষ্টকাদিনির্ম্মিতাগারধান্যসঞ্চয়ো ভবেৎ। অত্র কালবিশেষাপেক্ষায়াং “যস্য ত্রৈবার্ষিকং ভক্তং পর্য্যাপ্তং ভৃত্যবৃত্তয়ে। অধিকং বাপি বিদ্যেত স সোমং পাতুমর্হতী”তি মনূক্ত এব কালো গ্রাহ্যঃ। তেন নিত্যনৈমিত্তিকধর্ম্মকৃত্যপোষ্যবর্গসহিতস্য গৃহিণো যাবতা ধান্যাদিধনেন বর্ষত্রয়ং সমধিকং বা নির্ব্বাহো ভবতি তাবদ্ধনঃ কুশূলধান্যক উচ্যতে। বর্ষনির্ব্বাহোচিতধান্যাদিধনঃ কুম্ভীধান্যঃ, “প্রাকৃসৌমিকীঃ ক্রিয়াঃ কুর্য্যাৎ যস্যান্নং বার্ষিকং ভবেদি”তি যাজ্ঞবল্ক্যেন গৃহস্থস্য বার্ষিকসঞ্চয়াভ্যনুজ্ঞানাৎ। মনুরপি যদা বানপ্রস্থস্যৈব “সমানিচয় এব বে”ত্যনেন সমাসঞ্চয়ং বক্ষ্যতি তদপেক্ষয়া বহুপোষ্যবর্গস্য গৃহিণঃ সমুচিতঃ সংবৎসরসঞ্চয়ঃ। মেধাতিথিস্তু যাবতা ধান্যাদিধনেন বহুভৃত্যদারাদিমতস্ত্রিসংবৎসরস্থিতির্ভবতি তাবৎসুবর্ণাদিধনবানপি কুশূলধান্যক ইত্যভিধায়, কুম্ভী উষ্ট্রিকা, ষাণ্মাসিকধান্যাদিনিচয়ঃ কুম্ভীধান্যক ইতি ব্যাখ্যাতবান্। গোবিন্দরাজস্তু কুশূলধান্যক ইত্যেতদ্ব্যাচক্ষ্য, কোষ্ঠপ্রমাণধান্যসঞ্চয়ো বা স্যাৎ, দ্বাদশাহমাত্রপর্য্যাপ্তধনঃ কুম্ভীধান্যক ইত্যেতদ্ব্যাচষ্টে। উষ্ট্রিকাপ্রমাণধান্যাদিসঞ্চয়ো বা ষড়হমাত্রপর্য্যাপ্তধনঃ। ‘দ্বাদশাহং কুশূলেন বৃত্তিঃ কুম্ভ্যা দিনানি ষট্।ইমামমূলাং গোবিন্দরাজোক্তিং নাদ্রিয়ামহে॥” ঈহা চেষ্টা তস্যাং ভবমৈহিকং ত্র্যহপর্য্যাপ্তমৈহিকং ধনং যস্য স ত্র্যহৈহিকঃ তথা বা স্যাৎ দিনত্রয়নির্ব্বাহোচিতধন ইত্যর্থঃ। শো ভবং শ্বস্তনং ভক্তং তদস্যাস্তীতি মত্বর্থীয়মিকণ্ কৃত্বা নঙসমাসঃ, তথা বা ভবেৎ ॥ ৭ ॥ চতুর্ণামপীতি। এষাং চতুর্ণামপি কুশূলধান্যকাদীনাং গৃহস্থানাং ব্রাহ্মণানাং মধ্যে যো যঃ শেষে পঠিতঃ স স শ্রেষ্ঠো জ্ঞাতব্যঃ। যতোঽসৌ বৃত্তিসঙ্কোচধর্ম্মেণ স্বর্গাদিলোকজিত্তমো ভবতি ॥ ৮ ॥ ষট্‌কর্ম্মেতি। এষাং গৃহস্থানাং মধ্যে কশ্চিদ্‌গৃহস্থো যো বহুপোষ্যবর্গঃ স প্রকৃতেঋতাযাচিতভৈক্ষকৃষিবাণিজ্যৈঃ পঞ্চভিস্তেন চৈবেত্যনেনৈব চশব্দসমুচ্চিতেন কুসীদেনেত্যেবং ষড়্‌ভিঃ কর্ম্মভিঃ ষট্‌কর্ম্মা ভবতি ষড়্‌ভিরেতৈর্জীবতি। কৃষিবাণিজ্যকুসীদান্যেতান্যস্বয়ংকৃতানি গৌতমোক্তানীত্যুক্তম্। অন্যঃ পুনস্ততোঽল্পপরিকরঃ ত্রিভির্যাজনাধ্যাপনপ্রতিগ্রহৈঃ অদ্রোহেণেত্যেতৎশ্লোকসংগৃহীতৈঃ প্রবর্ত্ততে। প্রশব্দোঽনর্থকো বর্ত্তত ইত্যর্থঃ। অপরঃ পুনঃ “প্রতিগ্রহঃ প্রত্যবরঃ” ইতি বক্ষ্যমাণত্বাৎ তৎপরিত্যাগেন দ্বাভ্যাং যাজনাধ্যাপনাভ্যাং প্রবর্ত্ততে। উক্তত্রয়াপেক্ষয়া চতুর্থঃ পুনর্ব্রহ্মসত্রেণাধ্যাপনেন জীবতি। মেধাতিথিস্তু এষাং কুশূলধান্যকাদীনাং মধ্যাদেকঃ কুশূলধান্যকঃ প্রকৃতৈরুঞ্ছশিলাযাচিত-যাচিতক-কৃষিবাণিজ্যৈঃ ষট্‌কর্ম্মা ভবতি ষড়্‌ভির্জীবতি, অন্যো দ্বিতীয়ঃ কুম্ভীধান্যকঃ কৃষিবাণিজ্যয়োর্নিন্দিতত্বাৎ তত্ত্যাগে উঞ্ছশিলাযাচিতযাচিতানাং মধ্যাদিচ্ছাতস্ত্রিভির্বর্ত্ততে, একস্ত্র্য-

---

দ্বারা জীবিকা-নির্ব্বাহ করাকে ঋতস্বরূপ বলিয়া জানিবে; অযাচিত ভাবে যাহা কিছু উপস্থিত হয়, সেই অমৃতবৃত্তি; ভিক্ষাজীবনকে মৃতবৃত্তি এবং কৃষিজীবনকে প্রমৃতবৃত্তি বলে ॥৫॥ বাণিজ্যের নাম সত্যানৃত; তদ্দ্বারাও জীবন যাপন করিবে; কিন্তু সেবা—যাহা কুক্কুরবৃত্তি বলিয়া বিখ্যাত,—তাহা সর্ব্বতোভাবে পরিবর্জ্জন করিবে ॥ ৬ ॥ কুশূলধান্যক বা কুম্ভীধান্যক * হইবে। কিংবা “ত্র্যহৈহিক” হইবে অর্থাৎ সপরিবারে তিন দিন চলে এমন সঞ্চয়ের চেষ্টা করিবে, অথবা আগামী কালের জন্যও কিছুমাত্র সঞ্চয় করিবে না ॥ ৭ ॥ কুশূলধান্যকাদি সঞ্চয়ী তিন জন এবং অসঞ্চয়ী এক জন—এই চারিপ্রকার গৃহস্থ ব্রাহ্মণ পরপর ক্রমে প্রশস্ততর হন! কারণ, বৃত্তিসঙ্কোচরূপ সংযমধর্ম্মানুসারে তাঁহারা অতিশয় লোকজয়ী হইয়া থাকেন ॥ ৮ ॥ বহুপোষ্যবর্গসম্পন্ন গৃহস্থ,—ঋত, অযাচিত, ভৈক্ষ, কৃষি, বাণিজ্য এবং কুসীদ,—এই ষট্‌কর্ম্ম দ্বারা জীবিকা-নির্ব্বাহ করিতে পারেন; তদপেক্ষা অল্পপরিবারসম্পন্ন গৃহস্থ—যাজন, অধ্যাপনা

---

* তিন বৎসর বা তদধিককাল, সঞ্চিত ধান্য দ্বারা যাহার চলে, তাহাকে “কুশূলধান্যক” বলে। সঞ্চিত ধান্য দ্বারা এক বৎসর বা তদধিক কিছুকাল যাহার চলে, তাহাকে “কুম্ভীধান্যক” বলে।

বর্ত্তয়ংশ্চ শিলোঞ্ছাভ্যামগ্নিহোত্রপরায়ণঃ।
ইষ্টীঃ পার্ব্বায়নান্তীয়াঃ কেবলা নির্ব্বপেৎ সদা ॥ ১০
ন লোকবৃত্তং বর্ত্তেত বৃত্তিহেতোঃ কথঞ্চন।
অজিহ্মামশঠাং শুদ্ধাং জীবেদ্‌ব্রাহ্মণজীবিকাম্ ॥১১
সন্তোষং পরমাস্থায় সুখার্থী সংযতো ভবেৎ।

হৈহিকো যাচিতলাভং বিহায় উঞ্ছশিলাযাচিতানাং মধ্যাদিচ্ছয়া দ্বাভ্যাং বর্ত্তেত। চতুর্থঃ পুনরশ্বস্তনিকো ব্রহ্মসত্রেণ জীবতি, ব্রহ্মসত্রং শিলোঞ্ছয়োরন্যতরা বৃত্তিঃ। ব্রহ্মণো ব্রাহ্মণস্য সততভবত্বাৎ সত্রমিব সত্রমিত্যাহ ॥ ৯ ॥ বর্ত্তয়ংশ্চেতি। শিলোঞ্ছাভ্যাং জীবন্ ধনসাধ্যকর্ম্মান্তরানুষ্ঠানাসামর্থ্যাৎ অগ্নিহোত্রনিষ্ঠ এব স্যাৎ। পার্ব্বায়নান্তীয়াশ্চ ইষ্টীঃ কেবলা অনুতিষ্ঠেৎ। পর্ব্ব চ অয়নঞ্চ পর্ব্বায়নে তয়োরন্তস্তত্র ভবা দর্শপৌর্ণমাসাগ্রয়ণাত্মিকাঃ ॥ ১০ ॥ ন লোকবৃত্তমিতি। লোকবৃত্তমসৎপ্রিয়াখ্যানং বিচিত্রপরিহাসকথাদিকং জীবিকার্থং ন কুর্য্যাৎ। অজিহ্মাং মৃষাত্মগুণাভিধানাদিপাপরহিতাম্। অশঠাং দম্ভাদিব্যাজশূন্যাম্। শুদ্ধাং বৈশ্যাদিবৃত্তেরসঙ্কীর্ণাং ব্রাহ্মণজীবিকামনুতিষ্ঠেৎ। অনেকার্থত্বাদ্ধাতুনাম্ অনুষ্ঠানার্থোঽয়ং জীবতিরিতি সকর্ম্মকতা ॥ ১১ ॥ সন্তোষমিতি। যথাসম্ভবভৃত্যাত্মপ্রাণধারণ-বৈশ্যকপঞ্চযজ্ঞাদ্যনুষ্ঠানমাত্রোচিতধনানধিকা স্পৃহা সন্তোষঃ, তমতিশয়িতমালম্ব্য প্রচুরধনার্জ্জনে সংযমং কুর্য্যাৎ। যতঃ সন্তোষহেতুকমিহ সুখং

এবং প্রতিগ্রহ দ্বারা জীবিকা নির্ব্বাহ করিতে পারেন। তদপেক্ষাও অল্পপোষ্য হইলে, অধ্যাপন এবং যাজন দ্বারা জীবিকা-নির্ব্বাহ করিবেন; সর্ব্বাপেক্ষা যিনি অল্পপরিবার-সম্পন্ন, তিনি কেবল অধ্যাপনা দ্বারা জীবিকা নির্ব্বাহ করিবেন ॥ ৯ ॥ শিলোঞ্ছবৃত্তিপরায়ণ দ্বিজ, ধনসাধ্য পুণ্যকার্য্যে অক্ষম বিধায়, কেবলমাত্র অগ্নিহোত্রপরায়ণ হইবেন এবং পর্ব্ব ও অয়নান্তে যে সকল যজ্ঞ করিতে হয়, অর্থাৎ দর্শপৌর্ণমাসাদি যজ্ঞ করিবেন ॥ ১০ ॥ অল্পসত্ত্ব প্রাকৃত জনেরা জীবিকার দায়ে মিথ্যা, প্রবঞ্চনা, তোষামোদ, স্বগুণানুখ্যাপন, প্রভুর অনুরূপ বেশাদি ধারণ ইত্যাদি নানা অবৈধ কার্য্যে প্রবৃত্ত হয়, কিন্তু জীবিকার জন্য সেই লোকবৃত্তের কখন অনুকরণ করিবে না। যাহা দম্ভ-ব্যাজাদিশূন্য সরল, যে জীবিকালাভে কিছুমাত্র শঠতা বা বঞ্চনা করিতে হয় না, যাহা অতি বিশুদ্ধ অর্থাৎ যাহাতে পাপের সংস্পর্শমাত্রও নাই—এইরূপ ব্রাহ্মণজীবিকা যজন-যাজনাদি দ্বারা গৃহস্থ ব্রাহ্মণ জীবন যাপন করিবেন ॥ ১১ ॥ সুখার্থী ব্যক্তি একান্ত সন্তোষ অবলম্বন

সন্তোষমূলং হি সুখং দুঃখমূলং বিপর্য্যয়ঃ ॥ ১২
অতোঽন্যতময়া বৃত্ত্যা জীবংস্তু স্নাতকো দ্বিজঃ।
স্বর্গায়ুষ্যযশস্যানি ব্রতানীমানি ধারয়েৎ ॥ ১৩
বেদোদিতং স্বকং কর্ম্ম নিত্যং কুর্য্যাদতন্দ্রিতঃ।
তদ্ধি কুর্ব্বন্ যথাশক্তি প্রাপ্নোতি পরমাং গতিম্ ॥১
নেহেতার্থান্ প্রসঙ্গেন ন বিরুদ্ধেন কর্ম্মণা।
ন বিদ্যমানেষ্বর্থেষু নার্ত্ত্যামপি যতস্ততঃ ॥ ১৫

পরত্র চাব্যগ্রস্য বিহিতানুষ্ঠানাৎ স্বর্গাদিসুখম্, বিপর্য্যয়স্ত্বসন্তোষঃ দুঃখমূলং বহুধনার্জ্জনপ্রয়াসেন প্রচুরদুঃখোদয়াদসম্পত্তৌ বিপত্তৌ চ ক্লেশাৎ ॥ ১২ ॥ অতোঽন্যতময়েতি। অবহুভৃত্যস্যৈকবৃত্ত্যা নির্ব্বাহসম্ভবে সত্যমন্যতময়েতি বিধীয়তে। বহুভৃত্যৈঃ সত্যসম্ভবে ষট্‌কর্ম্মৈকো ভবত্যেষামিতি বিহিতত্বাৎ। অথবা একবাক্যতাবগমাৎ ব্রতবিধায়কত্বাচ্চান্যতময়া বৃত্ত্যেত্যনুবাদকত্বাদেকত্বমবিবক্ষিতম্। উক্তবৃত্তীনামন্যতময়া বৃত্ত্যা জীবন্ স্নাতকো ব্রাহ্মণ ইমানি বক্ষ্যমাণানি যথাসম্ভবং স্বর্গায়ুর্যশসাং হিতানি ব্রতানি কুর্য্যাৎ। ইদং ময়া কর্ত্তব্যমিদং ন কর্ত্তব্যমিত্যেবংবিধঃ সঙ্কল্পবিশেষো ব্রতম্ ॥ ১৩ ॥ বেদোদিতমিতি। বেদোক্তং স্মার্ত্তমপি বেদমূলত্বাদ্বেদোক্তমেব। স্বকং স্বাশ্রমোক্তং যাবজ্জীবমতন্দ্রিতোঽনলসঃ কুর্য্যাৎ। হি হেতৌ। যস্মাৎ তৎ কুর্ব্বন্ যথাসামর্থ্যং পরমাং গতিং মোক্ষলক্ষণাং প্রাপ্নোতি। নিত্যকর্ম্মানুষ্ঠানাৎ পাপক্ষয়ে সতি নিষ্পাপান্তঃকরণেন ব্রহ্মসাক্ষাৎকারান্মোক্ষাবাপ্তেঃ। তদুক্তং মোক্ষধর্ম্মে,—"জ্ঞানমুৎপদ্যতে পুংসাং ক্ষয়াৎ পাপস্য কর্ম্মণঃ। তত্রাদর্শতলপ্রখ্যে পশ্যত্যাত্মানমাত্মনি ॥" আত্মনি অন্তঃকরণে ॥ ১৪ ॥ নেহেতার্থানিতি। প্রসজ্জতে যত্র পুরুষঃ স প্রসঙ্গো গীতবাদিত্রাদিঃ তেনার্থান্ নার্জ্জয়েৎ। নাপি শাস্ত্রনিষিদ্ধেন কর্ম্মণা অযাজ্যযাজনাদিনা। ন চ বিদ্যমানেষু ধনেষু। ন চাপ্যবিদ্যমানেষপি প্রকারান্তরসম্ভবে যতস্ততঃ

করিয়া অধিক ধনচেষ্টাদি হইতে বিরত থাকিবেন, যেহেতু সন্তোষই সুখের মূল ও অসন্তোষই দুঃখের কারণ ॥ ১২ ॥ গৃহস্থ দ্বিজগণ উপরোক্ত বৃত্তিসমুদায়ের মধ্যে কোন একটী বৃত্তি অবলম্বন করিয়া, বক্ষ্যমাণ স্বর্গ-যশস্কর নিয়মগুলি প্রতিপালন করিবেন ॥ ১৩ ॥ যাবজ্জীবন নিরলস হইয়া স্ব স্ব আশ্রমবিহিত বেদোক্ত ও স্মার্ত্ত সমুদায় কর্ত্তব্য সম্পাদন করিবে। যথাশক্তি সেই সমুদায় কর্ত্তব্যের অনুষ্ঠান করিলেই দ্বিজ, পরমা গতি লাভ করিয়া থাকেন ॥ ১৪ ॥ যে সকল বিষয়ে ইন্দ্রিয়গণের শীঘ্র আসক্তি হয়, এমন সব গীত-বাদ্যাদি কর্ম্ম দ্বারা অর্থোপার্জ্জনের চেষ্টা করা কর্ত্তব্য নয়; অথবা শাস্ত্রবিরুদ্ধ অযাজ্য-যাজনাদি দ্বারা, অথবা সম্পত্তি বিদ্যমান থাকিতে

ইন্দ্রিয়ার্থেষু সর্ব্বেষু ন প্রসজ্জেত কামতঃ ।
অতিপ্রসক্তিঞ্চৈতেষাং মনসা সন্নিবর্ত্তয়েৎ ॥ ১৬
সর্ব্বান্ পরিত্যজেদর্থান্ স্বাধ্যায়স্য বিরোধিনঃ ।
যথা তথাধ্যাপয়ংস্তু সা হ্যস্য কৃতকৃত্যতা ॥ ১৭
বয়সঃ কর্ম্মণোঽর্থস্য শ্রুতস্যাভিজনস্য চ ।
বেষবাগ্‌বুদ্ধিসারূপ্যমাচরন্ বিচরেদিহ ॥ ১৮
বুদ্ধিবৃদ্ধিকরাণ্যাশু ধন্যানি চ হিতানি চ ।
নিত্যং শাস্ত্রাণ্যবেক্ষেত নিগমাংশ্চৈব বৈদিকান্ ॥
যথা যথা হি পুরুষঃ শাস্ত্রং সমধিগচ্ছতি ।
তথা তথা বিজানাতি বিজ্ঞানঞ্চাস্য রোচতে ॥ ২০
ঋষিযজ্ঞং দেবযজ্ঞং ভূতযজ্ঞঞ্চ সর্ব্বদা ।
নৃযজ্ঞং পিতৃযজ্ঞঞ্চ যথাশক্তি ন হাপয়েৎ ॥ ২১
এতানেকে মহাযজ্ঞান্ যজ্ঞশাস্ত্রবিদো জনাঃ ।
অনীহমানাঃ সততমিন্দ্রিয়েষ্বেব জুহ্বতি ॥ ২২
বাচ্যেকে জুহ্বতি প্রাণং প্রাণে বাচঞ্চ সর্ব্বদা ।

পতিতাদিভ্যোঽপি ॥ ১৫ ॥ ইন্দ্রিয়ার্থেষ্বিতি । ইন্দ্রিয়াণামর্থাঃ রূপরসগন্ধস্পর্শাদয়ঃ তেষ্বনিষিদ্ধেষপি স্বদারসুরতাদিষু ন প্রসজ্জেত নাতিপ্রসক্তিমত্যন্তসেবনাত্মিকাং কুর্য্যাৎ । কামত উপভোগার্থম্ । অতিপ্রসক্তিনিবৃত্ত্যুপায়মাহ, অতিপ্রসক্তিঞ্চৈতেষামিতি । বিষয়াণামস্থিরত্বস্বর্গাপবর্গাত্মকশ্রেয়োবিরোধিত্বাদিভাবনয়া মনসা সম্যক্ নিবর্ত্তয়েৎ ॥ ১৬ ॥ সর্ব্বানিতি । যে বেদাভ্যাসবিরোধিনোঽর্থাঃ অত্যন্তেশ্বরগৃহোপসর্পণ-কৃষি-লোকযাত্রাদয়ঃ তান্ সর্ব্বান্ পরিত্যজেৎ । কথং তর্হি ভৃত্যাত্মপোষণমিত্যাশঙ্ক্যাহ—যথা তথা কেনাপ্যুপায়েন স্বাধ্যায়াবিরোধিনা ভৃত্যাত্মানৌ জীবয়ন্ । যস্মাৎ সাস্য স্নাতকস্য কৃতকৃত্যতা কৃতার্থতা যন্নিত্যং স্বাধ্যায়পরতা ॥ ১৭ ॥ বয়স ইতি । বয়সঃ ক্রিয়ায়া ধনস্য শ্রুতস্য কুলস্যানুরূপেণ বেষবাগ্‌বুদ্ধীরাচরন্ লোকে প্রবর্ত্তেত । যথা যৌবনে স্রগ্‌গন্ধালেপনাদিধারণং ত্রিবর্গানুসারিণী বাগ্‌বুদ্ধিশ্চ এবং কর্ম্মাদিষ্প্যন্বেয়ম্ ॥ ১৮ ॥ বুদ্ধীতি । বেদাবিরুদ্ধানি শীঘ্রং বুদ্ধিবৃদ্ধিজনকানি ব্যাকরণমীমাংসাস্মৃতিপুরাণন্যায়াদীনি শাস্ত্রাণি, তথা ধন্যানি ধনায় হিতানি অর্থশাস্ত্রাণি বার্হস্পত্যোশনসাদীনি, তথা হিতানি দৃষ্টোপকারকাণি বৈদ্যকজ্যোতিষাদীনি, তথা পর্য্যায়কথনেন বেদার্থাববোধকান্ নিগমাখ্যাংশ্চ গ্রন্থান্ নিত্যং পর্য্যালোচয়েৎ ॥ ১৯ ॥ যথা যথেতি । যস্মাদ্‌যথা যথা পুরুষঃ শাস্ত্রং সম্যগভ্যস্যতি তথা তথা বিশেষেণ জানাতি শাস্ত্রান্তরবিষয়মপি চাস্য বিজ্ঞানং রোচতে উজ্জ্বলং ভবতি । দীপ্ত্যর্থত্বাদ্রুচেরভিলাষার্থত্বাভাবাদ্রুচ্যর্থানাং প্রীয়মাণ ইতি ন সম্প্রদানসংজ্ঞা ॥ ২০ ॥ ঋষিযজ্ঞমিতি । স্বাধ্যায়াদীন্ পঞ্চযজ্ঞান্ যথাশক্তি ন ত্যজেৎ । তৃতীয়াধ্যায়বিহিতানামপি পঞ্চযজ্ঞানামিহ নির্দ্দেশঃ উত্তরত্র বিশেষবিধানার্থঃ, স্নাতকব্রতত্ববোধনার্থশ্চ ॥ ২১ ॥ এতানেক ইতি । একে গৃহস্থা বাহ্যান্তরযজ্ঞানুষ্ঠানশাস্ত্রজ্ঞা এতান্ পঞ্চ মহাযজ্ঞান্ ব্রহ্মযজ্ঞাদ্যাখ্যান্ ব্রহ্মজ্ঞানপ্রকর্ষাৎ বহিরচেষ্টমানাঃ পঞ্চসু বুদ্ধীন্দ্রিয়েষ্বেব পঞ্চরূপজ্ঞানাদিমিংযমং কুর্ব্বন্তঃ সম্পাদয়ন্তি । যজ্ঞানাং হোমত্বানুপপত্তেঃ সম্পাদনার্থো জুহোতিঃ ॥ ২২ ॥ বাচীতি । একে গৃহস্থা ব্রহ্মবিদো বাচি প্রাণবায়ৌ চ যজ্ঞনির্ব্বৃত্তিমক্ষয়ফলাং জানন্তঃ সততং বাচি প্রাণং জুহ্বতি, বাচঞ্চ প্রাণে । ভাষমাণেন বাচি প্রাণং জুহোমীতি অভাষমাণেনোচ্ছ্বসতা প্রাণে বাচং জুহোমীতি ধ্যাতব্যমিত্যনেন বিধীয়তে । যথা কৌষীতকিরহস্যব্রাহ্মণম্,—"যাবদ্বৈ পুরুষো ভাষতে ন তাবৎ প্রাণিতুং শক্নোতি প্রাণং তদা বাচি জুহোতি, যাবদ্ধি পুরুষঃ প্রাণিতি ন তাবদ্ভাষিতুং শক্নোতি বাচং তদা প্রাণে জুহোতি, এতে

কিংবা জীবিকার অত্যন্ত কষ্ট হইলেও যথাতথা হইতে ধনসংগ্রহের চেষ্টা করা কর্ত্তব্য নয় ॥ ১৫ ॥ ইচ্ছা করিয়া কোন ইন্দ্রিয়-বিষয়ে আসক্ত হইবে না । কোন বিষয়ে অত্যন্ত প্রসক্ত হইলে মনোবল দ্বারা ইন্দ্রিয়কে নিবৃত্ত করিবে ॥ ১৬ ॥ যে কোন অর্থার্জ্জন স্বকীয় বেদাভ্যাসের বিরোধী হইবে, তাহা পরিত্যাগ করিবে । যে কোন প্রকারে পরিবার প্রতিপালন করিয়া প্রতিদিন স্বাধ্যায় দ্বারাই ব্রাহ্মণ কৃতার্থ হন ॥ ১৭ ॥ আপনার যেমন বয়স, যেরূপ কর্ম্ম, যে পরিমাণ ধন, যে প্রকার বেদাধ্যয়ন ও যাদৃশ বংশমর্য্যাদা ; বেশভূষা বাক্য বা বুদ্ধিকে তদনুরূপ করিয়া ইহলোকে বিচরণ করিবে ॥ ১৮ ॥ আশুবুদ্ধিবর্দ্ধন, অর্থজনক এবং হিতকর শাস্ত্রসকল প্রতিদিন পর্য্যালোচনা করা কর্ত্তব্য এবং বেদার্থবোধক নিগম-শাস্ত্র-সকলও পর্য্যালোচনা করা উচিত ॥ ১৯ ॥ পুরুষ যে যে শাস্ত্রে মনোনিবেশ করেন, সেই সেই শাস্ত্রই উত্তমরূপে জানিতে পারেন এবং তদ্দ্বারা শাস্ত্রান্তর-বিষয়েও তাঁহার জ্ঞান প্রদীপ্ত হইয়া থাকে ॥ ২০ ॥ ঋষিযজ্ঞ অর্থাৎ বেদাধ্যয়ন, দেবযজ্ঞ অর্থাৎ হোম, ভূতযজ্ঞ অর্থাৎ ভূতবলি, মনুষ্যযজ্ঞ অর্থাৎ অতিথিসৎকার এবং পিতৃযজ্ঞ বা শ্রাদ্ধ—এই পঞ্চযজ্ঞের সর্ব্বদা অনুষ্ঠান করিবে ; শক্তি থাকিতে এ সমুদায়ের অনুষ্ঠান পরিত্যাগ করিবে না ॥ ২১ ॥ কোন কোন বাহ্যাভ্যন্তর-যজ্ঞানুষ্ঠান-শাস্ত্রজ্ঞ, বাহ্যচেষ্টা-সমুদায় হইতে উপরত হইয়া বিষয় হইতে সর্ব্বদা পঞ্চজ্ঞানেন্দ্রিয়ের প্রত্যাহার দ্বারাই এই পঞ্চ মহাযজ্ঞ সম্পাদন করেন ॥ ২২ ॥ কোন কোন জ্ঞানী গৃহস্থ,—বাক্য এবং প্রাণবায়ুতে যজ্ঞ নিষ্পাদনের অক্ষয় ফল জানিয়া সর্ব্বদা বাক্যে প্রাণবায়ু এবং

বাচি প্রাণে চ পশ্যন্তো যজ্ঞনির্বৃত্তিমক্ষয়াম্ ॥ ২৩
জ্ঞানেনৈবাপরে বিপ্রা যজন্ত্যেতৈর্মখৈঃ সদা।
জ্ঞানমূলাং ক্রিয়ামেষাং পশ্যন্তো জ্ঞানচক্ষুষা ॥ ২৪
অগ্নিহোত্রঞ্চ জুহুয়াদাদ্যন্তে দ্যুনিশোঃ সদা।
দর্শেন চার্দ্ধমাসান্তে পৌর্ণমাসেন চৈব হি ॥ ২৫
শস্যান্তে নবশস্যেষ্ট্যা তথর্ত্ত্বন্তে দ্বিজোঽধ্বরৈঃ।
পশুনা ত্বয়নস্যাদৌ সমান্তে সৌমিকৈর্মখৈঃ ॥ ২৬
নানিষ্ট্বা নবশস্যেষ্ট্যা পশুনা চাগ্নিমান দ্বিজঃ।
নবান্নমদ্যান্মাংসং বা দীর্ঘমায়ুর্জিজীবিষুঃ ॥ ২৭
নবেনানর্চ্চিতা হ্যস্য পশুহব্যেন চাগ্নয়ঃ।
প্রাণানেবাত্তুমিচ্ছন্তি নবান্নামিষগর্দ্ধিনঃ ॥ ২৮
আসনাশনশয্যাভিরদ্ভির্মূলফলেন বা।
নাস্য কশ্চিদ্বসেদ্গেহেঽশক্তিতোঽনর্চ্চিতোঽতিথিঃ
পাষণ্ডিনো বিকর্ম্মস্থান্ বৈড়ালব্রতিকান্ শঠান্।

অনন্তে অমৃতে আহুতী জাগ্রৎ স্বপংশ্চ সততং জুহোতি, অথ বৈ অন্যা আহুতয়ঃ অনন্তরবন্তাঃ কর্ম্মময্যো হি ভবন্ত্যেবং হি তস্মৈতৎ পূর্ব্বে বিদ্বাংসোঽগ্নিহোত্রং জুহবাঞ্চক্রুরি”তি ॥ ২৩ ॥ জ্ঞানেনৈবেতি। অপরে বিপ্রা ব্রহ্মনিষ্ঠাঃ সর্ব্বথা ব্রহ্মজ্ঞানেনৈব এতৈর্ম খৈর্যজন্তি এতাংশ্চ যজ্ঞাননুতিষ্ঠন্তি। কথমেতদিত্যাহ—জ্ঞানং ব্রহ্ম, সত্যং জ্ঞানমনন্তমিত্যাদিশ্রুতিষু প্রসিদ্ধম্। জ্ঞানমূলামেষাং যজ্ঞানাং ক্রিয়ামুৎপত্তিং জ্ঞানন্তঃ। জ্ঞায়তেঽনেনেতি জ্ঞানং চক্ষুরিব চক্ষুঃ জ্ঞানচক্ষুষা উপনিষদা ‘সর্ব্বং খল্বিদং ব্রহ্ম তজ্জলানি’ত্যাদিকয়া পঞ্চযজ্ঞানপি ব্রহ্মোৎপত্তিকান্ ব্রহ্মাত্মকান্ ধ্যায়ন্তঃ সম্পাদয়ন্তি, পঞ্চযজ্ঞফলমশ্নুবত ইত্যর্থঃ। শ্লোকত্রয়েণ ব্রহ্মনিষ্ঠানাং বেদসন্ন্যাসিনাং গৃহস্থানামমী বিধয়ঃ ॥ ২৪ ॥ অগ্নিহোত্রমিতি। দ্যুশব্দোঽত্র দিনপর্য্যায়ঃ। উদিতহোমপক্ষে দিনস্যাদৌ নিশায়াশ্চাদৌ। অনুদিতহোমপক্ষে দিনস্যান্তে নিশায়াশ্চান্তে। যদ্বা উদিতহোমপক্ষে দিনস্যাদৌ দিনান্তে চ অনুদিতহোমপক্ষে নিশাদৌ নিশান্তে চ অগ্নিহোত্রং কুর্য্যাৎ। কৃষ্ণপক্ষাত্মকার্দ্ধমাসান্তে দর্শাখ্যেন কর্ম্মণা, শুক্লপক্ষাত্মকার্দ্ধমাসান্তে চ পৌর্ণমাসাখ্যেন যজেত ॥ ২৫ ॥ শস্যান্ত ইতি। পূর্ব্বার্জ্জিতধান্যাদিশস্যে সমাপ্তে। “শরদি নবানামি”তি সূত্রকারবচনাৎ অসমাপ্তেঽপি পূর্ব্বশস্যে নবশস্যোৎপত্তৌ আগ্রয়ণেন যজেত, শস্যক্ষয়স্যানিয়তত্বাৎ ধনিনাং বহুহায়নজীবনোচিতধান্যসম্ভবাচ্চ শস্যান্তগ্রহণাচ্চ নবশস্যোৎপত্তিরেবাভিপ্রেতা, নিয়তত্বাৎ তস্যাঃ প্রত্যব্দ নিমিত্তত্বোৎপত্তেঃ। ঋতুঃ সংবৎসর ইত্যেতস্মতাশ্রয়ণে চত্বারশ্চত্বারো মাসা ঋতবস্তদন্তেঽধ্বরৈশ্চাতুর্ম্মাস্যাখ্যৈর্যাগৈ র্যজেত। অয়নয়োরুত্তরদক্ষিণয়োরাদৌ পশুনা যজেত পশু বন্ধাখ্যং যাগমনুতিষ্ঠেৎ। জ্যোতিঃশাস্ত্রে চৈত্রশুক্লপ্রতিপদাদিবর্ষগণনাৎ শিশিরেণ সমাপ্তে বর্ষে বসন্তে সোমরস সাধ্যেরগ্নিষ্টোমাদিযাগৈর্যজেত ॥ ২৬ ॥ নানিষ্ট্বেতি। আহিতাগ্নির্দ্বিজো দীর্ঘমায়ুর্জীবিতুমিচ্ছন্ আগ্রয়ণমকৃত্বা নবান্নং ভক্ষয়েৎ। ন চ পশুযাগমকৃত্বা মাংসমশ্নীয়াৎ ॥ ২৭ ॥ দোষ কথয়ন্ নিত্যতামনয়োরাহ—নবেনেতি। যস্মান্নবহব্যেন পশ্বব দানেন চানর্চ্চিতা অকৃতযাগা অগ্নয়ো নবান্নমাংসাভিলাষিণো ঽস্যাহিতাগ্নেঃ প্রাণানেব খাদিতুমিচ্ছন্তি। গর্দ্ধোঽভিলাষা তিশয়ঃ। গৃধের্ঘঞন্তস্য রূপম্। সোঽস্যাস্তীতি গর্দ্ধী, মত্বর্থীয় ইনিঃ ॥ ২৮ ॥ আসনাশনেতি। যথাশক্ত্যাসনভোজনাদিভির নর্চ্চিতোঽতিথিরস্য গৃহস্থস্য গৃহে ন বসেৎ। অনেন শক্তিতো ঽতিথিং পূজয়েদিত্যুক্তমপি উত্তরার্থমনূদ্যতে ॥ ২৯ ॥ পাষণ্ডিন ইতি। পাষণ্ডিনো বেদবাহ্যব্রতলিঙ্গধারিণঃ শাক্য-ভিক্ষু-ক্ষপণকাদয়ঃ। বিকর্ম্মস্থাঃ প্রতিষিদ্ধবৃত্তিজীবিনঃ। বৈড়ালব্রতিক-বকবৃত্তী বক্ষ্যমাণলক্ষণৌ। শঠা বেদেষশ্রদ্ধধানাঃ। হৈতুকা বেদবিরোধিতর্কব্যবহারিণঃ। এতানতিথিকালোপস্থিতান্

প্রাণবায়ুতে বাক্য আহুতি প্রদান করেন অর্থাৎ কথা কহিবার সময়ে “বাচি প্রাণং জুহোমি” চিন্তা করেন, আর কথা না কহিবার সময়ে “প্রাণে বাচং জুহোমি” চিন্তা করেন ॥ ২৩ ॥ অপর কতিপয় ব্রহ্মবেত্তা ব্রাহ্মণ সতত ব্রহ্মজ্ঞান দ্বারা এই সমুদায় যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকেন। তাঁহারা উপনিষদ্চক্ষু দ্বারা দেখেন যে, জ্ঞানই সমুদায় যজ্ঞের মূল কারণ ॥ ২৪ ॥ উদিত-হোমকারীরা,—দিবা ও রাত্রির প্রথমে, অনুদিত হোমকারীরা দিবা ও রাত্রির শেষে অথবা উদিত-হোমকারীরা দিবসের প্রথমে ও শেষে এবং অনুদিত-হোমকারীরা রাত্রির প্রথমে ও শেষে সর্ব্বদা অগ্নিহোত্র যজ্ঞ করিবেন। কৃষ্ণপক্ষ পূর্ণ হইলে দর্শ-নামক যজ্ঞ ও পূর্ণিমাতে পৌর্ণমাস-নামক যাগ করিবে ॥ ২৫ ॥ নূতন শস্য প্রস্তুত হইলে ব্রাহ্মণ, আগ্রয়ণ যাগ করিবেন; ঋতু পূর্ণ হইলে চাতুর্ম্মাস্য যাগ করিবেন; অয়নের প্রথমে পশুযাগ করিবেন এবং বৎসর সম্পূর্ণ হইলে সোমরস-সাধ্য-অগ্নিষ্টোমাদি যাগ করিবেন ॥ ২৬ ॥ যে সাগ্নিক দ্বিজ দীর্ঘজীবী হইতে ইচ্ছা করেন, তিনি নবান্নযাগ বা পশুযাগ না করিয়া নবান্ন বা মাংস ভোজন করেন না ॥ ২৭ ॥ সাগ্নিক ব্রাহ্মণ যদি নবান্ন ও পশুমাংস দ্বারা অগ্নির পূজা না করেন, তাহা হইলে অগ্নি সেই নবান্ন ও নবমাংসলোলুপ ব্রাহ্মণের প্রাণ ভক্ষণ করিতে ইচ্ছা করেন ॥ ২৮ ॥ আসন, ভোজন, শয়ন, পানীয় এবং ফল-মূল দ্বারা যথাশক্তি অর্চ্চিত না হইয়া যেন কোন অতিথি তাঁহার গৃহে বাস না করেন ॥ ২৯ ॥ বেদবিরুদ্ধ-

হৈতুকান্ বকবৃত্তীংশ্চ বাঙ্মাত্রেণাপি নার্চ্চয়েৎ ॥৩০
বেদবিদ্যাব্রতস্নাতান্ শ্রোত্রিয়ান্ গৃহমেধিনঃ।
পূজয়েদ্ধব্যকব্যেন বিপরীতাংশ্চ বর্জ্জয়েৎ ॥ ৩১
শক্তিতোঽপচমানেভ্যো দাতব্যং গৃহমেধিনা।
সংবিভাগশ্চ ভূতেভ্যঃ কর্ত্তব্যোঽনুপরোধতঃ ॥৩২
রাজতো ধনমন্বিচ্ছেৎ সংসীদন্ স্নাতকঃ ক্ষুধা।

বাঙ্মাত্রেণাপি ন পূজয়েৎ। পূজারহিতে অন্নদানমাত্রন্তু "শক্তিতোঽপচমানেভ্য" ইত্যনুজ্ঞাতমেব ॥ ৩০ ॥ বেদবিদ্যেতি। বেদবিদ্যাব্রতস্নাতানীতি বিদ্যাস্নাতক-ব্রতস্নাতকোভয়স্নাতকাস্ত্রয়োঽপি গৃহ্যন্তে; যথাহ হারীতঃ,—"যঃ সমাপ্য বেদানসমাপ্য ব্রতানি সমাবর্ত্ততে স বিদ্যাস্নাতকঃ, যঃ সমাপ্য ব্রতানি অসমাপ্য বেদান্ সমাবর্ত্ততে স ব্রতস্নাতকঃ, উভয়ং সমাপ্য যঃ সমাবর্ত্ততে স বিদ্যাব্রতস্নাতকঃ।" যদ্যপি স্নাতকধর্ম্মত্বেনৈব স্নাতকমাত্রপ্রাপ্তিস্তথাপি শ্রোত্রিয়ত্বং বিবক্ষিতম্। তান্ স্নাতকান্ শ্রোত্রিয়ান্ হব্যকব্যেন পূজয়েৎ, বিপরীতান্ পুনর্বর্জ্জয়েৎ ॥ ৩১ ॥ শক্তিত ইতি। অপচমানা ব্রহ্মচারিপরিব্রাজকাঃ পাষণ্ডাদয়শ্চ। ব্রহ্মচারি-পরিব্রাজকানামুক্তমপ্যন্নদানং পচমানাপেক্ষয়াতিশয়ার্থং স্নাতকব্রতত্বার্থঞ্চ পুনরুচ্যতে। মেধাতিথিগোবিন্দরাজৌ তু "ভিক্ষাঞ্চ ভিক্ষবে দদ্যাদ্বিধিবদ্ব্রহ্মচারিণে" ইতি ব্রহ্মচারিপরিব্রাজকয়োরুক্তত্বাৎ পাষণ্ড্যাদিবিষত্বমেবাস্য বচনস্য ইত্যূচতুঃ। স্বকুটুম্বানুরোধেন বৃক্ষাদিপর্য্যন্তং প্রাণিভ্যোঽপি। জলাদ্দিনাপি সংবিভাগঃ কর্ত্তব্যঃ ॥ ৩২ ॥ রাজতঃ ইতি। "ন রাজ্ঞঃ প্রতিগৃহ্নীয়াদরাজন্যপ্রসূতিত" ইতি নিষেধাৎ রাজশব্দোঽত্র ক্ষত্রিয়নৃপতিপরঃ, স্নাতকঃ ক্ষুধা অবসীদন্ দ্বিজাতিপ্রতিগ্রহসম্ভবেঽপি যথাশাস্ত্রবর্ত্তিনঃ ক্ষত্রিয়াদ্রাজ্ঞো যাজ্যশিষ্যাভ্যাং বা প্রথমং ধনমভিলষেৎ। রাজ্ঞো মহাধনত্বেন পীড়াবিরহাৎ। যাজ্যশিষ্যয়োশ্চ কৃতোপকারতয়া প্রত্যুপকারশ্রবণত্বাৎ। তদসম্ভবে ত্বন্যস্মাদপি দ্বিজাদ্ধনমাদদীত। তদভাবে তু "সর্ব্বতঃ প্রতিগৃহ্নীয়াদি"তি আপদ্ধর্ম্মং বক্ষ্যতি। এবঞ্চানাপদি প্রথমং

মার্গাবলম্বী, বর্ণান্তরবৃত্তিজীবী, বিড়ালব্রতী, বেদশাস্ত্রে শ্রদ্ধাহীন, বেদবিরুদ্ধ তার্কিক ও বকব্রতী —ইহাদিগকে বাক্য দ্বারাও অর্চ্চনা করিবে না। পরন্তু অন্নদানে নিষেধ নাই ॥ ৩০ ॥ বিদ্যাস্নাতক, ব্রতস্নাতক ও বিদ্যাব্রত-উভয়-স্নাতক গৃহস্থ শ্রোত্রিয়দিগকে হব্য-কব্য দ্বারা পূজা করিবে; পরন্তু যাঁহারা ইহার বিপরীত, তাহাদিগকে পরিত্যাগ করিবে ॥ ৩১ ॥ যাঁহারা পাক না করেন,— এমন ব্রহ্মচারী প্রভৃতিকে গৃহস্থ যথাশক্তি অন্নাদি প্রদান করিবেন এবং যাহাতে আত্মকুটুম্বের পীড়া না জন্মে, এই কারণ তাহাদিগের জন্য পর্য্যাপ্ত রাখিয়া সমুদায় প্রাণিগণকে খাদ্যাদি বিভাগ করিয়া দিবেন ॥ ৩২ ॥ বিদ্যাস্নাতক, ব্রত-

যাজ্যান্তেবাসিনোর্ব্বাপি ন ত্বন্যত ইতি স্থিতিঃ ॥ ৩৩
ন সীদেৎ স্নাতকো বিপ্রঃ ক্ষুধাশক্তঃ কথঞ্চন।
ন জীর্ণমলবদ্বাসা ভবেচ্চ বিভবে সতি ॥ ৩৪
কৢপ্তকেশনখশ্মশ্রুর্দান্তঃ শুক্লাম্বরঃ শুচিঃ।
স্বাধ্যায়ে চৈব যুক্তঃ স্যান্নিত্যমাত্মহিতেষু চ ॥ ৩৫
বৈণবীং ধারয়েদ্যষ্টিং সোদকঞ্চ কমণ্ডলুম্।
যজ্ঞোপবীতং বেদঞ্চ শুভে রৌক্মে চ কুণ্ডলে ॥ ৩৬
নেক্ষেতোদ্যন্তমাদিত্যং নাস্তং যান্তং কদাচন।

ক্ষত্রিয়নৃপযাজ্যশিষ্যেভ্যঃ প্রতিগ্রহনিয়মার্থং বচনম্। অতএবাহ ন ত্বন্যত ইতি। স্থিতিঃ শাস্ত্রমর্য্যাদা, ন চ সংসীদন্নিত্যভিধানাদাপদ্বিষয়ত্বমস্য বাচ্যম্, অব্যভিচারাদনাপৎপ্রকরণাৎ সংসীদন্নিত্যস্য চোপাত্তধনাভাবপরত্বাৎ। ন চ ধনাভাবমাত্রমাপৎ কিন্তু তস্মিন্ সতি বিহিতোপায়াসম্ভবঃ। অন্যথা সদ্যঃপ্রক্ষালকোঽপ্যাপদ্বৃত্তিঃ স্যাৎ। যদি চাপদ্বিষয়ত্বমস্য ভবেৎ তদা ত্বন্যত ইত্যনেন সর্ব্বতঃ প্রতিগৃহ্নীয়াদিতি বিরুধ্যেত। যচ্চাপৎপ্রকরণে "সীদদ্ভিঃ কুপ্যমিচ্ছদ্ভির্ধনং বা পৃথিবীপতিঃ। যাচ্যঃ স্যাদি"ত্যুক্তং তচ্ছূদ্রনৃপতিবিষয়ম্। এবং রাজাদিপ্রতিগ্রহাসম্ভবে ॥ ৩৩ ॥ ন সীদেদিতি। বিদ্যাদিযোগাৎ প্রতিগ্রহশক্তোঽপি স্নাতকো ব্রাহ্মণ উক্তরাজাদিপ্রতিগ্রহলাভে সতি ন ক্ষুধাবসন্নো ভবেৎ, ন চ ধনে সম্ভবতি জীর্ণে মলিনে চ বাসসী বিভৃয়াৎ ॥ ৩৪ ॥ কৢপ্তকেশেতি। কল্পনং ছেদনম্। লূনকেশনখশ্মশ্রুস্তপঃক্লেশসহঃ শুক্লবাসা বাহ্যাভ্যন্তরশৌচসম্পন্নো বেদাভ্যাসযুক্ত ঔষধোপযোগাদিনা চাত্মহিতপরঃ স্যাৎ ॥ ৩৫ ॥ বৈণবীমিতি। বেণুদণ্ডমূদকসহিতঞ্চ কমণ্ডলুং যজ্ঞোপবীতং কুশমুষ্টিং শোভনে চ সৌবর্ণকুণ্ডলে ধারয়েৎ ॥ ৩৬ ॥ নেক্ষেতেতি।

স্নাতক বা উভয়স্নাতক গৃহস্থ ক্ষুধায় কাতর হইলে, ক্ষত্রিয়রাজার নিকটে ধন প্রার্থনা করিবেন; অথবা যজমান বা শিষ্যের নিকট ধন যাচ্ঞা করিবেন; কিন্তু অন্যের নিকট প্রার্থনা করিবেন না ॥ ৩৩ ॥ শক্তি থাকিতে স্নাতক বিপ্র কোন মতে ক্ষুধায় অবসন্ন হইবেন না কিংবা বিভব থাকিতে জীর্ণ মলিন বাস পরিবেন না ॥ ৩৪ ॥ স্নাতক-গৃহস্থ মুণ্ডিত হইবেন না; পরন্তু কেশ, নখ, শ্মশ্রু কর্ত্তন করিবেন; তপঃক্লেশ-সহিষ্ণু হইবেন; শুক্ল বাস পরিধান করিবেন; অন্তরে ও বাহিরে শুচি হইবেন; প্রতিদিন স্বাধ্যায়কার্য্যে উদ্যোগী থাকিবেন এবং গুরু-ভোজনাদি বর্জ্জন দ্বারা নিত্য আত্ম-হিতপরায়ণ হইবেন ॥ ৩৫ ॥ স্নাতক গৃহস্থ বেণুনির্ম্মিত যষ্টি ও শৌচ-প্রস্রাবাদির জন্য জলপূর্ণ কমণ্ডলু সঙ্গে লইবেন এবং সর্ব্বদা যজ্ঞোপবীত, কুশমুষ্টি ও শোভন-দর্শন সুবর্ণময় কুণ্ডলদ্বয় ধারণ করিবেন ॥ ৩৬ ॥ উদিত

নোপসৃষ্টং ন বারিস্থং ন মধ্যং নভসো গতম্ ॥৩৭
ন লঙ্ঘয়েদ্বৎসতন্ত্রীং ন প্রধাবেচ্চ বর্ষতি।
ন চোদকে নিরীক্ষেত স্বং রূপমিতি ধারণা ॥ ৩৮
মৃদং গাং দৈবতং বিপ্রং ঘৃতং মধু চতুষ্পথম্।
প্রদক্ষিণানি কুর্ব্বীত প্রজ্ঞাতাংশ্চ বনস্পতীন্ ॥ ৩৯
নোপগচ্ছেৎ প্রমত্তোঽপি স্ত্রিয়মার্ত্তবদর্শনে।
সমানশয়নে চৈব ন শয়ীত তয়া সহ ॥ ৪০
রজসাভিপ্লুতাং নারীং নরস্য হ্যুপগচ্ছতঃ।
প্রজ্ঞা তেজো বলং চক্ষুরায়ুশ্চৈব প্রহীয়তে ॥ ৪১
তাং বিবর্জ্জয়তস্তস্য রজসা সমভিপ্লুতাম্।
প্রজ্ঞা তেজো বলং চক্ষুরায়ুশ্চৈব প্রবর্দ্ধতে ॥ ৪২
নাশ্নীয়াদ্ভার্য্যয়া সার্দ্ধং নৈনামীক্ষেত চাশ্নতাম্।
ক্ষুবতীং জৃম্ভমাণাং বা ন চাসীনাং যথাসুখম্ ॥ ৪৩
নাঞ্জয়ন্তীং স্বকে নেত্রে ন চাভ্যক্তামনাবৃতাম্।
ন পশ্যেৎ প্রসবন্তীঞ্চ তেজস্কামো দ্বিজোত্তমঃ ॥৪৪
নান্নমদ্যাদেকবাসা ন নগ্নঃ স্নানমাচরেৎ।
ন মূত্রং পথি কুর্ব্বীত ন ভস্মনি ন গোব্রজে ॥ ৪৫
ন ফালকৃষ্টে ন জলে ন চিত্যাং ন চ পর্ব্বতে।
ন জীর্ণদেবায়তনে ন বল্মীকে কদাচন ॥ ৪৬
ন সসত্ত্বেষু গর্ত্তেষু ন গচ্ছন্নাপি চ স্থিতঃ।

উদ্যন্তম্ অস্তময়ন্তঞ্চ সূর্য্যবিম্বমসম্পূর্ণং নেক্ষেত, উপসৃষ্টং গ্রহোপরক্তং রন্ধ্রাদ্যুপসর্গযুক্তঞ্চ, বারিস্থং জলপ্রতিবিম্বিতম্। নভোমধ্যং গতং মধ্যন্দিনসময়ে ॥ ৩৭ ॥ ন লঙ্ঘয়েদিতি। বৎসবন্ধনরজ্জুং ন লঙ্ঘয়েৎ। বর্ষতি মেঘে ন ধাবেৎ। ন চ স্বদেহপ্রতিবিম্বং জলে নিরীক্ষেত ইতি শাস্ত্রে নিশ্চয়ঃ ॥ ৩৮ ॥ মৃদমিতি। প্রস্থিতঃ সন্ সম্মুখাবস্থিতান্ উদ্ধৃতমৃত্তিকাগোপাষাণাদিদেবতাব্রাহ্মণঘৃতক্ষৌদ্রচতুষ্পথমহাপ্রমাণজ্ঞাতবৃক্ষান্ দক্ষিণহস্তমার্গেণ কুর্য্যাৎ। প্রদক্ষিণানীতি নপুংসকমনপুংসকেনৈকবচ্চান্যতরস্যামিতি নপুংসকত্বম্ ॥ ৩৯ ॥ নোপগচ্ছেদিতি। প্রমত্তঃ কামার্ত্তোঽপি রজোদর্শনে নিষিদ্ধস্পর্শদিনত্রয়ে স্ত্রিয়ং নোপগচ্ছেৎ স্পর্শনিষেধেনৈব তাসামাদ্যাশ্চতস্র ইতি চ নিষেধসিদ্ধৌ প্রায়শ্চিত্তগৌরবার্থং স্নাতকব্রতত্বার্থঞ্চ পুনরারম্ভঃ। ন চাগচ্ছন্নপি তয়া সহৈকশয্যায়াং স্বপ্যাৎ ॥ ৪০ ॥ রজসাভিপ্লুতামিতি। যস্মাদ্রজস্বলাং স্ত্রিয়ং পুরুষস্যোপগচ্ছতঃ প্রজ্ঞাবীর্য্যবলচক্ষুরায়ূংষি নশ্যন্তি তস্মাৎ তাং নোপগচ্ছেৎ ॥ ৪১ ॥ তামিতি। তান্তু রজস্বলামগচ্ছতস্তস্য প্রজ্ঞাদয়ো বর্দ্ধন্তে তস্মাৎ তাং নোপেয়াৎ ॥ ৪২ ॥ নাশ্নীয়াদিতি। ভার্য্যয়া সহ একপাত্রে নাশ্নীয়াৎ। এনাঞ্চ ভুঞ্জানাং ক্ষুতং জৃম্ভাঞ্চ কুর্ব্বতীং যথাসুখং নির্যন্ত্রণপ্রদেশাবস্থিতাঞ্চ নেক্ষেত ॥ ৪৩ ॥ নাঞ্জয়ন্তীমিতি। তথা স্বনেত্রয়োরঞ্জনং কুর্ব্বতীং তৈলাদ্যভ্যক্তাম্ অনাবৃতাং স্তনাবরণরহিতাং ন তু নগ্নাম্, “নগ্নাং নেক্ষেত চ স্ত্রিয়মি”তি বক্ষ্যমাণত্বাৎ। অপত্যঞ্চ প্রসবন্তীং ব্রাহ্মণো ন নিরীক্ষেত ॥ ৪৪ ॥ নান্নমদ্যাদিতি। একবস্ত্রো নান্নং ভুঞ্জীত। উপস্থাচ্ছাদনবাসোরহিতো ন স্নায়াৎ। মূত্রগ্রহণম্ অধঃকায়মলবিসর্গোপলক্ষণার্থম্ তেন মূত্রপুরীষে বর্ত্মনি ভস্মনি গোষ্ঠে চ ন কুর্য্যাৎ ॥ ৪৫ ॥ ন ফালকৃষ্ট ইতি। তথা ফালকৃষ্টে ক্ষেত্রাদৌ উদকে অগ্ন্যর্থকৃতেষ্টকাচয়ে পর্ব্বতে চিরন্তনদেবতাগারে কৃমিকৃতমৃত্তিকাচয়ে চ বিণ্মূত্রোৎসর্গং ন কদাচন কুর্য্যাৎ ॥ ৪৬ ॥ ন সসত্ত্বেষ্বিতি। তথা ন সপ্রাণিষু বিলেষু, ন ব্রজন্, ন

হইতেছেন অথবা অস্ত যাইতেছেন; এমন সময়ে সূর্য্যকে কখন দর্শন করিবে না; রাহুগ্রস্ত সূর্য্যকে, জলপ্রতিবিম্বিত সূর্য্যকে এবং আকাশমণ্ডলের মধ্যগত সূর্য্যকেও দর্শন করিবেন না। ৩৭॥ বৎস-বন্ধনের রজ্জু উল্লঙ্ঘন করিবে না; বারিবর্ষণকালে দৌড়িয়া যাইবে না এবং জলে আপনার প্রতিবিম্ব দেখিবে না,—ইহা শাস্ত্রের সিদ্ধান্ত ॥ ৩৮ ॥ মৃত্তিকাস্তূপ, গো, দেবতায়তন, ব্রাহ্মণ, ঘৃত, মধু, চতুষ্পথ (চৌমাথা) এবং প্রজ্ঞাত মহাপ্রমাণ বৃক্ষ সকল—ইহাদিগকে সম্যক্ দক্ষিণদিকে রাখিয়া গমন করিবে ॥ ৩৯ ॥ কামোন্মত্ত হইলেও রজোদর্শনের নিষিদ্ধ দিনত্রয়ে স্ত্রীগমন করিবে না, অথবা তাহার সহিত এক শয্যায় শয়ন করিবে না ॥ ৪০ ॥ যে পুরুষ রজস্বলা স্ত্রীতে গমন করে, তাহার প্রজ্ঞা, তেজ, বল, চক্ষু ও আয়ু এই সমুদায় নষ্ট হইয়া যায় ॥ ৪১ ॥ যে লোক রজস্বলা স্ত্রীকে ব্যবহার না করে, তাহার বুদ্ধি, বীর্য্য, বল, চক্ষু ও পরমায়ু বৃদ্ধি হয় ॥ ৪২ ॥ ভার্য্যার সহিত একত্রে ভোজন করিবে না; ভোজন করিতেছে, এমন সময়ে ভার্য্যাকে অবলোকন করিবে না; হাঁচিতেছে, হাই তুলিতেছে বা যথাসুখে অসংযত ভাবে বসিয়া আছে—এমন সময়েও ভার্য্যাকে দেখিবে না ॥ ৪৩ ॥ নেত্রদ্বয়ে কজ্জল প্রদান করিতেছে, অনাবৃত হইয়া তৈল-ম্রক্ষণ করিতেছে, অথবা সন্তান প্রসব করিতেছে,—এমন সময়ে তেজস্কামী ব্রাহ্মণ ভার্য্যাকে অবলোকন করিবেন না ॥ ৪৪ ॥ একবস্ত্র পরিধান করিয়া অন্ন ভোজন করিবে না। বিবস্ত্র হইয়া স্নান করিবে না; পথে, ভস্মের উপর, অথবা গোচারণস্থানে মলমূত্র ত্যাগ করিবে না ॥ ৪৫ ॥ ফাল দ্বারা কর্ষিত ভূমিতে, জলে, চিতায়, পর্ব্বতে, জীর্ণ দেবমন্দিরে অথবা বল্মীকের উপর কখনও মল-মূত্র ত্যাগ করিবে না ॥ ৪৬ ॥ প্রাণি-

ন নদীতীরমাসাদ্য ন চ পর্ব্বতমস্তকে ॥ ৪৭
বায়্বগ্নিবিপ্রমাদিত্যমপঃ পশ্যংস্তথৈব গাঃ।
ন কদাচন কুর্ব্বীত বিণ্মূত্রস্য বিসর্জ্জনম্ ॥ ৪৮
শতানি পঞ্চ দণ্ড্যঃ স্যাদজ্ঞানাদ্দ্বিশতো দমঃ॥ ২৬৪
সীমায়ামবিষহ্যায়াং স্বয়ং রাজৈব ধর্ম্মবিৎ।
প্রদিশেদ্ভূমিমেতেষামুপকারাদিতি স্থিতিঃ॥ ২৬৫
এষোঽখিলেনাভিহিতো ধর্ম্মঃ সীমাবিনির্ণয়ে।
অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি বাক্পারুষ্যবিনির্ণয়ম্॥ ২৬৬

ক্ষেত্রেতি। একগ্রামেঽপি ক্ষেত্রকূপতড়াগোদ্যানগৃহাণাং সীমাসেতুবিবাদে সমন্তদেশবাসিসাক্ষিপ্রমাণক এব মর্য্যাদা-চিহ্ননিশ্চয়ো বিজ্ঞেয়ো ন ব্যাধাদিপ্রমাণকঃ॥ ২৬২॥ সামন্তা ইতি। সীমাচিহ্ননিমিত্তং বিবদমানানাং মনুষ্যাণাং যদি সমন্তদেশবাসিনো মিথ্যা ব্রূয়ুস্তদা তে সর্ব্বে প্রত্যেকং রাজ্ঞা মধ্যমসাহসং দণ্ডনীয়াঃ। এবঞ্চাসামন্তরূপাণাং পূর্ব্বোক্ত-দ্বিশতো দমো জ্ঞেয়ঃ॥ ২৬৩॥ গৃহমিতি গৃহতড়াগোদ্যান-ক্ষেত্রাণামন্যতমং মারণবন্ধনাদিভয়কথনপূর্ব্বকমাক্রম্য হরন্ পঞ্চ পণশতানি দণ্ডনীয়ঃ স্যাৎ। স্বত্বভ্রান্ত্যা হরতো দ্বিশতো দমঃ॥ ২৬৪॥ সীমামিতি। লিঙ্গসাক্ষ্যাদ্যভাবে সীমায়াং পরিচ্ছেত্তুমশক্যায়াংরাজৈব ধর্ম্মজ্ঞঃ পক্ষপাতরহিতো গ্রাম-দ্বয়মধ্যবর্ত্তিনীং বিবাদবিষয়াং ভূমিং যেষামেব গ্রামবাসিনা-মুপকারাতিশয়ো ভবতি তদ্ব্যতিরেকেণ চ মহাননির্ব্বাহস্তেষা-মেব দদ্যাদিতি শাস্ত্রব্যবস্থা॥ ২৬৫॥ এষ ইতি। এষ সীমা-নিশ্চয়ো ধর্ম্মো নিঃশেষেণ উক্তঃ। অতঃ ঊর্দ্ধং বাক্পারুষ্যং বক্ষ্যামি। দণ্ডপারুষ্যাৎ প্রাক্ বাক্পারুষ্যপ্রবৃত্তেঃ পূর্ব্বমভি-ধানম্, অনুক্রমশ্রুত্যাস্ত পারুষ্যে দণ্ডবাচিকে ইতি দণ্ডশব্দ-

দিবেন॥ ২৬১॥ ক্ষেত্র, কূপ, তড়াগ, উদ্যান অথবা গৃহ—এ সকলের সীমা, প্রতিবেশী সাক্ষী দ্বারা জানিবে॥ ২৬২॥ ঐ সীমান্ত-সাক্ষীরা যদি মিথ্যা কহে, তবে রাজা পৃথক্ পৃথক্ সকলকেই মধ্যম-সাহস অর্থাৎ পাঁচশত পণ দণ্ড করিবেন॥ ২৬৩॥ ভয় দেখাইয়া যদি কেহ পরের গৃহ, তড়াগ, আরাম বা ক্ষেত্র হরণ করে, তবে উহাকে পাঁচশত পণ দণ্ড করিবেন,—যদি অজ্ঞানে হরণ করে, তবে দুইশত পণ দণ্ড হইবে॥ ২৬৪॥ যদি অন্য উপায়ে সীমা-নির্দ্দেশ না হয়, তবে ধর্ম্মবিৎ রাজা স্বয়ং যেরূপ সীমা-নির্দ্দেশে অধিক উপ-কারের সম্ভাবনা, ঐরূপ সীমা নির্দ্দেশ করিবেন—ইহাই ব্যবস্থা॥ ২৬৫॥ সাধারণতঃ সীমানির্ণয়ের ব্যবস্থা বলিলাম, অতঃপর বাক্পারুষ্য সম্বন্ধে

শতং ব্রাহ্মণমাক্রুশ্য ক্ষত্রিয়ো দণ্ডমর্হতি।
বৈশ্যোঽপ্যর্দ্ধশতং দ্বে বা শূদ্রস্তু বধমর্হতি ॥ ২৬৭
পঞ্চাশদ্‌ব্রাহ্মণো দণ্ড্যঃ ক্ষত্রিয়স্যাভিশংসনে।
বৈশ্যে স্যাদর্দ্ধপঞ্চাশচ্ছূদ্রে দ্বাদশকো দমঃ ॥ ২৬৮
সমবর্ণে দ্বিজাতীনাং দ্বাদশৈব ব্যতিক্রমে।
বাদেষ্ববচনীয়েষু তদেব দ্বিগুণং ভবেৎ ॥ ২৬৯
একজাতির্দ্বিজাতীংস্তু বাচা দারুণয়া ক্ষিপন্।
জিহ্বায়াঃ প্রাপ্নুয়াচ্ছেদং জঘন্যপ্রভবো হি সঃ ॥ ২৭০
নামজাতিগ্রহন্ত্বেষামভিদ্রোহেণ কুর্ব্বতঃ।
নিক্ষেপ্যোঽয়োময়ঃ শঙ্কুর্জ্বলন্নাস্যে দশাঙ্গুলঃ ॥ ২৭১

স্যাল্পস্বরত্বাৎ দ্বন্দ্বে পূর্ব্বনিপাতঃ ॥ ২৬৬ ॥ শতমিতি। দ্বিজস্য চৌরেত্যাক্ষেপরূপং পরুষমুক্ত্বা ক্ষত্রিয়ঃ পণশতং দণ্ডমর্হতি। এবং সার্দ্ধশতং দ্বে বা শতে লাঘবগৌরবাপেক্ষয়া বৈশ্যঃ। শূদ্রোঽপ্যেবং ব্রাহ্মণাক্রোশে তাড়নাদিরূপং বধমর্হতি ॥ ২৬৭ ॥ পঞ্চাশদিতি। ব্রাহ্মণঃ ক্ষত্রিয়স্যোক্তরূপাক্ষেপে কৃতে পঞ্চাশৎ পণান্ দণ্ড্যঃ। বৈশ্যে শূদ্রে চ যথোক্তাক্রোশে কৃতে পঞ্চবিংশতির্দ্বাদশপণঃ ক্রমেণ ব্রাহ্মণস্য দণ্ডঃ স্যাৎ ॥ ২৬৮ ॥ সমেতি। দ্বিজাতীনাং সমানজাতিবিষয়ে যথোক্তাক্রোশে কৃতে দ্বাদশপণো দণ্ডঃ। অবচনীয়েষু পুনরাক্রোশরূপেষু ভ্রাতৃভগিন্যাদ্যশ্লীলরূপেষু তদেবেতি নপুংসকনির্দ্দেশাৎ "শতং ব্রাহ্মণমাক্রুশ্যে"ত্যাদি যদুক্তং তদেব দ্বিগুণং দণ্ডরূপং ভবেৎ ॥ ২৬৯ ॥ একেতি। শূদ্রো দ্বিজাতীন্ পাতকাভিযোগিন্যা বাচাক্রুশ্য জিহ্বাচ্ছেদং লভেত। যস্মাদসৌ পাদাখ্যান্নিকৃষ্টাঙ্গাজ্জাতঃ ॥ ২৭০ ॥ নামেতি। অভিদ্রোহ আক্রোশঃ ব্রাহ্মণাদীনাং "রে ত্বং যজ্ঞদত্ত ব্রাহ্মণাপসদ" ইত্যাক্রোশেন নামজাতিগ্রহণং কুর্ব্বতো লৌহকীলোঽগ্নিনা প্রদীপ্তো দশাঙ্গুলো

বলিব ॥ ২৬৬ ॥ ব্রাহ্মণকে গালাগালি দিলে ক্ষত্রিয়ের এক শত পণ দণ্ড হইবে; বৈশ্যের দেড় শত বা দুই শত পণ দণ্ড হইবে; শূদ্রের তাড়নাদি শারীরিক দণ্ড হইবে ॥ ২৬৭ ॥ ক্ষত্রিয়কে গালি দিলে ব্রাহ্মণের পঞ্চাশ পণ দণ্ড হইবে; বৈশ্যকে গালি দিলে পঁচিশ পণ আর শূদ্রকে গালি দিলে দ্বাদশপণ দণ্ড হইবে ॥ ২৬৮ ॥ দ্বিজাতিদিগের মধ্যে সমবর্ণে পরস্পর অপভাষণ হইলে দ্বাদশ পণ দণ্ড হইবে; আর যদি অকথ্য গালিগালাজ হয়, তবে পূর্ব্বোক্ত দণ্ডের দ্বিগুণ হইবে ॥ ২৬৯ ॥ একজাতি অর্থাৎ শূদ্র যদি দ্বিজাতিদিগের প্রতি কঠিন বাক্য প্রয়োগ করে, তবে ঐ শূদ্র জিহ্বাচ্ছেদরূপ দণ্ড প্রাপ্ত হইবে; কারণ ইহার জন্ম জঘন্য স্থান হইতে হইয়াছে ॥ ২৭০ ॥ নাম এবং জাতি তুলিয়া শূদ্র যদি দ্বিজাতির উপর আক্রোশ করে,

ধর্ম্মোপদেশং দর্পেণ বিপ্রাণামস্য কুর্ব্বতঃ।
তপ্তমাসেচয়েৎ তৈলং বক্ত্রে শ্রোত্রে চ পার্থিবঃ ॥
শ্রুতং দেশঞ্চ জাতিঞ্চ কর্ম্ম শারীরমেব চ।
বিতথেন ব্রুবন্ দর্পাদ্দাপ্যঃ স্যাদ্দ্বিশতং দমম্ ॥ ২
কাণং বাপ্যথবা খঞ্জমন্যং বাপি তথাবিধম্।
তথ্যেনাপি ব্রুবন্ দাপ্যো দণ্ডং কার্ষাপণাবরম্ ॥ ২
মাতরং পিতরং জায়াং ভ্রাতরং তনয়ং গুরুম্।
আক্ষারয়ঞ্ছতং দাপ্যঃ পন্থানঞ্চাদদদ্‌গুরোঃ ॥ ২৭৫
ব্রাহ্মণক্ষত্রিয়াভ্যাস্তু দণ্ডঃ কার্য্যো বিজানতা।

মুখে ক্ষেপ্তব্যঃ ॥ ২৭১ ॥ ধর্ম্মোপদেশমিতি। কথঞ্চিদ্ধর্ম্মলেশমবগম্যায়ং তে ধর্ম্মোঽনুষ্ঠেয় ইতি ব্রাহ্মণস্যাহঙ্কারাদুপদিশতোঽস্য শূদ্রস্য মুখে কর্ণয়োশ্চ জ্বলৎতৈলং রাজা প্রক্ষেপয়েৎ ॥ ২৭২ ॥ শ্রুতমিতি। সমানজাতিবিষয়মিদং দণ্ডলাঘবাৎ, ন তু শূদ্রস্য দ্বিজাত্যাক্ষেপবিষয়ম্, ন ত্বয়ৈতৎ শ্রুতং ভবানেতদ্দেশজাতো ন তবেয়ং জাতির্ন তব শরীরসংস্কারমুপনয়নাদি কর্ম্ম কৃতমিত্যহঙ্কারেণ মিথ্যা ব্রুবন্ দ্বিশতং দণ্ডং দাপ্য স্যাৎ। বিতথেনেতি প্রকৃত্যাদিভ্য উপসংখ্যানমিতি তৃতীয়া ॥ ২৭৩ ॥ কাণমিতি। একাক্ষিবিকলং পাদবিকলম্ অন্যমপি বা তথাবিধং হস্তাদ্যঙ্গবিকলং সত্যেনাপি কাণাদিশব্দেন ব্রুবন্ অত্যন্তাল্পং তদা কার্ষাপণং দণ্ডং দাপ্যঃ ॥ ২৭৪ ॥ মাতরমিতি। আক্ষারিতঃ ক্ষারিতোঽভিশপ্ত ইত্যাভিধানিকাঃ। মাত্রাদীন্ পাতকাদিনাভিশপন্ গুরোশ্চ পন্থানমত্যজন্ শতং দণ্ড্যঃ, অত্র মাতৃভ্রাতৃভার্য্যাদীনাং গুরুলঘুপাপাভিশাপেন দণ্ডসাম্যং সমাধেয়ম্। মেধাতিথিস্তু আক্ষারণং ভেদনমিত্যুক্ত্বা মাতৃপুত্রপিত্রাদীনাং পরস্পরভেদনকর্ত্তুরয়ং দত্রবিধিরিতি ব্যাখ্যাতবান্ ॥ ২৭৫ ॥ ব্রাহ্মণেতি। ব্রাহ্মণক্ষত্রিয়াভ্যাং পরস্পরং পতনীয়াক্রোশে কৃতে দণ্ডশাস্ত্রজ্ঞেন

তবে একটা জ্বলন্ত দশাঙ্গুল লৌহময় শঙ্কু উহার মুখে নিক্ষেপ করা কর্ত্তব্য ॥ ২৭১ ॥ দর্পিতভাবে শূদ্র যদি ব্রাহ্মণকে ধর্ম্মোপদেশ করে, তবে রাজা উহার মুখে ও কর্ণে তপ্ত তৈল নিক্ষেপ করাইবেন ॥ ২৭২ ॥ আর একজনের বিদ্যা, দেশ, জাতি ও সংস্কার কর্ম্মসম্বন্ধে যদি একজন দর্প করিয়া অন্যথা বলে, তবে সে দুই শত পণ দণ্ডনীয় ॥ ২৭৩ ॥ সত্য সত্য সেইরূপ হইলেও যদি কেহ কাহাকেও কাণা, খঞ্জ বা কুব্জ প্রভৃতি শব্দে আহ্বান করে, তবে রাজা তাহাকে এক কার্ষাপণ দণ্ড করিবেন ॥ ২৭৪ ॥ মাতা, পিতা, পত্নী, ভ্রাতা, পুত্র অথবা গুরু—ইহাঁদিগকে যে গালি দেয় ও গুরুকে যে পথ ছাড়িয়া না দেয়—ইহাদের একশত পণ দণ্ড হইবে ॥ ২৭৫ ॥ ব্রাহ্মণ

ব্রাহ্মণে সাহসঃ পূর্ব্বঃ ক্ষত্রিয়ে ত্বেব মধ্যমঃ ॥ ২৭৬
বিট্‌শূদ্রয়োরেবমেব স্বজাতিং প্রতি তত্ত্বতঃ।
ছেদবর্জ্জং প্রণয়নং দণ্ডস্যেতি বিনিশ্চয়ঃ ॥ ২৭৭
এষ দণ্ডবিধিঃ প্রোক্তো বাক্‌পারুষ্যস্য তত্ত্বতঃ।
অত ঊর্দ্ধং প্রবক্ষ্যামি দণ্ডপারুষ্যনির্ণয়ম্ ॥ ২৭৮
যেন কেনচিদঙ্গেন হিংস্যাচ্চেচ্ছ্রেষ্ঠমন্ত্যজঃ।
ছেত্তব্যং তত্তদেবাস্য তন্মনোরনুশাসনম্ ॥ ২৭৯
পাণিমুদ্যম্য দণ্ডং বা পাণিচ্ছেদনমর্হতি।
পাদেন প্রহরন্ কোপাৎ পাদচ্ছেদনমর্হতি ॥ ২৮০
সহাসনমভিপ্রেপ্সুরুৎকৃষ্টস্যাপকৃষ্টজঃ।
কট্যাং কৃতাঙ্কো নির্ব্বাস্যঃ স্ফিচং বাস্যাবকর্ত্তয়েৎ ॥
অবনিষ্ঠীবতো দর্পাদ্দ্বাবোষ্ঠৌ ছেদয়েন্নৃপঃ।
অবমূত্রয়তো মেঢ্রমবশর্দ্ধয়তো গুদম্ ॥ ২৮২
কেশেষু গৃহ্নতো হস্তৌ ছেদয়েদবিচারয়ন্।
পাদয়োর্দাঢ়িকায়াঞ্চ গ্রীবায়াং বৃষণেষু চ ॥ ২৮৩
ত্বগ্‌ভেদকঃ শতং দণ্ড্যো লোহিতস্য চ দর্শকঃ।
মাংসভেত্তা তু ষণ্নিষ্কান্ প্রবাস্যস্ত্বস্থিভেদকঃ ॥ ২৮৪
বনস্পতীনাং সর্ব্বেষামুপভোগো যথা যথা।

রাজ্ঞা দণ্ডঃ কার্য্যঃ। দণ্ডমেব বিশেষেণাহ ব্রাহ্মণে ক্ষত্রিয়াক্রোশিনি প্রথম সাহসঃ কার্য্যঃ, ব্রাহ্মণা ক্রোশিনী পুনঃ ক্ষত্রিয়ে মধ্যমসাহসঃ ॥ ২৭৬ ॥ বিড়িতি। বৈশ্যশূদ্রয়োরন্যোন্যজাতিং প্রতি পতনীয়াক্রোশে ব্রাহ্মণক্ষত্রিয়বৎ বৈশ্যে শূদ্রাক্রোশিনি প্রথমসাহসঃ শূদ্রে বৈশ্যাক্রোশিনি মধ্যমসাহস ইত্যেবংরূপং দণ্ডস্য প্রণয়নং জিহ্বাচ্ছেদরহিতং যাবৎ কর্ত্তব্যমিতি শাস্ত্রনিশ্চয়ঃ। এবঞ্চৈকজাতির্দ্বিজাতীংস্ত্বিতি প্রাগুক্তজিহ্বাচ্ছেদো বৈশ্যে নিবারিতো ব্রাহ্মণক্ষত্রিয়াক্রোশবিষয় এবাবতিষ্ঠতে ॥ ২৭৭ ॥ এষ ইতি। এবোঽনন্তরাক্তো বাক্‌পারুষ্যস্য যথাবদ্দণ্ডবিধিরুক্তঃ। অনন্তরং তাড়নাদের্দ্দণ্ডপারুষ্যস্য নির্ণয়ং বক্ষ্যামি ॥ ২৭৮ ॥ যেনেতি। অন্ত্যজঃ শূদ্রো যেন কেনচিৎ করচরণাদিনাঙ্গেন সাক্ষাদ্দণ্ডাদিনা ব্যবহিতেন বা দ্বিজাতিং প্রহরেৎ তদেবাঙ্গমস্য ছেত্তব্যমিত্যয়ং মনোরুপদেশঃ। মনুগ্রহণমাদরার্থম্ ॥ ২৭৯ ॥ অন্ত্যেপাত্তরঃ প্রপঞ্চঃ পাণিমিতি। প্রহর্ত্তুং পাণিং দণ্ডং বোদ্যম্য পাণিচ্ছেদং লভতে। পাদেন কোপাৎ প্রহরন্ পাদচ্ছেদং প্রাপ্নোতি ॥ ২৮০ ॥ সহেতি। ব্রাহ্মণেন সহৈকাসনোপবিষ্টঃ শূদ্রঃ কট্যাং তপ্তলৌহকৃতচিহ্নো দেশান্নির্ব্বাসনীয়ঃ স্ফিচং বাস্য যথা ন ম্রিয়তে তথা ছেদয়েৎ ॥ ২৮১ ॥ অবেতি। দর্পেণ শ্লেষ্মণা ব্রাহ্মণানবমানয়তঃ শূদ্রস্য রাজা দ্বাবোষ্ঠৌ ছেদয়েৎ। মূত্রপ্রক্ষেপেণাবমানয়তো মেঢ্রম্। শর্দ্ধনং কুৎসিতো গুদশব্দঃ, তেনাবমানয়তো দর্পান্ন প্রমাদাৎ গুদং ছেদয়েৎ ॥ ২৮২ ॥ কেশেম্বিতি। দর্পাদিত্যনুবর্ত্ততে। অহঙ্কারেণ কেশেষু ব্রাহ্মণং গৃহ্নতঃ শূদ্রস্য পীড়াস্য জাতা ন জাতা বেত্যবিচারয়ন্ হস্তৌ ছেদয়েৎ। পাদয়োঃ শ্মশ্রুণি গ্রীবায়াং বৃষণে চ হিংসার্থং গৃহ্নতো হস্তদ্বয়চ্ছেদমেব কুর্য্যাৎ ॥ ১৮৩ ॥ ত্বক্‌ভেদক ইতি। চর্ম্মমাত্রভেদকৃৎ সমানজাতির্ন তু শূদ্রো ব্রাহ্মণস্য দণ্ডলাঘবাৎ পণশতং দণ্ডনীয়ঃ। তথা রক্তোৎপাদকোঽপি পণশতমেব দণ্ড্যঃ। মাংসভেদী ষণ্নিষ্কান্ দাপ্যঃ। অস্থিভেদকস্তু দেশান্নির্ব্বাস্যঃ ॥ ২৮৪ ॥ বনস্পতীনামিতি। বৃক্ষাদ্যুদ্ভিদাং সর্ব্বেষাং

ও ক্ষত্রিয়—ইহাদের মধ্যে পরস্পর গালাগালি হইলে, রাজা ব্রাহ্মণের পূর্ব্ব-সাহস ও ক্ষত্রিয়ের মধ্যম সাহস দণ্ড করিবেন ॥ ২৭৬ ॥ বৈশ্য-শূদ্রের পরস্পর আক্রোশ হইলে বৈশ্যের এইরূপ প্রথম সাহস ও শূদ্রের মধ্যম সাহস দণ্ড হইবে—জিহ্বাচ্ছেদ হইবে না। দণ্ড সম্বন্ধে এই ব্যবস্থা ॥ ২৭৭ ॥ তত্ত্বতঃ বাক্‌পারুষ্যের দণ্ডবিধি এই বলা হইল; এক্ষণে দণ্ডপারুষ্য অর্থাৎ মারামারি সম্বন্ধে বিধি বলিতেছি ॥ ২৭৮ ॥ অন্ত্যজ অর্থাৎ শূদ্র যে কোন অঙ্গের দ্বারা শ্রেষ্ঠ জাতিকে মারিবে, রাজা তাহার সেই অঙ্গ ছেদন করিয়া দিবেন—ইহা মনুর অনুশাসন ॥ ২৭৯ ॥ শূদ্র যদি শ্রেষ্ঠ জাতিকে মারিবার জন্য হস্ত বা দণ্ড তোলে, তবে রাজা তাহার হস্তচ্ছেদ করিবেন; আর পাদ দ্বারা প্রহার করিলে পাদচ্ছেদ হইবে ॥ ২৮০ ॥ শূদ্র যদি দর্পবশতঃ ব্রাহ্মণের সহিত একাসনে উপবেশন করে, তবে রাজা উহার কটিদেশ লৌহময় তপ্ত শলাকায় অঙ্কিত করিয়া উহাকে দেশ হইতে নির্ব্বাসিত করিবেন; অথবা যেন না মরে, এইরূপে তাহার পাছা কাটিয়া দিবেন ॥ ২৮১ ॥ দর্প করিয়া যদি শূদ্র, ব্রাহ্মণের গাত্রে নিষ্ঠীবন অর্থাৎ থুতু নিক্ষেপ করে, তাহা হইলে রাজা তাহার ওষ্ঠাধর ছেদন করিবেন; প্রস্রাব করিয়া দিলে লিঙ্গ ছেদন করিবেন এবং অধোবায়ু ত্যাগ করিয়া দিলে, গুহ্যদেশ ছেদন করিয়া দিবেন ॥ ২৮২ ॥ শূদ্র অহঙ্কারপূর্ব্বক যদি হস্ত দ্বারা ব্রাহ্মণের কেশ ধারণ করে বা হিংসা জন্য তাঁহার পাদদ্বয়, দাড়িকা, গলা কিংবা অণ্ডকোষ গ্রহণ করে, তবে রাজা বিচার না করিয়া উহার হস্তদ্বয় ছেদন করিবেন ॥ ২৮৩ ॥ সমান জাতি মধ্যে যদি কেহ কাহারও চর্ম্মভেদ করে অথবা রক্তদর্শন করে, তবে তাহার একশত পণ দণ্ড হইবে; মাংসভেদকারীর ছয় নিষ্ক দণ্ড হইবে। আর অস্থিভেদে দেশ-নির্ব্বাসন-রূপ দণ্ড

তথা তথা দমঃ কার্য্যো হিংসায়ামিতি ধারণা ॥ ২৮৫
মনুষ্যাণাং পশূনাঞ্চ দুঃখায় প্রহৃতে সতি।
যথা যথা মহদ্দুঃখং দণ্ডং কুর্য্যাৎ তথা তথা ॥ ২৮৬
অঙ্গাবপীড়নায়াঞ্চ ব্রণশোণিতয়োস্তথা।
সমুত্থানব্যয়ং দাপ্যঃ সর্ব্বদণ্ডমথাপি বা ॥ ২৮৭
দ্রব্যাণি হিংস্যাদ্যো যস্য জ্ঞানতোঽজ্ঞানতোঽপি বা
স তস্যোৎপাদয়েত্তুষ্টিং রাজ্ঞো দদ্যাচ্চ তৎসমম্ ॥
চর্ম্ম-চার্ম্মিকভাণ্ডেষু কাষ্ঠ-লোষ্টময়েষু চ।
মূল্যাৎ পঞ্চগুণো দণ্ডঃ পুষ্প-মূল-ফলেষু চ ॥ ২৮৯

যানস্য চৈব যাতুশ্চ যানস্বামিন এব চ।
দশাতিবর্ত্তনান্যাহুঃ শেষে দণ্ডো বিধীয়তে ॥ ২৯০
ছিন্ননাস্যে ভগ্নযুগে তির্য্যক্প্রতিমুখাগতে।
অক্ষভঙ্গে চ যানস্য চক্রভঙ্গে তথৈব চ ॥ ২৯১
ছেদনে চৈব যন্ত্রাণাং যোক্ত্ররশ্ম্যোস্তথৈব চ।
আক্রন্দে চাপ্যপেহীতি ন দণ্ডং মনুরব্রবীৎ ॥ ২৯২
যত্রাপবর্ত্ততে যুগ্যং বৈগুণ্যাৎ প্রাজকস্য তু।
তত্র স্বামী ভবেদ্দণ্ড্যো হিংসায়াং দ্বিশতংদমম্ ॥২৯৩
প্রাজকশ্চেদ্ভবেদাপ্তঃ প্রাজকো দণ্ডমর্হতি।

যেন যেন প্রকারেণ উপভোগঃ ফলপুষ্পপত্রাদিনা উত্তমমধ্যমাধমরূপো ভবতি তথা তথা হিংসায়ামপ্যুত্তমসাহসাদির্দণ্ডো বিধেয় ইতি নিশ্চয়ঃ। তথাচ বিষ্ণুঃ—"ফলোপভোগদ্রুমচ্ছেদী তূত্তমং সাহসং পুষ্পোপভোগদ্রুমচ্ছেদী মধ্যমং বল্লীগুল্মলতাচ্ছেদী কার্ষাপণশতং তৃণচ্ছেদ্যেকং কার্ষাপণঞ্চ।" পণ এষ মনুনাপ্যুক্তো বেদিতব্যঃ ॥২৮৫॥ মনুষ্যাণামিত্যাদি। মনুষ্যাণাং পশূনাঞ্চ পীড়োৎপাদনার্থং প্রহারে কৃতে সতি যথা যথা পীড়াধিক্যং তথা তথা দণ্ডমপ্যধিকং কুর্য্যাৎ। এবঞ্চ মর্ম্মস্থানাদৌ ত্বগ্‌ভেদনাদিষু কৃতেষু ত্বগ্‌ভেদকঃ শতং দণ্ড্য ইত্যুক্তাদপ্যধিকো দণ্ডো দুঃখবিশেষাপেক্ষয়া কর্ত্তব্যঃ ॥ ২৮৬ ॥ অঙ্গেতি। অঙ্গানাং করচরণাদীনাং ব্রণশোণিতয়োশ্চ পীড়নায়াং সত্যাং সমুত্থানব্যয়ং যাবতা কালেন পূর্ব্বাবস্থাপ্রাপ্তিরূপসমুত্থানসম্বন্ধো ভবতি তাবতা কালেন পথ্যৌষধাদিনা যাবান্ ব্যয়ো ভবতি তমসৌ দাপনীয়ঃ। অথ তং ব্যয়ং পীড়োৎপাদকো ন দাতুমিচ্ছতি তদা যঃ সমুত্থানব্যয়ঃ যশ্চ দণ্ডস্তমেনং দণ্ডত্বেন রাজ্ঞা দাপ্যঃ ॥ ২৮৭ ॥ দ্রব্যাণীতি। দ্রব্যাণ্যনুক্তবিশেষদণ্ডানি কটকতাম্রঘটাদীনি যো যস্য জ্ঞানাদজ্ঞানাদ্বা নাশয়েৎ স তস্য দ্রব্যান্তরাদিনা তুষ্টিমুৎপাদয়েৎ রাজ্ঞশ্চ বিনাশিতদ্রব্যসমং দণ্ডং দদ্যাৎ ॥ ২৮৮ ॥ চর্ম্মেতি। চর্ম্মঘটিতবরত্রাদৌ চর্ম্মকাষ্ঠমৃত্তিকানির্ম্মিতেষু চ ভাণ্ডেষু পুষ্পমূলফলেষু পরস্য নাশিতেষু তন্মূল্যাৎ পঞ্চগুণো দণ্ডো রাজ্ঞো দেয়ঃ, স্বামিনশ্চ তুষ্টিরুৎপাদনীয়ৈব ॥ ২৯৯ ॥ যানস্যেতি। যানস্য রথাদের্যাতুঃ সারথ্যাদের্যানস্বামিনশ্চ যস্য তদ্‌যানং তেষাং ছিন্ননাস্যাদীনি দশ নিমিত্তানি দণ্ডমতিক্রম্য বর্ত্তন্তে এষু নিমিত্তেষু সৎসু প্রাণিমারণে দ্রব্যনাশে চ প্রকৃতে যানস্বাম্যাদীনাং দণ্ডো ন ভবতীতি মন্বাদয় আহুঃ। এতদ্ব্যতিরিক্তনিমিত্তেষু পুনর্দণ্ডোঽনুষ্ঠীয়তে ॥ ২৯০ ॥ ছিন্নেতি। ছেদন ইতি। নাসায়াং ভবং নাস্যং শরীরাবয়বত্বাদ্‌যৎ, সা চেহ-বলীবর্দ্দাদিনাসাসম্বন্ধিনী রজ্জুঃ। ছিন্ননাস্যরজ্জৌ বলীবর্দ্দাদিকে ভগ্নযুগাখ্যকাষ্ঠে রথাদৌ ভূমিবৈষম্যাদিনা তিরশ্চীনং বা গতে তথা চক্রান্তঃপ্রবিষ্টকাষ্ঠভঙ্গে যন্ত্রাণাং চর্ম্মবন্ধনানাং ছেদনে যোক্ত্রস্য পশুগ্রীবারজ্জো রশ্মেঃ প্রহরণস্য ছেদনে অপসরাপসরেত্যুচ্চৈঃশব্দে সারথ্যাদিনা কৃতে চ যানেন প্রাণিহিংসাদ্রব্যবিনাশয়োঃ কৃতয়োঃ সারথ্যাদের্দণ্ডো নাস্তীতি মনুরাহ ॥ ২৯১। ২৯২ ॥ যত্রেতি। যত্র সারথেরকৌশল্যাদ্‌যানমন্যথা ব্রজতি তত্র হিংসায়ামশিক্ষিতসারথিনিয়োগাৎ

হইবে ॥ ২৮৪ ॥ বৃক্ষাদির হানি করিলে পত্র-পুষ্প-ফলাদি ও উত্তমাধম বিবেচনায় রাজা ক্ষতিকারীর দণ্ড করিবেন ॥ ২৮৫ ॥ মনুষ্য কিংবা পশুদিগকে প্রহার দ্বারা পীড়া দিলে ক্লেশানুসারে রাজা প্রহারকারীকে দণ্ড দিবেন ॥ ২৮৬ ॥ অঙ্গভেদ, ক্ষত বা রক্তপাত করিলে প্রহারকারীকে আঘাতিত ব্যক্তির সুস্থ হইবার জন্য ঔষধ-পথ্যাদির ব্যয় দিতে হইবে। না দিলে রাজা ঐ ব্যয় এবং ব্যয়ের পরিমাণ উহাকে দণ্ড করিবেন ॥ ২৮৭ ॥ জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ যে যাহার দ্রব্য নষ্ট করিবে, সে দ্রব্যান্তর দিয়া স্বামীর সন্তোষ করিবে এবং রাজাকেও তৎসম দণ্ড দিবে ॥ ২৮৮ ॥ চর্ম্ম ও চর্ম্মের পাত্র, কাষ্ঠময় ও মৃন্ময় ভাণ্ড এবং পুষ্প, মূল, ফল, যদি কেহ ঈর্ষ্যা বশতঃ নষ্ট করে, তবে তাহাকে ঐ দ্রব্যের যে মূল্য হইবে, তাহার পঞ্চগুণ দণ্ড রাজাকে দিতে হইবে এবং দ্রব্যস্বামীর সন্তোষ জন্মাইতে হইবে ॥ ২৮৯ ॥ যান, সারথি এবং যানস্বামী,—দশটী স্থলে দণ্ডনীয় হন না—উহা পণ্ডিতেরা বলেন; অন্য স্থলে দণ্ডের বিধান আছে ॥ ২৯০ ॥ বলীবর্দ্দাদির নাসালগ্ন রজ্জু ছিঁড়িয়া গেলে; রথাদির যুগকাষ্ঠ ভাঙ্গিয়া গেলে; ভূমির উচ্চ-নীচতায়, চক্রের মধ্যস্থ কাষ্ঠ বা চক্রভঙ্গ হইলে, যানের চর্ম্মবন্ধন, পশুদিগের মুখবন্ধন-রজ্জু ও বল্গা (লাগাম) ছিন্ন হইলে এবং উচ্চৈঃস্বরে বারংবার সাবধান করিয়া দিলেও যদি যান দ্বারা কোন জীবহত্যাদি-দোষ ঘটে, তবে তাহাতে কাহারও দণ্ড নাই—ইহা মনু বলিয়াছেন ॥ ২৯১। ২৯২ ॥ যে স্থলে সারথির দোষে রথ অপবর্ত্তিত হইয়া প্রাণিহিংসা জন্মায়, সে স্থলে অশিক্ষিত-সারথিনিয়োগ-জন্য রাজা

যুগ্যস্থাঃ প্রাজকেঽনাপ্তে সর্ব্বে দণ্ড্যাঃ শতং শতম্ ॥
স চেত্তু পথি সংরুদ্ধঃ পশুভির্বা রথেন বা ।
প্রমাপয়েৎ প্রাণভৃতস্তত্র দণ্ডোঽবিচারিতঃ ॥ ২৯৫
মনুষ্যমারণে ক্ষিপ্রং চৌরবৎ কিল্বিষং ভবেৎ ।
প্রাণভৃৎসু মহৎস্বর্দ্ধং গোগজোষ্ট্রহয়াদিষু ॥ ২৯৬
ক্ষুদ্রকাণাং পশূনান্তু হিংসায়াং দ্বিশতো দমঃ ।
পঞ্চাশত্তু ভবেদ্দণ্ডঃ শুভেষু মৃগপক্ষিষু ॥ ২৯৭
গর্দ্দভাজাবিকানান্তু দণ্ডঃ স্যাৎ পঞ্চমাষিকঃ ।
মাষকস্তু ভবেদ্দণ্ডঃ শ্ব-শূকরনিপাতনে ॥ ২৯৮
ভার্য্যা পুত্রশ্চ দাসশ্চ শিষ্যো ভ্রাতা চ সোদরঃ ।
প্রাপ্তাপরাধাস্তাড্যাঃ স্যু রজ্জ্বা বেণুদলেন বা ॥ ২৯৯
পৃষ্ঠতস্তু শরীরস্য নোত্তমাঙ্গে কথঞ্চন ।
অতোঽন্যথা তু প্রহরন্ প্রাপ্তঃ স্যাচ্চৌরকিল্বিষম্ ॥
এষোঽখিলেনাভিহিতো দণ্ডপারুষ্যনির্ণয়ঃ ।
স্তেনস্যাতঃ প্রবক্ষ্যামি বিধিং দণ্ডবিনির্ণয়ে ॥ ৩০১
পরমং যত্নমাতিষ্ঠেৎ স্তেনানাং নিগ্রহে নৃপঃ ।
স্তেনানাং নিগ্রহাদস্য যশো রাষ্ট্রঞ্চ বর্দ্ধতে ॥ ৩০২
অভয়স্য হি যে দাতা স পূজ্যঃ সততং নৃপঃ ।

ামী দ্বিশতঃ দণ্ডং দাপ্যঃ স্যাৎ ॥ ২৯৩ ॥ প্রাজক ইতি। যদি ্ সারথিঃ কুশলঃ স্যাৎ তদা সারথিরেবোক্তদ্বিশতং দমং বক্ষ্যাণঞ্চ মনুষ্যমারণ ইত্যাদিকং দণ্ডমর্হতি ন স্বামী। অকুশলে ্ তস্মিন্ সারথিস্বামিব্যতিরিক্তা অন্যেঽপি যানারূঢ়া অকুশলসারথিকযানারোহণাৎ সর্ব্বে প্রত্যেকং শতং শতং দণ্ড্যাঃ ॥ ২৯৪ ॥ স চেদিতি। স চেৎ প্রাজকঃ সম্মুখাগতৈঃ প্রচুরাদিভী রথান্তরেণ বা সংরুদ্ধঃ স্বরথগমনানবধানাৎ প্রত্যক্মর্পণাক্ষমং সঙ্কটেঽপি স্বরথতুরগান্ প্রেরয়ন্-তুরগৈ রথেন রথাবয়বৈর্ব্বা প্রাণিনো ব্যাপাদয়তি তত্রাবিচারিতো দণ্ডঃ কর্ত্তব্য এব ॥ ২৯৫ ॥ রথসঙ্কটাপরাধে কীদৃশ ইত্যাহ মনুষ্যেতি। তত্র মনুষ্যমারণে প্রাজকস্যানবধানাৎ যানেন কৃতে ীয়মেব চৌরদণ্ডোত্তমসাহসো ভবেৎ ন তু মারণরূপঃ প্রাণভৃৎসু মহৎস্বর্দ্ধমিতি শ্রবণাৎ। গোগজাদিষু মহৎসু প্রাণিষু মারিতেষু উত্তমসাহসস্যার্দ্ধং পঞ্চশতপণো দণ্ডো ভবেৎ ॥ ২৯৬ ॥ ক্ষুদ্রকাণামিতি। ক্ষুদ্রকাণাং পশূনাং জাতিতো বিশেষোপদিষ্টেতরেষাং বনচরাদীনাং বয়সা চ কিশোরাদীনাং মারণে দ্বিশতো দণ্ডঃ স্যাৎ। শুভেষু মৃগেষু রুরুপৃষতাদিষু পক্ষিষু চ শুকহংসসারসাদিষু হতেষু পঞ্চাশৎপণো দণ্ডো ভবেৎ ॥ ২৯৭ ॥ গর্দ্দভেতি। গর্দ্দভচ্ছাগৈড়কানাং পুনর্মারণে পঞ্চরৌপ্যমাষকপরিমাণো দণ্ডঃ স্যাৎ। ন চাত্র হৈরণ্যমাষগ্রহণম্, উত্তরোত্তরলঘুদণ্ডাভিধানাৎ। শ্বশূকরমারণেষু পুনঃ রৌপ্যমাষপরিমাণো দণ্ডঃ স্যাৎ ॥ ২৯৮ ॥ ভার্য্যেতি। ভার্য্যাপুত্রাদয়ঃ কৃতাপরাধা রজ্জ্বাতিলঘুবেণুশলাকয়া বা তাড্যা ভবেয়ুঃ। শিক্ষার্থং তাড়নবিধানাদত্র দণ্ডাপবাদঃ ॥ ২৯৯ ॥ পৃষ্ঠত ইতি। রজ্জ্বাদিভিরপি দেহস্য পৃষ্ঠদেশে তাড়নীয়াঃ ন তু শিরসি, উক্তপ্রকারব্যতিরেকেণ প্রহরন্ বাগ্দণ্ডধনদণ্ডরূপং চৌরদণ্ডং প্রাপ্নুয়াৎ ॥ ৩০০ ॥ এষ ইতি। এষ দণ্ডপারুষ্যনির্ণয়ো নিঃশেষেণোক্তঃ। অতঃ ঊর্দ্ধং চৌরদণ্ডবিনির্ণয়ে বিধানং বক্ষ্যামি ॥ ৩০১ ॥ পরমমিতি। চৌরাণাং নিয়মনে রাজা পরমমুৎকৃষ্টং যত্নং কুর্য্যাৎ যস্মাচ্চৌরনিগ্রহাদ্রাজ্ঞঃ খ্যাতির্নিরুপদ্রবতয়া রাষ্ট্রঞ্চ বৃদ্ধিমেতি ॥ ৩০২ ॥ অভয়স্যেতি। হিরবধারণে। চৌরাণাং নিয়মনেন যো নৃপতিঃ সাধূনামভয়ং দদাতি স এব পূজ্যঃ সর্ব্বেষাং শ্লাঘ্যো ভবতি। সত্রং গবাময়নাদিক্রতুবিশেষঃ, যস্মাৎ সত্রমিব সত্রং তৎফলদানাৎ চৌরনিগ্রহরূপাভয়দক্ষিণং সর্ব্বদৈব তস্য বৃদ্ধিমেতি। অস্তদ্ধি সত্রং

ানস্বামীকে দুইশত পণ দণ্ড করিবেন ॥ ২৯৩ ॥ ারথি যদি নিপুণ হয়, কিন্তু অসাবধান থাকে, তবে সারথিরই দণ্ড হইবে ; আর সারথি যদি একেবারে অনিপুণ হয়, তবে যানমধ্যস্থ প্রত্যেক ব্যক্তির একশত পণ করিয়া দণ্ড হইবে ॥ ২৯৪ ॥ কিন্তু যদি সে পথিমধ্যে পশু দ্বারা বা অন্য যান দ্বারা সংরুদ্ধ হইয়াও রথ চালায় এবং তাহাতে প্রাণিহত্যা ঘটে, তাহা হইলে রাজা কিছু বিচার না করিয়া উহাকেই দণ্ড দিবেন ॥ ২৯৫ ॥ মনুষ্যমারণে তৎক্ষণাৎ তাহাকে চোরসম দণ্ড করিবেন এবং গো, গজ, উষ্ট্র ও অশ্বাদি বড় বড় পশু নষ্ট হইলে, উহার অর্দ্ধেক দণ্ড হইবে ॥ ২৯৬ ॥ াবক-পশু বিনষ্ট হইলে দুইশত পণ দণ্ড হইবে এবং রুরু, পৃষত, শুক-সারিকাদি ভাল ভাল মৃগ-পক্ষীর বিনাশে পঞ্চাশ পণ দণ্ড হইবে ॥ ২৯৭ ॥ গর্দ্দভ, ছাগ, মেষ প্রভৃতি মারিলে পাঁচমাষা রূপা দণ্ড হইবে এবং শূকর ও কুক্কুর বিনষ্ট হইলে একমাষা রূপা দণ্ড হইবে ॥ ২৯৮ ॥ স্ত্রী, পুত্র, দাস, শিষ্য এবং সহোদর কনিষ্ঠ ভ্রাতা অপরাধ করিলে সূক্ষ্ম রজ্জু দ্বারা অথবা বেণুদল দ্বারা শাসনার্থ তাহাদিগকে তাড়না করিবে ॥ ২৯৯ ॥ কিন্তু রজ্জ্বাদি দ্বারা শরীরের পৃষ্ঠদেশে আঘাত করিবে—কদাপি উত্তমাঙ্গে আঘাত করিবে না। অন্যত্র প্রহার করিলে প্রহর্ত্তা, চোরের ন্যায় অপরাধী হইবেন ॥ ৩০০ ॥ সমাসতঃ দণ্ডপারুষ্যের বিধান বলা হইল ; অতঃপর চৌর্য্যের দণ্ডবিধি বলিতেছি ॥ ৩০১ ॥ রাজা চোরের নিগ্রহ-বিষয়ে বিশেষ যত্ন করিবেন, চোরের নিগ্রহে রাজার যশ ও রাজ্য-বৃদ্ধি হয় ॥ ৩০২ ॥ চোরের নিগ্রহ করিয়া প্রজাগণকে যিনি অভয়

সত্রং হি বর্দ্ধতে তস্য সদৈবাভয়দক্ষিণম্ ॥ ৩০৩
সর্ব্বতো ধর্ম্মষড়্ভাগো রাজ্ঞো ভবতি রক্ষতঃ।
অধর্ম্মাদপি ষড়্ভাগো ভবত্যস্য হ্যরক্ষতঃ ॥ ৩০৪
যদধীতে যদ্‌যজতে যদ্দদাতি যদর্চ্চতি।
তস্য ষড়্ভাগভাগ্রাজা সম্যগ্‌ভবতি রক্ষণাৎ ॥ ৩০৫
রক্ষন্ ধর্ম্মেণ ভূতানি রাজা বধ্যাংশ্চ ঘাতয়ন্।
যজতেঽহরহর্যজ্ঞৈঃ সহস্রশতদক্ষিণৈঃ ॥ ৩০৬
যোঽরক্ষন্ বলিমাদত্তে করং শুল্কঞ্চ পার্থিবঃ।
প্রতিভাগঞ্চ দণ্ডঞ্চ স সদ্যো নরকং ব্রজেৎ ॥ ৩০৭

অরক্ষিতারং রাজানং বলিষড়্ভাগহারিণম্।
তমাহুঃ সর্ব্বলোকস্য সমগ্রমলহারকম্ ॥ ৩০৮
অনপেক্ষিতমর্য্যাদং নাস্তিকং বিপ্রলুম্পকম্।
অরক্ষিতারমত্তারং নৃপং বিদ্যাদধোগতিম্ ॥ ৩০৯
অধার্ম্মিকং ত্রিভির্ন্যায়ৈর্নিগৃহ্নীয়াৎ প্রযত্নতঃ।
নিরোধনেন বন্ধেন বিবিধেন বধেন চ ॥ ৩১০
নিগ্রহেণ হি পাপানাং সাধূনাং সংগ্রহেণ চ।
দ্বিজাতয় ইবেজ্যাভিঃ পূয়ন্তে সততং নৃপাঃ ॥ ৩১১
ক্ষন্তব্যং প্রভুণা নিত্যং ক্ষিপতাং কার্য্যিণাং নৃণাম্।
বালবৃদ্ধাতুরাণাঞ্চ কুর্ব্বতা হিতমাত্মনঃ ॥ ৩১২

নিয়তকালীনং নিয়তদক্ষিণঞ্চ এতৎ তু সর্ব্বকালীনমভয়দক্ষিণঞ্চেতি ব্যতিরেকালঙ্কারঃ ॥ ৩০৩ ॥ সর্ব্বত ইতি। প্রজা রক্ষতো রাজ্ঞঃ সর্ব্বস্য ভূতিদাতুর্বণিগাদেভৃত্যাদাতৃশ্চ শ্রোত্রিয়াদেঃ সকাশাৎ ধর্ম্মষড়্ভাগো ভবতি। অরক্ষতশ্চাধর্ম্মাদপি লোকেন কৃতাৎ ষড়্ভাগো ভবতি। অরক্ষতশ্চাধর্ম্মাদপি লোকেন কৃতাৎ ষড়্ভাগঃ স্যাৎ। তস্মাদ্‌যত্নতঃ স্তেননিগ্রহেণ রাজা রক্ষণং কুর্য্যাৎ। ন চ ভূতিক্রীতত্বাৎ রাজ্ঞো ধর্ম্মষড়্ভাগো ন যুক্ত ইতি বাচ্যম্, ভৃত্যা ধর্ম্মষড়্ভাগেন চ পরিক্রয়স্য শাস্ত্রীয়ত্বাৎ ॥ ৩০৪ ॥ যদিতি। যঃ কশ্চিজ্জপ-যাগ দান-দেবতার্চ্চনাদীনি করোতি তস্য রাজা সম্যকৃপালনেন ষড়্ভাগং প্রাপ্নোতি ॥ ৩০৫ ॥ রক্ষন্নিতি। ভূতানি সর্ব্বাণি স্থাবরজঙ্গমাদীনি যথাশাস্ত্রং দণ্ডপ্রণয়নরূপেণ ধর্ম্মেণ রক্ষন্ বধ্যাংশ্চ স্তেনাদীন্ তাড়য়ন্ প্রত্যহং লক্ষগোদক্ষিণৈর্যজ্ঞৈর্যজতে, তজ্জন্যং পুণ্যং প্রাপ্নোতীতি ভাবঃ ॥ ৩০৬ ॥ যোঽরক্ষন্নিতি। যো রাজা রক্ষামকুর্ব্বন্ বলিং ধান্যাদেঃ ষড়্ভাগাদিকং করং গ্রামপুরবাসিভ্যঃ প্রতিমাসং ভাদ্রপৌষাদিমাসনিয়মেন বা গ্রাহ্যং শুল্কং স্থলজলপথাদিনা বাণিজ্যকারিভ্যো নিয়তস্থানেষু দ্রব্যানুসারেণ গ্রাহ্যং দানমিতি প্রসিদ্ধং প্রতিভাগং ফলকুসুমশাকতৃণাদ্যুপায়নং প্রতি-

দিনগ্রাহ্যং দণ্ডং ব্যবহারাদৌ গৃহ্নাতি স মৃতঃ সন্ সদ্য এব নরকং যাতি ॥ ৩০৭ ॥ অরক্ষিতারমিতি। যো রাজা ন রক্ষতি অথচ ধান্যাদিষড়্ভাগাদিকং বলিরূপং গৃহ্নাতি তং সর্ব্ব-লোকানাং সকলপাপহারিণং মন্বাদয়ঃ আহুঃ ॥ ৩০৮ ॥ অনপেক্ষিতেতি। লঙ্ঘিতশাস্ত্রমর্য্যাদং পরলোকাভাববুদ্ধিশালিনমনুচিতদণ্ডাদিনা ধনগ্রাহিণং রক্ষণরহিতং করবল্যাদের্ভক্ষিতারং রাজানং নরকগামিনং জানীয়াৎ ॥ ৩০৯ ॥ অধার্ম্মিকমিতি। অধার্ম্মিকং চৌরাদিকমপরাধাপেক্ষয়া ত্রিভিরুপায়ৈঃ প্রযত্নেন নিয়ময়েৎ। তানাহ,—কারাগারপ্রবেশনেন নিগড়াদিবন্ধনেন তাড়নকরচরণাদিচ্ছেদনাদিনানাপ্রকারহিংসনেন ॥ ৩১০ ॥ নিগ্রহেণেতি। পাপশালিনাং নিগ্রহেণ সাধূনাং সংগ্রহেণ দ্বিজাতয় ইব মহাযজ্ঞাদিভিঃ সর্ব্বকালং নৃপতয়ঃ পবিত্রীভবন্তি। তস্মাদধার্ম্মিকান্ নিগৃহ্নীয়াৎ সাধূংশ্চানুগৃহ্নীয়াৎ ॥ ৩১১ ॥ ক্ষন্তব্যমিতি। কার্য্যবতামর্থিপ্রত্যর্থিনাং দুঃখেনাক্ষেপোক্তিং রচয়তাং তথা বালবৃদ্ধব্যাধিতানামাক্ষিপতাং বক্ষ্যমাণামাত্মীয়মুপকার-

---

প্রদান করেন, তিনি সকলের পূজনীয়, নিত্যই তাঁহার অভয়দক্ষিণারূপ যাগ বৃদ্ধিপ্রাপ্ত হয় ॥ ৩০৩ ॥ প্রজারা যে সকল ধর্ম্মকর্ম্ম করে, রক্ষাকারী রাজা তাহার ষষ্ঠাংশভাগী হন ; কিন্তু যদি তিনি তাহাদিগকে রক্ষা না করেন, তবে তাহাদের পাপের ষষ্ঠাংশভাগী হন ॥ ৩০৪ ॥ প্রজারা যে বেদাধ্যয়ন করে, যাহা যাগ করে, যে সকল দান করে, যে পূজা করে,—রক্ষাহেতু রাজা ঐ সকল পুণ্যের ষষ্ঠাংশভাগী হন ॥ ৩০৫ ॥ ধর্ম্মপূর্ব্বক প্রজারক্ষা করাতে এবং বধার্হদিগকে বধ করাতে রাজার অহরহ লক্ষ-গো-দক্ষিণক যাগ করা হয় ॥ ৩০৬ ॥ যে রাজা প্রজাদিগকে রক্ষা না করিয়া তাহাদের নিকট হইতে ধান্যাদি শস্যের ষড়্ভাগাদি বা কর গ্রহণ করেন,—শুল্ক উপ-

ঢৌকন এবং অর্থদণ্ড গ্রহণ করেন, সে রাজা মরিবামাত্র সদ্যঃ নরকগামী হন ॥ ৩০৭ ॥ অরক্ষক অথচ ধান্যাদি-ষড়্ভাগগ্রহীতা যে রাজা, তাঁহাকে পণ্ডিতেরা সর্ব্বলোকের সমগ্র মলহারক বলিয়া নির্দ্দেশ করেন ॥ ৩০৮ ॥ শাস্ত্রানভিজ্ঞ, নাস্তিক, অতিশয় লোভী, অরক্ষক, অত্তা অর্থাৎ প্রজার সর্ব্বস্বভক্ষক রাজাকে অধোগামী বলিয়া জানিবে ॥ ৩০৯ ॥ সাতিশয় যত্নসহকারে অধার্ম্মিকদিগকে এই তিন প্রকার নিগ্রহ করিবে ;—প্রথম নিরোধ অর্থাৎ কারাগারপ্রবেশন, দ্বিতীয়—নিগড়াদিবন্ধন এবং তৃতীয় চরণাদিচ্ছেদনরূপ নানাপ্রকার শারীরিক দণ্ড ॥ ৩১০ ॥ দ্বিজাতিরা যেমন যজ্ঞাদি দ্বারা পবিত্র হন, সেইরূপ পাপীদিগকে নিগ্রহ করিয়া ও সাধুদিগকে সংগ্রহ করিয়া রাজা সততই পবিত্র থাকেন ॥ ৩১১ ॥ যিনি আত্মহিত কামনা করেন সেই রাজা অর্থিপ্রত্যর্থীদিগের এবং

ঃ ক্ষিপ্তো মর্ষয়ত্যার্ত্তৈস্তেন স্বর্গে মহীয়তে।
বস্ত্বৈশ্বর্য্যান্ন ক্ষমতে নরকং তেন গচ্ছতি ॥ ৩১৩
াজা স্তেনেন গন্তব্যো মুক্তকেশেন ধাবতা।
আচক্ষাণেন তৎ স্তেয়মেবংকর্ম্মাস্মি শাধি মাম্ ॥
ন্ধেনাদায় মুষলং লগুড়ং বাপি খাদিরম্।
শক্তিঞ্চোভয়তস্তীক্ষ্ণামায়সং দণ্ডমেব বা ॥ ৩১৫
শাসনাদ্বা বিমোক্ষাদ্বা স্তেনঃ স্তেয়াদ্বিমুচ্যতে।
অশাসিত্বা তু তং রাজা স্তেনস্যাপ্নোতি কিল্বিষম্ ॥
অন্নাদে ভ্রূণহা মার্ষ্টি পত্যৌ ভার্য্যাপচারিণী।
গুরৌ শিষ্যশ্চ যাজ্যশ্চ স্তেনো রাজনি কিল্বিষম্ ॥
রাজভির্ধৃতদণ্ডাস্তু কৃত্বা পাপানি মানবাঃ।
নির্ম্মলাঃ স্বর্গমায়ান্তি সন্তঃ সুকৃতিনো যথা ॥ ৩১৮
যস্তু রজ্জুং ঘটং কূপাদ্ধরেদ্ভিন্দ্যাচ্চ যঃ প্রপাম্।
স দণ্ডং প্রাপ্নুয়ান্মাসং তচ্চ তস্মিন্ সমাহরেৎ ॥৩১৯
ধান্যং দশভ্যঃ কুম্ভেভ্যো হরতোঽভ্যধিকং বধঃ।
শেষেঽপ্যেকাদশগুণং দাপ্যস্তস্য চ তদ্ধনম্ ॥ ৩২০

িচ্ছতা প্রভুণা ক্ষমণীয়ম্ ॥ ৩১২ ॥ যঃ ক্ষিপ্ত ইতি। দুঃখি-
তরাক্ষিপ্তঃ সহতে যঃ স তেন স্বর্গলোকে পূজাং লভতে।
স্তু প্রভুত্বদর্পান্ন সহতে স তেন নরকং গচ্ছতি ॥ ৩১৩ ॥
াজেতি। স্কন্ধেনেতি। যদ্যপি সুবর্ণস্তেয়কৃদ্বিপ্র ইত্যাদিনা প্রায়-
চিত্তপ্রকরণে বক্ষ্যতি, তথাপি সুবর্ণস্তেনং প্রতি রাজদণ্ডরূপতা-
স্য দর্শয়িতুং দণ্ডপ্রকরণে পাঠঃ। ব্রাহ্মণসুবর্ণস্য চৌরেণ
ুক্তকেশেন বেগাদ্গচ্ছতা ময়া ব্রাহ্মণসুবর্ণমপহৃতমিতি স্তেয়ং
্যাপয়তা মুষলাখ্যমায়ুধং খাদিরময়ং বা দণ্ডমুভয়তস্তীক্ষ্ণাং
ক্তিং লৌহময়ং বা দণ্ডং স্কন্ধে গৃহীত্বা রাজসমীপে গন্তব্যং,
তো ব্রাহ্মণসুবর্ণহার্য্যহমতোঽনেন মুষলাদিনা মাং ব্যাপাদয়ে-
ত্যেবং রাজ্ঞে বক্তব্যম্ ॥ ৩১৪। ৩১৫ ॥ শাসনাদিতি। সকৃ-
ুষলাদিপ্রহারেণ প্রাণপরিত্যাগাম্মৃতকল্পস্য জীবিতোঽপি বা
রিত্যাগাৎ স চৌরস্তস্মাৎ পাপাৎ প্রমুচ্যতে। অতএব যাজ্ঞ-
ল্ক্যঃ,—"মৃতকল্পঃ প্রহারার্ত্তো জীবন্নপি বিশুধ্যতী"তি। তং
নঃ স্তেনং করুণাদিভিরহত্বা স্তেনস্য যৎ পাপং তদ্রাজা
াপ্নোতি ॥ ৩১৬ ॥ অন্নাদ ইতি। ব্রহ্মহা যস্তৎসম্বন্ধি
যোঽন্নমত্তি তস্মিন্নসৌ স্বপাপং সংক্রাময়তি। ভ্রূণহান্নভোক্তুঃ পাপং ভবতীত্যেতদত্র বিবক্ষিতং, ন তু ব্রহ্মঘ্নঃ পাপং নশ্যতি। তথা ভার্য্যা ব্যাভিচারিণী জারপতিং ক্ষমমাণে ভর্ত্তরি পাপং সংশ্লেষয়তি। শিষ্যশ্চ সন্ধ্যাগ্নিকার্য্যাদ্যকরণজন্যং পাপং গুরৌ সহমানে ন্যস্যতি। যাজ্যশ্চ বিধিমতিক্রামন্ যাজকে ক্ষমমাণে পাপং নিক্ষিপতি। স্তেনশ্চ রাজন্যুপেক্ষমাণে পাপং সমর্পয়তি। তস্মাদ্রাজ্ঞা স্তেনো নিগ্রহীতব্যঃ ॥ ৩১৭ ॥ রাজেতি। সুবর্ণস্তেয়াদীনি পাপানি কৃত্বা পশ্চাদ্রাজভির্বিহিতদণ্ডা মনুষ্যাঃ প্রতিবন্ধকদুরিতাভাবাৎ পূর্ব্বার্জ্জিতপুণ্যবশেন সাধবঃ সুকৃত কারিণ ইব স্বর্গং গচ্ছন্তি। এবঞ্চ প্রায়শ্চিত্তবদ্দণ্ডস্যাপি পাপক্ষয়হেতুত্বমুক্তম্ ॥ ৩১৮ ॥ যস্ত্বিতি। কূপসমীপে রজ্জুঘটয়োর্জলোদ্ধরণায় ধৃতয়ো রজ্জুং ঘটং বা যো হরেৎ যো বা পানীয়দানগৃহং বিদারয়েৎ স সৌবর্ণং মাষং দণ্ডং প্রাপ্নুয়াৎ "অনির্দ্দিষ্টস্তু সৌবর্ণং মাষং তত্র প্রকল্পয়েদি"তি কাত্যায়নবচনাৎ। তচ্চ রজ্জ্বাদিং তস্মিন্ কূপে সমর্পয়েৎ ॥ ৩১৯ ॥ ধান্যমিতি। দ্বিপলশতং দ্রোণো বিংশতিদ্রোণশ্চ কুম্ভঃ। দশসঙ্খ্যেভ্যঃ কুম্ভেভ্যোঽধিকং ধান্যং হরতো বধঃ। স চ হর্ত্তৃস্বামিগুণবত্তাপেক্ষয়া তাড়নাঙ্গচ্ছেদনমারণাত্মকো জ্ঞেয়ঃ। শেষে পুনরেকস্মাদারভ্য দশকুম্ভপর্য্যন্তহরণে নিহ্নুতৈকাদশগুণং দণ্ডং

ালক, বৃদ্ধ ও আতুরদিগের আক্ষেপোক্তি ক্ষমা
রিবেন ॥ ৩১২ ॥ পীড়িত অবস্থায় লোকে যে
কল বাক্য প্রয়োগ করে, যে রাজা অম্লানভাবে
াহা সহ্য করেন, তিনি স্বর্গেও পূজা প্রাপ্ত হন;
রন্তু যিনি ঐশ্বর্য্যমদে মত্ত হইয়া ক্লিষ্টের কটূক্তি
ক্ষমা না করেন, তিনি নরকগামী হন ॥ ৩১৩ ॥
ুবর্ণচোর মুক্তকেশে ধাবমান হইয়া "আমি অমুক
র্ম্ম করিয়াছি, আমাকে ইহা দ্বারা শাসন করুন"
এই বলিয়া আপনার চৌর্য্যকর্ম্ম খ্যাপন করিতে
রিতে মুষল, খদিরকাষ্ঠের লগুড়, দুইদিকে
তীক্ষ্ণধার শক্তি অথবা লৌহময় দণ্ড আপনি
ন্ধে করিয়া রাজার নিকট যাইবে ॥ ৩১৪।৩১৫ ॥
াজা তদ্দ্বারা তাহাকে আঘাত করিবেন;
আঘাতে মৃত্যু হউক, আর মৃতকল্প হইয়া জীবিতই
াকুক, ইহাতে চোর চৌর্য্যপাপ হইতে নিষ্কৃতি
াভ করিবে; কিন্তু রাজা চোরকে শাসন না
করিলে, স্বয়ং চৌর্য্যপাপে পতিত হইবেন ॥ ৩১৬ ॥ যে ব্রহ্মহত্যা বা ভ্রূণহত্যাকারীর অন্ন ভক্ষণ করে, উহাতে ঐ পাপ সংক্রামিত হয়; ব্যভিচারিণী স্ত্রীর পাপ স্বামীতে সংক্রমণ করে; গুরুতে শিষ্যের ও যাজ্যের পাপ সংক্রামিত হয় এবং চৌর্য্যের পাপ রাজাতে পতিত হয় ॥ ৩১৭ ॥ মনুষ্য পাপ কার্য্য করিয়া নৃপতি কর্ত্তৃক দণ্ডিত হইলে সাধু সুকৃতিশীলদিগের ন্যায় স্বর্গে গমন করে ॥ ৩১৮ ॥ যে ব্যক্তি কূপের নিকটস্থ রজ্জু বা জলপাত্র অপহরণ করে অথবা পানাধার ভঙ্গ করে; তাহার একমাষা সুবর্ণ—দণ্ড হইবে ও তাহাকে সেই পাত্র বা রজ্জু ফিরাইয়া দিতে হইবে ॥ ৩১৯ ॥ দুইশতপলে এক দ্রোণ—বিংশতি-দ্রোণে এক কুম্ভ—এইরূপ যে দশ-কুম্ভের ও অধিক ধান্য চুরি করিবে, তাহার শারীরিক দণ্ড

তথা ধরিমমেয়ানাং শতাদভ্যধিকে বধঃ।
সুবর্ণরজতাদীনামুত্তমানাঞ্চ বাসসাম্॥ ৩২১
পঞ্চাশতস্তভ্যধিকে হস্তচ্ছেদনমিষ্যতে।
শেষে ত্বেকাদশগুণং মূল্যাদ্দণ্ডং প্রকল্পয়েৎ॥ ৩২২
পুরুষাণাং কুলীনানাং নারীণাঞ্চ বিশেষতঃ।
মুখ্যানাঞ্চৈব রত্নানাং হরণে বধমর্হতি॥ ৩২৩
মহাপশূনাং হরণে শস্ত্রাণামৌষধস্য চ।
কালমাসাদ্য কার্য্যঞ্চ দণ্ডং রাজা প্রকল্পয়েৎ॥ ৩২৪
গোষু ব্রাহ্মণসংস্থাসু ছুরিকায়াশ্চ ভেদনে।
পশূনাং হরণে চৈব সদ্যঃ কার্য্যোঽর্দ্ধপাদিকঃ॥৩২৫

সূত্রকার্পাসকিণ্বানাং গোময়স্য গুড়স্য চ।
দধ্নঃ ক্ষীরস্য তক্রস্য পানীয়স্য তৃণস্য চ॥ ৩২৬
বেণুবৈদলভাণ্ডানাং লবণানাং তথৈব চ।
মৃন্ময়ানাঞ্চ হরণে মৃদো ভস্মন এব চ॥ ৩২৭
মৎস্যানাং পক্ষিণাঞ্চৈব তৈলস্য চ ঘৃতস্য চ।
মাংসস্য মধুনশ্চৈব যচ্চান্যৎ পশুসম্ভবম্॥ ৩২৮
অন্যেষাঞ্চৈবমাদীনাং মদ্যানামোদনস্য চ।
পক্বান্নানাঞ্চ সর্ব্বেষাং তন্মূল্যাদ্দ্বিগুণো দমঃ॥ ৩২৯
পুষ্পেষু হরিতে ধান্যে গুল্ম-বল্লী-নগেষু চ।
অন্যেষপরিপূতেষু দণ্ডঃ স্যাৎ পঞ্চকৃষ্ণলঃ॥ ৩৩০
পরিপূতেষু ধান্যেষু শাক-মূল-ফলেষু চ।

দাপ্যঃ স্বামিনশ্চাপহৃতং দাপ্যঃ॥ ৩২০॥ তথেতি। যথা ধান্যে বধ উক্তস্তথা তুল্যপরিচ্ছেদানাং সুবর্ণরজতাদীনামুৎকৃষ্টানাঞ্চ বাসসাং পট্টাদীনাং পলশতাধিকেঽপহৃতে বধঃ কর্ত্তব্য এব। বিষয়সমীকরণঞ্চাত্র দেশকালাপহর্ত্তৃদ্রব্যস্বামিজাতিগুণাপেক্ষয়া পরিহরণীয়ম্, এবমুত্তরত্রাপি জ্ঞেয়ম্॥ ৩২১॥ পঞ্চাশত ইতি। পূর্ব্বোক্তানাং পঞ্চাশত ঊর্দ্ধং শতং যাবদপহারে কৃতে হস্তচ্ছেদনং মন্বাদিভিরভিহিতম্। শেষে পুনরেকপলাদারভ্য পঞ্চাশৎপলপর্য্যন্তাপহারে অপহৃতধনাদেকাদশগুণং দণ্ডং দাপ্যঃ॥ ৩২২॥ পুরুষাণামিতি। মহাকুলজাতানাং মনুষ্যাণাং বিশেষেণ স্ত্রীণাং মহাকুলপ্রসূতানাং শ্রেষ্ঠানাঞ্চ রত্নানাং বজ্রবৈদূর্য্যাদীনাম্ অপহারে বধমর্হতি॥ ৩২৩॥ মহেতি। মহতাং পশূনাং হস্ত্যশ্বগোমহিষাদীনাং তথা খড়্গাদীনামস্ত্রাণাং কল্যাণঘৃতাদেশ্চৌষধস্য দুর্ভিক্ষাদিরূপং কালং কার্য্যং প্রয়োজনঞ্চ সদসদ্বিনিয়োগরূপং নিরূপ্য রাজা তাড়নাঙ্গচ্ছেদবধরূপং দণ্ডং প্রকল্পয়েৎ॥ ৩২৪॥ গোম্বিতি। ব্রাহ্মণসম্বন্ধিনীনাং গবামপহারে বন্ধ্যায়াশ্চ গোর্ব্বাহনার্থং নাসাচ্ছেদনে পশূনাঞ্চাজৈড়কানাং দণ্ডভূয়স্ত্বাৎ যাগাদ্যর্থানাং হরণেঽনন্তরমেব ছিন্নার্দ্ধপাদিকঃ কার্য্যঃ॥ ৩২৫॥ সূত্রেতি। বেণুবৈদলেতি। মৎস্যানামিতি। অন্যেষামিতি। ঊর্ণাদিসূত্রস্য কার্পাসিকস্য চ কিণ্বস্য সুরাবীজদ্রব্যস্য সূক্ষ্মবেণুখণ্ডনির্ম্মিত-জলাহরণভাণ্ডাদীনাং যদন্যৎ পশুসম্ভবঞ্চ মৃগচর্ম্মখড়্গাশৃঙ্গাদি অন্যেষামপ্যেবংবিধানামসারপ্রায়াণাং মনঃশিলাদীনাং মদ্যানাং দ্বাদশানাং পক্বান্নানামোদন-ব্যতিরিক্তানামপূপ-মোদকাদীনাঞ্চ কার্পাসাদিশব্দার্থানাং প্রসিদ্ধানাঞ্চাপহারেঽপহৃত-দ্রব্যমূল্যাদ্দ্বিগুণো দণ্ডঃ কার্য্যঃ॥ ৩২৬—৩২৯॥ পুষ্পেম্বিতি। পুষ্পেষু হরিতে চ ক্ষেত্রস্থে ধান্যে গুল্মলতাবৃক্ষেষু অপরিপূতেষু অনপাস্তপুলাকেষু বক্ষ্যমাণশ্লোকে ধান্যনির্দ্দেশাৎ পরিপবনসম্ভবাচ্চ অন্যেষু ধান্যেষু সমর্থপুরুষভারহার্য্যেষু হৃতেষু দেশকালাদ্যপেক্ষয়া সুবর্ণস্য রৌপ্যস্য বা পঞ্চকৃষ্ণলপরিমাণো দণ্ডঃ স্যাৎ॥ ৩৩০॥ পরীতি। নিষ্পুলাকীকৃতেষু ধান্যেষু শাকাদিষু চাপহৃতেষু অন্বয়ো দ্রব্যস্বামিনাং সম্বন্ধঃ, যেন সহ কশ্চিদপি সম্বন্ধো নাস্তি

হইবে; ইহার কম ধান্য চুরি করিলে একাদশ-গুণ দণ্ড হইবে এবং ধান্য ফিরাইয়া দিতে হইবে। তুলাপরিমাণের যোগ্য সুবর্ণরজতাদি ও বহুমূল্য উত্তম-বস্ত্রের একশত-পলের অধিক হরণ করিলে শারীরিক দণ্ড হইবে। পঞ্চাশের অধিক শতপল পর্য্যন্ত ঐ সকল দ্রব্য অপহরণে হস্তচ্ছেদন-দণ্ড হইবে; এক হইতে পঞ্চাশৎপল পর্য্যন্ত অপহরণে দ্রব্যের মূল্যের একাদশগুণ দণ্ড হইবে॥৩২০।৩২২ কুলীন পুরুষের—বিশেষতঃ মহাকুল-প্রসূত স্ত্রীলোকের এবং হীরক প্রবাল প্রভৃতি শ্রেষ্ঠরত্নের অপহরণে বধার্হ হইবে॥ ৩২৩॥ হস্তী অশ্ব প্রভৃতি মহাপশুহরণে, খড়্গ প্রভৃতি শস্ত্র এবং রোগের ঔষধ হরণে, কার্য্য ও কাল বিবেচনা করিয়া রাজা উচিতমত দণ্ড দিবেন॥ ৩২৪॥ ব্রাহ্মণের গরু চুরি করিয়া বাহনার্থ তাহার নাসাচ্ছেদ করিলে কিংবা যাগাদির পশু হরণ করিলে অপহর্ত্তার অর্দ্ধপাদচ্ছেদ হইবে॥ ৩২৫॥ ঊর্ণাদি সূত্র, কার্পাস, যে যে দ্রব্যে সুরা প্রস্তুত হয়, গোময়, গুড়, দধি, দুগ্ধ, তক্র, পানীয়, তৃণ, বংশ, বংশখণ্ডনির্ম্মিত পাত্র, লবণ, মৃন্ময় পাত্র, মৃত্তিকা, ভস্ম, মৎস্য, পক্ষী, তৈল, ঘৃত, মাংস, মধু, যাহা কিছু পশুসম্ভব—যথা চর্ম্ম, শৃঙ্গ, গজদন্ত প্রভৃতি এবং অন্যান্য অল্পমূল্যের দ্রব্য, নানাপ্রকার মদ্য, অন্ন ও বিবিধ পক্বান্ন,—এই সকল দ্রব্য চুরি করিলে দ্রব্যমূল্যের দ্বিগুণ দণ্ড হইবে॥ ৩২৬—৩২৯॥ পুষ্প, ক্ষেত্রস্থ ধান্য, গুল্ম, বৃক্ষ, আর যে সকল শস্যের আগড়া নিঃসরণ হয়, ইহাদের অপহরণে পঞ্চকৃষ্ণলরূপ দণ্ড হইবে॥ ৩৩০॥ পরিপূত অর্থাৎ আগড়াদি নিঃসরণে পরিষ্কৃত ধান্য এবং শাক-মূলাদি অপহরণ করিলে

নিরন্বয়ে শতং দণ্ডঃ সান্বয়েঽর্দ্ধশতং দমঃ ॥ ৩৩১
স্যাৎ সাহসন্ত্বন্বয়বৎ প্রসভং কর্ম্ম যৎ কৃতম্ ।
নিরন্বয়ং ভবেৎ স্তেয়ং হৃত্বাপহ্নূয়তে চ যৎ ॥ ৩৩২
যস্ত্বেতান্যুপক্লৃপ্তানি দ্রব্যাণি স্তেনয়েন্নরঃ ।
তমাদ্যং দণ্ডয়েদ্রাজা যশ্চাগ্নিং চোরয়েদ্গৃহাৎ ॥ ৩৩৩
যেন যেন যথাঙ্গেন স্তেনো নৃষু বিচেষ্টতে ।
তত্তদেব হরেৎ তস্য প্রত্যাদেশায় পার্থিবঃ ॥ ৩৩৪
পিতাচার্য্যঃ সুহৃন্মাতা ভার্য্যা পুত্রঃ পুরোহিতঃ ।
নাদণ্ড্যো নাম রাজ্ঞোঽস্তি যঃ স্বধর্ম্মে ন তিষ্ঠতি ॥
কার্ষাপণং ভবেদ্দণ্ড্যো যত্রান্যঃ প্রাকৃতো জনঃ ।
তত্র রাজা ভবেদ্দণ্ড্যঃ সহস্রমিতি ধারণা ॥ ৩৩৬
অষ্টাপাদ্যন্তু শূদ্রস্য স্তেয়ে ভবতি কিল্বিষম্ ।
ষোড়শৈব তু বৈশ্যস্য দ্বাত্রিংশৎ ক্ষত্রিয়স্য চ ॥ ৩৩৭
ব্রাহ্মণস্য চতুঃষষ্টিঃ পূর্ণং বাপি শতং ভবেৎ ।
দ্বিগুণা বা চতুঃষষ্টিস্তদ্দোষগুণবিদ্ধি সঃ ॥ ৩৩৮
বানস্পত্যং মূলফলং দার্ব্বগ্ন্যর্থং তথৈব চ ।
তৃণঞ্চ গোভ্যো গ্রাসার্থমস্তেয়ং মনুরব্রবীৎ ॥ ৩৩৯

একগ্রামবাসাদিঃ তত্র শতং দণ্ডঃ সান্বয়ে তু পঞ্চাশৎপণো দমঃ । খলস্থেষু ধান্যেষু অয়ং দণ্ডঃ, তত্র হি পরিপূর্য্যন্তে । গৃহস্থিতে- ম্বেকাদশগুণো দণ্ডঃ প্রাগুক্তঃ ॥ ৩৩১ ॥ স্যাদিতি । যদ্ধান্যা- হারাদিকং কর্ম্ম দ্রব্যস্বামিসমক্ষং বলাৎ কৃতং তৎ সাহসং স্যাৎ । সহো বলং তদ্ভবং সাহসম্, অত ইহ স্তেয়দণ্ডো ন কার্য্যঃ । এতদর্থঃ স্তেয়প্রকরণেঽস্য পাঠঃ । যৎ পুনঃ স্বামি- পরোক্ষাপহৃতং তৎ স্তেয়ং ভবেৎ, যচ্চ হৃত্বা অপহ্নুতে তদপি স্তেয়মেব ॥ ৩৩২ ॥ যস্ত্বেতানীতি । যঃ পুনরেতানি সূত্রাদি- দ্রব্যাণি উপভোগার্থং কৃতসংস্কারাণি মনুষ্যশ্চোরয়েৎ যশ্চ ত্রেতাগ্নিং গৃহ্যাগ্নিং বা অগ্নিগৃহাচ্চোরয়েৎ তং রাজা প্রথমং সাহসং দণ্ডয়েৎ অগ্নিস্বামিনশ্চাধানোপক্ষয়ো দাতব্যঃ । গোবিন্দরাজস্তু লৌকিকমপ্যগ্নিং চোরয়তোঽয়ং দণ্ড ইত্যাহ । তদযুক্তম্ অল্পাপরাধে গুরুদণ্ডস্যান্যায্যত্বাৎ ॥ ৩৩৩ ॥ যেনেতি । যেন যেনাঙ্গেন হস্তপাদাদিনা যেন প্রকারেণ সন্ধিচ্ছেদাদিনা চোরো মনুষ্যেষু বিরুদ্ধং ধনাপহারাদিকং চেষ্টতে তস্য তদে- বাঙ্গং প্রসঙ্গনিবারণায় রাজা ছেদয়েৎ । তত্র ধনস্বাম্যুৎকর্ষ- স্তেনাপকর্ষাপেক্ষয়ায়মঙ্গচ্ছেদঃ ॥ ৩৩৪ ॥ পিতেতি । পিত্রা- চার্য্যমিত্রমাতৃপত্নীপুত্রপুরোহিতানাং মধ্যাৎ স্বধর্ম্মে যো নাব- তিষ্ঠতে স রাজ্ঞোঽদণ্ডনীয়ো নাস্তি অপি তু দণ্ডনীয় এব ॥৩৩৫॥ কার্ষাপণমিতি । যত্রাপরাধে রাজব্যতিরিক্তো জনঃ কার্ষাপণং দণ্ডনীয়ো ভবেৎ তস্মিন্নপরাধে রাজা পণসহস্রং দণ্ডনীয় ইতি নিশ্চয়ঃ । স্বার্থদণ্ডন্তু অপ্সু প্রবেশয়েৎ ব্রাহ্মণেভ্যো বা দদ্যাৎ ঈশো দণ্ডস্য বরুণ ইতি বক্ষ্যমাণত্বাৎ ॥ ৩৩৬ ॥ অষ্টেতি । ব্রাহ্মণস্যেতি । তদ্দোষগুণবিদ্ধি স ইতি সর্ব্বত্র সম্বধ্যতে, যস্মিন্ স্তেয়ে যো দণ্ড উক্তঃ স স্তেয়গুণদোষজ্ঞস্য শূদ্রস্যাষ্টা- ভিরাপদ্যতে গুণ্যতে ইতি অষ্টগুণঃ কর্ত্তব্যঃ । ষোড়শগুণো গুণদোষজ্ঞস্য বৈশ্যস্য । দ্বাত্রিংশদ্গুণস্তথাবিধক্ষত্রিয়স্য । চতুঃ- ষষ্টিগুণো গুণদোষবিদুষো ব্রাহ্মণস্য । শতগুণো বা অষ্টা- বিংশত্যধিকশতগুণো বা গুণাতিশয়াপেক্ষয়া ব্রাহ্মণস্যৈব ॥ ৩৩৭ । ৩৩৮ ॥ বানস্পত্যমিতি । "বীরুদ্বনস্পতীনাং পুষ্পাণি স্ববদাদদীত ফলানি চাপরিবৃতানাম্" ইতি গোতমবচনাৎ অপরিবৃতবানস্পত্যাদীনাং মূলফলং হোমীয়াগ্ন্যর্থঞ্চ দারু গো- গ্রাসার্থঞ্চ তৃণং পরকীয়মস্তেয়ং মনুরাহ । তস্মাদিহ ন দণ্ডো

অপহর্ত্তা যদি দ্রব্যস্বামীর সম্পর্কীয় কোন ব্যক্তি হয়, তবে উহার পঞ্চাশৎপণ দণ্ড হইবে,—নিঃ- সম্পর্কীয় হইলে একশতপণ দণ্ড হইবে ॥ ৩৩১ ॥ দ্রব্যস্বামীর সমক্ষে বলপূর্ব্বক যে অপহরণ, তাহাকে "সাহস" বলে, অসমক্ষে গোপনভাবে অপহরণের নাম "চুরি" এবং কেহ কাহারও নিকট দ্রব্য লইয়া যদি তাহার অপহ্নব অর্থাৎ অস্বীকার করে, তাহাকেও "চুরি" বলা যায় ॥ ৩৩২ ॥ পূর্ব্বোক্ত সূত্রাদি দ্রব্য যদি দ্রব্যস্বামী আপনার ভোগার্থ প্রস্তুত করিয়া থাকে, তবে অপহর্ত্তার প্রথম সাহস দণ্ড হইবে এবং যে, সাগ্নিকের অগ্নি চুরি করিবে তাহারও ঐ দণ্ড হইবে ॥ ৩৩৩ ॥ চোর যে যে অঙ্গ দ্বারা পরধন হরণ করিবে, "পুনর্ব্বার এমন কার্য্য না করে" এজন্য রাজা উহার সেই সেই অঙ্গ ছেদন করি- বেন ॥ ৩৩৪ ॥ কি পিতা, কি আচার্য্য, কি সুহৃদ্, কি মাতা, কি ভার্য্যা, কি পুত্র, কি পুরো- হিত—রাজার নিকট অদণ্ডনীয় কেহই নাই; স্বধর্ম্মে না থাকিলে রাজা সকলকেই দণ্ড দিতে পারেন ॥ ৩৩৫ ॥ যে অপরাধে অন্য প্রাকৃত জনের একপণ দণ্ড হইবে, রাজা স্বয়ং যদি সেই অপরাধ করেন, তবে তাঁহার সহস্র পণ দণ্ড হইবে—ইহাই ধর্ম্ম-ব্যবস্থা । রাজার দণ্ড জলে নিক্ষেপ করিতে হয় অথবা ব্রাহ্মণকে দিতে হয় ॥ ৩৩৬ । চৌর্য্যের গুণ-দোষজ্ঞ শূদ্র চুরি করিলে সে বিহিত দণ্ডের অষ্টগুণ দণ্ডনীয়, তাদৃশ বৈশ্য চোর ষোড়শগুণ দণ্ডনীয়, এবং ঐরূপ ক্ষত্রিয় চোরের বত্রিশগুণ দণ্ড হইবে । ৩৩৭ ॥ চৌর্য্যের গুণদোষজ্ঞ ব্রাহ্মণচোরের, বিহিত দণ্ডাপেক্ষা চৌষট্টিগুণ দণ্ড হইবে, তদ- পেক্ষা গুণবান্ ব্রাহ্মণচোরের একশত আটাইশ- গুণ দণ্ড হইবে । ৩৩৮ । অপরিবৃত বৃহৎ বৃক্ষের

যোহদত্তাদায়িনো হস্তাল্লিপ্সেত ব্রাহ্মণো ধনম্।
যাজনাধ্যাপনেনাপি যথা স্তেনস্তথৈব সঃ ॥ ৩৪০
দ্বিজোহধ্বগঃ ক্ষীণবৃত্তির্দ্বাবিক্ষূ দ্বে চ মূলকে।
আদদানঃ পরক্ষেত্রান্ন দণ্ডং দাতুমর্হতি ॥ ৩৪১
অসন্ধিতানাং সন্ধাতা সন্ধিতানাঞ্চ মোক্ষকঃ ॥
দাসাশ্বরথহর্ত্তা চ প্রাপ্তঃ স্যাচ্চৌরকিল্বিষম্ ॥ ৩৪২
অনেন বিধিনা রাজা কুর্ব্বাণঃ স্তেননিগ্রহম্।
যশোহস্মিন্ প্রাপ্নুয়াল্লোকে প্রেত্য চানুত্তমং সুখম্
ঐন্দ্রং স্থানমভিপ্রেপ্সুর্যশশ্চাক্ষয়মব্যয়ম্।
নোপেক্ষেত ক্ষণমপি রাজা সাহসিকং নরম্ ॥ ৩৪৪

বাগ্‌দুষ্টাৎ তস্করাচ্চৈব দণ্ডেনৈব চ হিংসতঃ।
সাহসস্য নরঃ কর্ত্তা বিজ্ঞেয়ঃ পাপকৃত্তমঃ ॥ ৩৪৫
সাহসে বর্ত্তমানন্তু যো মর্ষয়তি পার্থিবঃ।
স বিনাশং ব্রজত্যাশু বিদ্বেষঞ্চাধিগচ্ছতি ॥ ৩৪৬
ন মিত্রকারণাদ্রাজা বিপুলাদ্বা ধনাগমাৎ।
সমুৎসৃজেৎ সাহসিকান্ সর্ব্বভূতভয়াবহান্ ॥ ৩৪৭
শস্ত্রং দ্বিজাতিভির্গ্রাহ্যং ধর্ম্মো যত্রোপরুধ্যতে।
দ্বিজাতীনাঞ্চ বর্ণানাং বিপ্লবে কালকারিতে ॥ ৩৪৮
আত্মনশ্চ পরিত্রাণে দক্ষিণানাঞ্চ সঙ্গরে।
স্ত্রীবিপ্রাভ্যুপপত্তৌ চ ধর্ম্মেণ ঘ্নন্ ন দুষ্যতি ॥ ৩৪৯
গুরুং বা বালবৃদ্ধৌ বা ব্রাহ্মণং বা বহুশ্রুতম্।

নাপ্যধর্ম্মঃ ॥ ৩৩৯ ॥ যোহদত্তেতি। অদত্তাদায়িনশ্চৌরস্য হস্তাৎ যো ব্রাহ্মণো যাজনাধ্যাপনপ্রতিগ্রহৈরপি পরকীয়ধনং জ্ঞাত্বা লব্ধুমিচ্ছেৎ স চৌরবচ্চৌরতুল্যো জ্ঞেয়ঃ, অতঃ স ইব দণ্ড্যঃ ॥ ৩৪০ ॥ দ্বিজ ইতি। দ্বিজাতিঃ পথিকঃ ক্ষীণপাথেয়ঃ দ্বাবিক্ষুদণ্ডৌ দ্বে চ মূলকে পরকীয়ক্ষেত্রাদ্‌গৃহ্ণন্ দণ্ডদানযোগ্যো ন ভবতি ॥ ৩৪১ ॥ অসন্ধিতানামিতি। অবদ্ধানামশ্বাদীনাং পরকীয়াণাং যো দর্পেণ বন্ধয়িতা বদ্ধানাং মন্দুরাদৌ মোচয়িতা যো বা দাসাশ্বরথাপহারী স চৌরদণ্ডং প্রাপ্নুয়াৎ; স চ গুরুলঘুপরাধানুসারেণাঙ্গচ্ছেদনধনাদ্যপহাররূপো বোদ্ধব্যঃ ॥ ৩৪২ ॥ অনেনোক্তবিধানেন রাজা চৌরনিয়মনং কুর্ব্বাণ ইহলোকে খ্যাতিং পরলোকে চোৎকৃষ্টসুখং প্রাপ্নুয়াৎ ॥ ৩৪৩ ॥ ঐন্দ্রমিতি। সর্ব্বাধিপত্যলক্ষণং পদং খ্যাতিঞ্চাবিনাশিনীমনপক্ষয়াঞ্চাতিশয়েন প্রাপ্তুমিচ্ছন্ রাজা বলেন গৃহদাহধনগ্রহণকারিণং মনুষ্যং ক্ষণমপি নোপেক্ষেত ॥ ৩৪৪ ॥ বাগিতি। বাক্‌পারুষ্যকৃতশ্চৌরাচ্চ দণ্ডপারুষ্যকারিণশ্চ মনুষ্যাৎ সাহসকৃন্মনুষ্যোহতিশয়েন পাপকারী বোদ্ধব্যঃ ॥ ৩৪৫ ॥ সাহস ইতি। যো রাজা সাহসে প্রবর্ত্তমানং ক্ষমতে স পাপকৃতানুপেক্ষণাদধর্ম্মবৃদ্ধ্যা বিনশ্যতি অপক্রিয়মাণরাষ্ট্রতয়া জনবিদ্বেষঞ্চ গচ্ছতি ॥ ৩৪৬ ॥ ন মিত্রেতি। মিত্রবাক্যেন বহুধনপ্রাপ্ত্যা বা সর্ব্বভূতভয়জনকান্ সাহসিকান্ রাজা ন ত্যজেৎ ॥ ৩৪৭ ॥ শস্ত্রমিতি। আত্মন ইতি ব্রাহ্মণাদিভিস্ত্রিভির্ব্বর্ণৈঃ খড়্গাদ্যায়ুধং গ্রহীতব্যং যস্মিন্ কালে বর্ণানামাশ্রমিণাঞ্চ সাহসকারাদিভির্ধর্ম্মঃ কর্ত্তুং ন দীয়তে, তথা ত্রৈবর্ণিকানামরাজকেষু রাষ্ট্রেষু পরচক্রাগমনাদিকালজনিতে স্ত্রীসঙ্গরাদৌ প্রাপ্তে, তথাত্মরক্ষার্থং দক্ষিণাধনগবাদ্যপহারনিমিত্তে চ সংগ্রামে স্ত্রীব্রাহ্মণরক্ষার্থঞ্চ ধর্ম্মযুদ্ধেনানন্যগতিকতয়া পরান্ হিংসন্ ন দোষভাগী ভবতি। পরমারণেহপ্যত্র সাহসদণ্ডো ন কার্য্যঃ ॥ ৩৪৮। ৩৪৯ ॥ গুরুং

ফল-মূল হোমীয় অগ্নির কাষ্ঠ এবং গোগ্রাসার্থ তৃণের আহরণকে অপহরণ বলে না—ইহা মনু বলিয়াছেন ॥ ৩৩৯ ॥ ব্রাহ্মণ যদি যাজন ও অধ্যাপনের দক্ষিণাস্বরূপ ধনও অদত্তাদায়ী চোরের হস্ত হইতে গ্রহণ করিতে ইচ্ছা করেন, তাহা হইলে তিনিও চোরের ন্যায় গণ্য হইবেন ॥ ৩৪০ ॥ পাথেয়রহিত দ্বিজাতি পথিক ক্ষুধাকাতর হইয়া যদি ক্ষেত্রস্বামীর অগোচরে ক্ষেত্র হইতে দুইটী ইক্ষুদণ্ড ও দুইটী মূল গ্রহণ করেন, তাহা হইলে সেজন্য তাঁহার দণ্ড হইবে না ॥ ৩৪১ ॥ পরকীয় পশুর বন্ধনকারী অথবা পরকীয় বদ্ধপশুর মোচনকারী এবং দাস, অশ্ব ও রথের অপহর্ত্তা—ইহারা চোরের ন্যায় দণ্ডনীয় ॥ ৩৪২ ॥ এইরূপে যে রাজা চোরের নিগ্রহ করেন, তিনি ইহলোকে যশ ও পরলোকে অনুত্তম সুখ লাভ করেন। ৩৪৩ ॥ যিনি ইন্দ্রত্ব পাইতে ইচ্ছা করেন, যিনি অক্ষয় অব্যয় যশ চাহেন,—ক্ষণকালের জন্যও সেই রাজার সাহসিক মনুষ্যকে উপেক্ষা করা কর্ত্তব্য নয় ॥ যাহারা গৃহদাহ ডাকাইতি ইত্যাদি সাহসিক কার্য্য করে, তাহাদিগকে সাহসিক বলে ॥ ৩৪৪ ॥ বাক্‌পারুষ্যকারী, দণ্ডপারুষ্যকারী ও তস্কর অপেক্ষা সাহসিককে অত্যন্ত পাপকারী বলিয়া জানিবে ॥ ৩৪৫ ॥ যে রাজা সাহসিক ব্যক্তিকে দণ্ড না করিয়া উপেক্ষা করেন, তিনি শীঘ্রই বিনাশ প্রাপ্ত হন ও লোকের বিদ্বেষভাজন হইয়া থাকেন ॥ ৩৪৬ ॥ মিত্রত্বের কারণ অথবা বিপুল ধনাগমের লোভে, সর্ব্বভূতাভয়াবহ সাহসিককে কদাচ ত্যাগ করা উচিত নয় ॥ ৩৪৭ ॥ যখন বলদ্বারা ধর্ম্ম উপরুদ্ধ হয়, যখন কালকৃত বর্ণ-বিপ্লব উপস্থিত হয়, এমন সময়ে দ্বিজাতিগণ ধর্ম্মরক্ষার্থ শস্ত্রধারণ করিতে পারেন ॥ ৩৪৮ ॥ আত্মরক্ষার্থে, ন্যায়যুদ্ধে, স্ত্রীলোক ও ব্রাহ্মণের রক্ষাকারণ, ধর্ম্মতঃ লোকহিংসা করিলে দোষভাগী হইতে হয় না ॥ ৩৪৯ ॥ গুরু, বালক, বৃদ্ধ বা

আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্ ॥ ৩৫০
নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন।
প্রকাশং বাপ্রকাশং বা মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি ॥ ৩৫১
পরদারাভিমর্ষেষু প্রবৃত্তান্ নৄন্ মহীপতিঃ।
উদ্বেজনকরৈর্দণ্ডৈশ্চিহ্নয়িত্বা প্রবাসয়েৎ ॥ ৩৫২
তৎসমুত্থো হি লোকস্য জায়তে বর্ণসঙ্করঃ।
যেন মূলহরোঽধর্ম্মঃ সর্ব্বনাশায় কল্পতে ॥ ৩৫৩
পরস্য পত্ন্যা পুরুষঃ সম্ভাষাং যোজয়ন্ রহঃ।
পূর্ব্বমাক্ষারিতো দোষৈঃ প্রাপ্নুয়াৎ পূর্ব্বসাহসম্ ॥
যস্ত্বনাক্ষারিতঃ পূর্ব্বমভিভাষেত কারণাৎ।
ন দোষং প্রাপ্নুয়াৎ কিঞ্চিন্নহি তস্য ব্যতিক্রমঃ ॥
পরস্ত্রিয়ং যোঽভিবদেৎ তীর্থেঽরণ্যে বনেঽপি বা।
নদীনাং বাপি সম্ভেদে স সংগ্রহণমাপ্নুয়াৎ ॥ ৩৫৬
উপচারক্রিয়া কেলিঃ স্পর্শো ভূষণবাসসাম্।
সহ খট্বাসনঞ্চৈব সর্ব্বং সংগ্রহণং স্মৃতম্ ॥ ৩৫৭
স্ত্রিয়ং স্পৃশেদদেশে যঃ স্পৃষ্টো বা মর্ষয়েৎ তথা।
পরস্পরস্যানুমতে সর্ব্বং সংগ্রহণং স্মৃতম্ ॥ ৩৫৮

বতি। গুরুবালবৃদ্ধবহুশ্রুতব্রাহ্মণানামন্যতমং বধোদ্যত-
াগচ্ছন্তং বিদ্যাবিত্তাদিভিরুৎকৃষ্টং পলায়নাদিভিরপি স্বনিস্ত-
াশক্তৌ নির্ব্বিচারং হন্যাৎ। অতএবোশনাঃ,—"গৃহীতশস্ত্র-
াততায়িনং হত্বা ন দোষঃ।" কাত্যায়নশ্চ ভৃগুশব্দোল্লেখেন
মুশ্লোকমেব ব্যক্তং ব্যাখ্যাতবান্। "আততায়িনি চোৎকৃষ্টে
পঃস্বাধ্যায়জন্মতঃ। বধস্তত্র তু নৈব স্যাৎ পাপে হীনে বধো
গুঃ॥" মেধাতিথিগোবিন্দরাজৌ তু—"স্ত্রীবিপ্রাভ্যুপপত্তৌ
ধর্ম্মেণ ঘ্নন্ ন দুষ্যতী"তি পূর্ব্বস্যায়মনুবাদঃ, গুর্ব্বাদিকমপি
স্যাৎ কিমুতান্যমপীতি ব্যাচক্ষাতে॥ ৩৫০॥ নাততায়ীতি।
নসমক্ষং রহসি বা বধোদ্যতস্য মারণে হন্তুর্ন কশ্চিদপি অধর্ম্ম-
ঃ প্রায়শ্চিত্তাখ্যো দোষো বা ভবতি। যস্মাদ্ধন্তৃগতো মন্যুঃ
ক্রোধাভিমানিনী দেবতা হন্যমানগতং ক্রোধং নিবর্ত্তয়তি।
াহসে- চাপরাধগৌরবাপেক্ষয়া মারণাঙ্গচ্ছেদনধনগ্রহণাদয়ো
ঃ কার্য্যাঃ॥ ৩৫১॥ ইদানীং স্ত্রীসংগ্রহণমাহ পরদারেতি।
রদারসম্ভোগেষু প্রবৃত্তান্ মনুষ্যগণানুদ্বেজনকরৈর্দণ্ডৈর্নাসৌষ্ঠ-
র্ত্তনাদিভিরঙ্কয়িত্বা রাজা দেশান্নিঃসারয়েৎ॥ ৩৫২॥ তদিতি।
মাৎ পরদারাভিগমনাৎ সমুত্তো বর্ণস্য সঙ্করঃ সম্পদ্যতে যেন
ঙ্করেণ বিশুদ্ধপত্নীকযজমানাভাবাৎ "অগ্নৌ প্রাস্তাহুতিঃ
ম্যগাদিত্যমুপতিষ্ঠত" ইত্যস্যাভাবে সতি বৃষ্ট্যাখ্যজগন্মূল-
াশ্চধর্ম্মো জগন্নাশায় সম্পদ্যতে॥ ৩৫৩॥ পরস্যেতি। তৎ-
প্রার্থনাদিদোষৈঃ পূর্ব্বমুৎপন্নাভিশাপঃ পুরুষ উচিতকারণ-
ব্যতিরেকেণ নরভার্য্যয়া সহ সম্ভাষণং কুর্ব্বন্ প্রথমসাহসং দণ্ডং
প্রাপ্নুয়াৎ॥ ৩৫৪॥ যস্ত্বিতি। যঃ পুনঃ পূর্ব্বং তৎস্ত্রীপ্রার্থনাভি-
শাপরহিতঃ কেনচিৎ কারণেন জনসমক্ষমভিভাষণং কুর্য্যান্ন স
পুনর্দণ্ডভাগাদিদোষং প্রাপ্নুয়াৎ, যস্মান্ন কশ্চিৎ তস্যাপরাধো-
ঽস্তি॥ ৩৫৫॥ পরস্ত্রিয়মিতি। তীর্থারণ্যবনাদিকং নির্জ্জন-
দেশোপলক্ষণার্থম্। যঃ পুরুষঃ পরস্ত্রিয়মুদকাবতরণমার্গে-
ঽরণ্যে গ্রামাদ্বহির্গুল্মলতাকীর্ণে নির্জ্জনে দেশে বনে বহুবৃক্ষ-
সন্ততে নদীনাং সঙ্গমে পূর্ব্বমনাক্ষারিতোঽপি কারণাদপি
সম্ভাষেত স সংগ্রহণদণ্ডং সহস্রপণং বক্ষ্যমাণং প্রাপ্নুয়াৎ।
সম্যগ্গৃহ্যতে জ্ঞায়তে যেন পরস্ত্রীসম্ভোগাভিলাষ ইতি সংগ্র-
হণম্॥ ৩৫৬॥ উপচারেতি। স্রগ্গন্ধানুলেপনপ্রেষণাদ্যুপ-
চারকরণং, কেলিঃ পরিহাসালিঙ্গনাদিঃ, অলঙ্কারবস্ত্রাণাং
স্পর্শনমেকখট্বাসনমিত্যেতৎ সর্ব্বং সংগ্রহণং মন্বাদিভিঃ স্মৃতম্॥
৩৫৭॥ স্ত্রিয়মিতি। যঃ প্রষ্টুমনুচিতে স্তনজঘনাদিদেশে স্ত্রিয়ং
স্পৃশেৎ তয়া বা বৃষণাদিকে স্পৃষ্টঃ ক্ষমতে, তদা অন্যোন্যাঙ্গী-

---

হুশ্রুত ব্রাহ্মণ—যে কেহ হউক না কেন, বধ
রিবার জন্য আগত হইলে এবং অন্য কোন আত্ম-
ক্ষার উপায় না থাকিলে, কোন বিচার না করি-
াই উহাদিগকে বধ করিতে পারে॥ ৩৫০॥
কাশ্য বা অপ্রকাশ্য ভাবেই হউক, আততায়ি-
ধে হন্তার কিছুই দোষ হয় না;—মন্যু, মন্যু-
তই গমন করে॥ ৩৫১॥ পরদারসম্ভোগে
বৃত্ত মনুষ্যদিগকে রাজা নানাবিধ উদ্বেগজনক
াসাকর্ণচ্ছেদাদি দণ্ড দ্বারা চিহ্নিত করিয়া দেশ
ইতে বহিষ্কৃত করিবেন॥ ৩৫২॥ পরদারসম্ভোগে,
াকমধ্যে বর্ণসঙ্কর উপস্থিত হয় এবং তাহা
ইতে অধর্ম্ম ও তাহা হইতে সর্ব্বনাশ ঘটে॥
৫৩॥ যে পূর্ব্ব হইতে পরদারদোষে দোষী
বলিয়া বিদিত, সেই পুরুষ নির্জ্জনে যদি কোন
পরস্ত্রীর সহিত সম্ভাষণ করে, তবে তাহার উত্তম
সাহস দণ্ড হইবে॥ ৩৫৪॥ আর, যে পূর্ব্ব হইতে
নির্দ্দোষ বলিয়া বিদিত, সে যদি কোন কারণ
বশতঃ নির্জ্জনে পরস্ত্রীর সহিত সম্ভাষণ করে, তবে
তাহার কোন দণ্ড হইবে না; কারণ তাহার অপ-
রাধ নাই॥ ৩৫৫॥ তীর্থে, অরণ্যে, নির্জ্জনবনে
বা নদীসঙ্গমস্থলে, যে পরস্ত্রীর সহিত কথপো-
কথন করে, তাহার সে দোষ স্ত্রীসংগ্রহরূপে গণ্য
হইবে॥ ৩৫৬॥ সুগন্ধি-মাল্যাদি-প্রেরণ, পরি-
হাস ও আলিঙ্গন, অলঙ্কারস্পর্শ বা বস্ত্রধারণ, এক
শয্যায় শয়ন এবং একত্র ভোজন,—পরস্ত্রীর
সহিত এ সকল ব্যবহার করিলে, স্ত্রীসংগ্রহরূপে
গণ্য হইবে॥ ৩৫৭॥ স্ত্রীলোকের অস্থান অন্য
পুরুষ স্পর্শ করিলে, সেই স্ত্রীলোক যদি রুষ্ট না
হয়, এবং স্ত্রীলোক পুরুষের অস্থান স্পর্শ করিলে,
পুরুষ যদি রুষ্ট না হয়, উহাদের এই দোষ, পর-

অব্রাহ্মণঃ সংগ্রহণে প্রাণান্তং দণ্ডমর্হতি।
চতুর্ণামপি বর্ণানাং দারা রক্ষ্যতমাঃ সদা ॥ ৩৫৯
ভিক্ষুকা বন্দিনশ্চৈব দীক্ষিতাঃ কারবস্তথা।
সম্ভাষণং সহ স্ত্রীভিঃ কুর্য্যুরপ্রতিবারিতাঃ ॥ ৩৬০
ন সম্ভাষাং পরস্ত্রীভিঃ প্রতিসিদ্ধঃ সমাচরেৎ।
নিষিদ্ধো ভাষমাণস্তু সুবর্ণং দণ্ডমর্হতি ॥ ৩৬১
নৈষ চারণদারেষু বিধির্নাত্মোপজীবিষু।
সজ্জয়ন্তি হি তে নারীর্নিগূঢ়াশ্চারয়ন্তি চ ॥ ৩৬২
কিঞ্চিদেব তু দাপ্যঃ স্যাৎ সম্ভাষাং তাভিরাচরন্।
প্রৈষ্যাসু চৈকভক্তাসু রহঃ প্রব্রজিতাসু চ ॥ ৩৬৩
যোহকামাং দূষয়েৎ কন্যাং স সদ্যো বধমর্হতি।
সকামাং দূষয়ংস্তুল্যো ন বধং প্রাপ্নুয়ান্নরঃ ॥ ৩৬৪
কন্যাং ভজন্তীমুৎকৃষ্টং ন কিঞ্চিদপি দাপয়েৎ।
জঘন্যং সেবমানান্তু সংযতাং বাসয়েদ্গৃহে ॥ ৩৬৫
উত্তমাং সেবমানস্তু জঘন্যো বধমর্হতি।
শুল্কং দদ্যাৎ সেবমানঃ সমামিচ্ছেৎ পিতা যদি ॥
অভিষহ্য তু যঃ কন্যাং কুর্য্যাদ্দর্পেণ মানবঃ।

করণরূপং সর্ব্বং সংগ্রহণং মন্বাদিভিঃ স্মৃতম্ ॥ ৩৫৮ ॥ অব্রাহ্মণ ইতি। অব্রাহ্মণোহত্র শূদ্রঃ, দণ্ডভূয়স্ত্বাৎ। ব্রাহ্মণ্যামনিচ্ছন্ত্যামুক্তসংগ্রহণে প্রাণান্তং দণ্ডং প্রাপ্নোতি, চতুর্ণামপি ব্রাহ্মণাদীনাং বর্ণানাং ধনপুত্রাদীনাং মধ্যাদতিশয়েন দারাঃ সর্ব্বদা রক্ষণীয়াঃ, তেন প্রসঙ্গনিবৃত্ত্যর্থমুৎকৃষ্টসংগ্রহণাদপি সর্ব্ববর্ণৈর্ভার্য্যা রক্ষণীয়াঃ ॥ ৩৫৯ ॥ ভিক্ষুকা ইতি। ভিক্ষাজীবিনঃ স্তুতিপাঠকাঃ যজ্ঞার্থং কৃতদীক্ষকাঃ সূপকারাদয়শ্চ ভিক্ষাদিস্বকার্য্যার্থং গৃহিস্ত্রীভিঃ সহ সম্ভাষণমনিবারিতাঃ কুর্য্যুঃ। এবঞ্চৈষাং সংগ্রহণাভাবঃ ॥ ৩৬০ ॥ ন সম্ভাষামিতি। স্বামিনা নিষিদ্ধঃ স্ত্রীভিঃ সম্ভাষণং ন কুর্য্যাৎ। প্রতিষিদ্ধঃ সম্ভাষণমাচরন্ রাজ্ঞঃ ষোড়শমাষাত্মকসুবর্ণো দণ্ডযোগ্যো ভবতি ॥ ৩৬১ ॥ নৈষ ইতি। "পরস্ত্রিয়ং যোহভিবদেদি"ত্যাদিসম্ভাষণনিষেধবিধির্নটগায়নাদিদারেষু নাস্তি, তথা ভার্য্যা পুত্রঃ স্বকা তনুরিত্যুক্তত্বাৎ ভার্য্যোবাত্মা অনয়া উপজীবন্তি ধনলাভায় তস্যা জায়ং ক্ষমন্তে যে তেষু নটাদিব্যতিরিক্তেষ্বপি যে দারাস্তেষ্বপ্যেবং নিষেধবিধির্নাস্তি। যস্মাচ্চারণা আত্মোপজীবিনশ্চ পরপুরুষানানীয় তৈঃ স্বভার্য্যাঃ সংশ্লেষয়ন্তে স্বয়মাগতাংশ্চ পরপুরুষান্ প্রচ্ছন্না ভূত্বা স্বাজ্ঞানং বিভাবয়ন্তো ব্যবহারয়ন্তি ॥ ৩৬২ ॥ কিঞ্চিদিতি। নির্জ্জনদেশে চারণাত্মোপজীবিস্ত্রিভিঃ সম্ভাষণং কুর্ব্বন্ স্বল্পং দণ্ডলেশং রাজ্ঞা দাপ্যঃ, তাসামপি পরদারত্বাৎ। তথা দাসীভিরবরুদ্ধাভির্বৌদ্ধাদিব্রহ্মচারিণীভিশ্চ সম্ভাষাং কুর্ব্বন্ কিঞ্চিদ্দণ্ডমাত্রং দাপ্যঃ স্যাৎ ॥ ৩৬৩ ॥ যোহকামামিতি। যস্তুল্যজাতিরনিচ্ছন্তীং কন্যাং গচ্ছতি স তৎক্ষণাদেব ব্রাহ্মণেতরো লিঙ্গচ্ছেদনাদিকং বধমর্হতি, ইচ্ছন্তীং পুনর্গচ্ছন্ বধার্হো মনুষ্যো ন ভবতি ॥ ৩৬৪ ॥ কন্যামিতি। কন্যাং সম্ভোগার্থমুৎকৃষ্টজাতিপুরুষং সেবমানাং স্বল্পমপি দণ্ডং ন দাপয়েৎ। হীনজাতিং পুনঃ সেবমানাং বদ্ধা স্থাপয়েৎ যাবৎ সা নিবৃত্তকামা স্যাৎ ॥ ৩৬৫ ॥ উত্তমামিতি। হীনজাতিরুৎকৃষ্টজাতীয়াং কন্যামিচ্ছন্তীমনিচ্ছন্তীং বা গচ্ছন্ জাত্যপেক্ষয়াঙ্গচ্ছেদনমারণাত্মকং বধমর্হতি। সমানজাতীয়াং পুনরিচ্ছন্তীং গচ্ছন্ যদি পিতা মন্যতে তদা পিতুঃ শুল্কানুরূপমর্থং দদ্যাৎ। ন চ দণ্ডঃ, সা চ কন্যা তেনৈব বোঢ়ব্যা ॥ ৩৬৬ ॥ অভিষহেতি।

পর স্বীকাররূপ সংগ্রহপদবাচ্য হইবে ॥ ৩৫৮ ॥ শূদ্র যদি অকামা ব্রাহ্মণীতে উক্ত-প্রকার সংগ্রহণ করে, তবে উহার প্রাণান্ত দণ্ড হইবে ; চারিবর্ণেরই সদা-সর্ব্বদা সর্ব্বাপেক্ষা ভার্য্যা অত্যন্ত রক্ষণীয়া ॥ ৩৫৯ ॥ ভিক্ষাজীবী, বন্দী, ঋত্বিক্ এবং সূপকারাদি কারুকর—ইহারা পরস্ত্রীর সহিত অনিবারিত ভাবে কথা কহিতে পারে ॥ ৩৬০ ॥ স্বামী কর্ত্তৃক নিষিদ্ধ হইলে, তাহার স্ত্রীর সহিত সম্ভাষণ করিবে না ; নিষিদ্ধ হইয়াও যে এরূপ কথা কহে, তাহার এক সুবর্ণ দণ্ড হয় ॥ ৩৬১ ॥ পরস্ত্রী সম্বন্ধে পূর্ব্বে যে সকল বিধি উক্ত হইল, উহা নট নর্ত্তক কিংবা ভার্য্যোপজীবী নীচলোকদিগের স্ত্রী-সম্বন্ধে খাটিবে না ; কারণ, তাহারা স্বয়ংই ধনলোভে স্ব স্ব স্ত্রীকে অপরের সহিত সঙ্গত করিয়া দেয় অথবা লুক্কায়িত ভাবে থাকিয়া অপরকে স্বগৃহে স্ত্রীর সহিত আমোদ করিতে দেখে ॥ ৩৬২ ॥ তথাপি যদি ঐ সকল লোকের স্ত্রীর সহিত, দাসীর সহিত, অথবা কপট-ব্রহ্মচারিণীর সহিত গোপনে ব্যভিচার করে, তবে ব্যভিচারকর্ত্তার কিঞ্চিৎ দণ্ড হইবে ॥ ৩৬৩ ॥ অকামা-কন্যা-গমন করিলে সদ্যঃ শারীরিক দণ্ড হইবে, সমানজাতীয়া সকামা কন্যাগমনে শারীরিক দণ্ড নাই ॥ ৩৬৪ ॥ অপকৃষ্টজাতীয় স্ত্রীলোক যদি আপনা অপেক্ষা অপকৃষ্টজাতীয় পুরুষকে সম্ভোগার্থ ভজনা করে, তবে ঐ স্ত্রীলোকের কিছুই দণ্ড হইবে না, আর যদি অপকৃষ্ট জাতিকে সেবা করে, তবে যাবৎ সে বৃত্তকামা না হয়, তাবৎ তাহাকে গৃহে নিরুদ্ধা করিয়া রাখিবে ॥ ৩৬৫ ॥ জঘন্য-জাতীয় পুরুষ যদি উত্তম-জাতীয়া কন্যাকে ভজনা করে, তবে পুরুষের লিঙ্গচ্ছেদাদি শারীরিক দণ্ড হইবে এবং সমান-জাতীয়া সকামা কন্যাকে ভজনা করিলে শারীরিক দণ্ড হইবে না ; পরন্তু তাহার পিতা যদি ইচ্ছা করে, তবে তাহাকে

তস্যাশু কর্ত্তব্যৌ অঙ্গুল্যৌ দণ্ডঞ্চার্হতি ষট্শতম্ ॥৩৬৭
কামাং দূষয়ংস্তুল্যো নাঙ্গুলিচ্ছেদমাপ্নুয়াৎ।
দ্বিশতন্তু দমং দাপ্যঃ প্রসঙ্গবিনিবৃত্তয়ে ॥ ৩৬৮
কন্যৈব কন্যাং যা কুর্য্যাৎ তস্যাঃ স্যাদ্দ্বিশতো দমঃ
শুল্কঞ্চ দ্বিগুণং দদ্যাচ্ছিফাশ্চৈবাপ্নুয়াদ্দশ ॥ ৩৬৯
া তু কন্যাং প্রকুর্য্যাৎ স্ত্রী সা সদ্যো মৌণ্ড্যমর্হতি
অঙ্গুল্যোরেব চ চ্ছেদং খরেণোদ্বহনং তথা ॥ ৩৭০
ভর্ত্তারং লঙ্ঘয়েদ্যা তু স্ত্রী জ্ঞাতিগুণদর্পিতা।
তাং শ্বভিঃ খাদয়েদ্রাজা সংস্থানে বহুসংস্থিতে ॥ ৩৭১

া মনুষ্যঃ প্রসহ্য বলাৎকারেণ সমানজাতীয়াং গমনবর্জ্জমহ-
ারেণাঙ্গুলিপ্রক্ষেপমাত্রেণৈব নাশয়েৎ তস্য শীঘ্রমেবাঙ্গুলি-
চ্ছেদঃ কর্ত্তব্যঃ, ষট্পণশতানি চায়ং দণ্ড্যঃ স্যাৎ ॥ ৩৬৭ ॥
কামামিতি। সমানজাতিরিচ্ছন্তীং কন্যামঙ্গুলিপ্রক্ষেপমাত্রেণ
শয়ন্ নাঙ্গুলিচ্ছেদমাপ্নোতি কিন্ত্বতিপ্রসক্তিনিবারণায় দ্বিশতং
ণ্ডং দাপ্যঃ ॥ ৩৬৮ ॥ কন্যৈবেতি। যা কন্যৈবাপরং কন্যা-
ঙ্গুলিপ্রক্ষেপেণ নাশয়েৎ তস্যা দ্বিশতো দণ্ডঃ স্যাৎ, কন্যাশুল্কঞ্চ
গুণং কন্যাপিতুর্দ্দদ্যাৎ, শিফাপ্রহারাংশ্চ দশ প্রাপ্নুয়াৎ ॥
৬৯ ॥ যা ত্বিতি। যা পুনঃ স্ত্রী কন্যামঙ্গুলিপ্রক্ষেপেণ নাশ-
েৎ সা তৎক্ষণাদেব শিরোমুণ্ডনম্ অনুবন্ধাপেক্ষয়াঙ্গুল্যোরেব
ছেদনং গর্দ্দভেন চ রাজমার্গে বহনমর্হতি ॥ ৩৭০ ॥ ভর্ত্তার-
িতি। যা স্ত্রী প্রবলধনিকপিত্রাদিবান্ধবদর্পেণ সৌন্দর্য্যাদি-

ল্ক দিতে হইবে ॥ ৩৬৬ ॥ যে পুরুষ দর্প করিয়া
লপূর্ব্বক সমানজাতীয়া পরস্ত্রীর যোনিতে অঙ্গুলি
প্রক্ষেপ করে, তাহার তৎক্ষণাৎ দুইটী অঙ্গুলিচ্ছেদ
রিতে হইবে এবং ছয়শত পণ দণ্ড হইবে ॥
৬৬ ॥ সকামা সমানজাতীয়া স্ত্রীতে যদি ঐরূপ
অঙ্গুলি প্রক্ষেপ করে, তবে পুরুষের অঙ্গুলিচ্ছেদ
হইবে না। পরন্তু উহার ঐ অত্যাসক্তি-নিবারণ
জন্য দুই শত পণ দণ্ড হইবে ॥ ৩৬৮ ॥ আর যদি
কান কন্যা, অন্য কন্যার যোনিতে অঙ্গুলি-প্রক্ষেপ
রিয়া কন্যাত্ব নষ্ট করে, তবে উহার দুই শত পণ
ণ্ড হইবে ; দ্বিগুণ শুল্ক এবং দশ বেত হইবে ॥
৬৯ ॥ যদি অধিকবয়স্কা স্ত্রী, কন্যাকে ঐরূপে নষ্ট
রে, তবে তাহার মস্তক মুণ্ডিত করিতে হইবে,
ঙ্গুলিচ্ছেদন হইবে এবং গর্দ্দভে চড়াইয়া রাজ-
ার্গে উহাকে ভ্রমণ করাইতে হইবে ॥ ৩৭০ ॥
আমি ধনিলোকের কন্যা"—এই দর্পে অথবা
আপনার সৌন্দর্য্যদর্পে, যে স্ত্রীলোক নিজপতি
রিত্যাগ করিয়া পরপুরুষ-গমন করে, তাহাকে
হলোক-সমাজে লইয়া কুক্কুর দিয়া খাওয়াইবে ;

পুমাংসং দাহয়েৎ পাপং শয়নে তপ্ত আয়সে ॥
অভ্যাদধ্যুশ্চ কাষ্ঠানি তত্র দাহ্যেত পাপকৃৎ ॥ ৩৭২
সংবৎসরাভিশস্তস্য দুষ্টস্য দ্বিগুণো দমঃ।
ব্রাত্যয়া সহ সংবাসে চাণ্ডাল্যা তাবদেব তু ॥ ৩৭৩
শূদ্রো গুপ্তমগুপ্তং বা দ্বৈজাতং বর্ণমাবসন্ ॥
অগুপ্তমঙ্গসর্ব্বস্বৈর্গুপ্তং সর্ব্বেণ হীয়তে ॥ ৩৭৪
বৈশ্যঃ সর্ব্বস্বদণ্ডঃ স্যাৎ সংবৎসরনিরোধতঃ।
সহস্রং ক্ষত্রিয়ো দণ্ড্যো মৌণ্ড্যং মূত্রেণ চার্হতি ॥

গুণদর্পেণ বা পতিং পুরুষান্তরোপগমনাল্লঙ্ঘয়েৎ তাং রাজা বহু-
জনাকীর্ণে দেশে শ্বভির্ভক্ষয়েৎ ॥ ৩৭১ ॥ পুমাংসমিতি। অনন্ত-
রোক্তং জারং পাপকারিণং পুরষময়োময়শয়নে প্রজ্বলিতে রাজা
দাহয়েৎ, তত্র বধ্যঘাতিনঃ কাষ্ঠানি নিক্ষিপেয়ুঃ যাবৎ পাপ-
কারী দগ্ধঃ স্যাৎ ॥ ৩৭২ ॥ সংবৎসরেতি। পরস্ত্রীগমনে দুষ্টস্য
পুংসো দণ্ডিতস্য পুনঃ সংবৎসরাতিক্রমে তস্যামেবাভিশস্তস্য
পূর্ব্বদণ্ডাদ্দ্বিগুণো দমঃ কার্য্যঃ। তথা ব্রাত্যজায়াগমনে যো
পরিকল্পিতঃ চাণ্ডাল্যা সহ নির্দ্দেশাৎ চাণ্ডালীগমনরূপঃ তথা
চাণ্ডালীগমনে যো দণ্ডঃ সহস্রন্ত্বন্ত্যজস্ত্রিয়ামিতি সংবৎসরে
ত্বতীতে যদি তামেব ব্রাত্যজায়াং তামেব চাণ্ডালীং পুনর্গচ্ছতি
তদা দ্বিগুণঃ কর্ত্তব্যঃ। এতচ্চ পূর্ব্বস্যৈবোদাহরণদ্বয়ং ব্রাত্য-
জায়াগমনেঽপি চাণ্ডালীগমনদণ্ডপ্রদর্শনার্থম্। সর্ব্বস্যৈব তু
পূর্ব্বাভিশস্তদণ্ডিতস্য সংবৎসরাতিক্রমে পুনস্তামেব গচ্ছতঃ
পূর্ব্বদণ্ডাদ্দ্বিগুণো দণ্ডো বোদ্ধব্যঃ ॥৩৭৩॥ শূদ্র ইতি। ভর্ত্রাদিভী
রক্ষিতামরক্ষিতাং বা দ্বিজাতিস্ত্রিয়ং যদি শূদ্রো গচ্ছেৎ তদা
অরক্ষিতাং রক্ষারহিতাং গচ্ছন্ লিঙ্গসর্ব্বস্বাভ্যাং বিযোজনীয়ঃ।
অত্রাঙ্গবিশেষাশ্রবণেঽপি আর্য্যস্ত্র্যভিগমনে লিঙ্গোদ্ধারঃ সর্ব্বস্ব-
হরণম্। গুপ্তাং চেদ্বধোঽধিক ইতি গৌতমবচনাল্লিঙ্গচ্ছেদঃ,
রক্ষিতাঞ্চ গচ্ছন্ শরীরধনহীনঃ কর্ত্তব্যঃ ॥ ৩৭৪ ॥ বৈশ্য ইতি।
বৈশ্যস্য গুপ্তব্রাহ্মণীগমনে সংবৎসরবন্ধনাদনন্তরং সর্ব্বস্বগ্রহণ-
রূপো দণ্ডঃ কার্য্যঃ। ক্ষত্রিয়াগমনে তু বৈশ্যশ্চ ক্ষত্রিয়ামিতি

আর সেই পাপকারী জারপুরুষকে তপ্তলৌহময়
শয়নে শয়ান করাইয়া দাহ করিবে,—যাবৎ না
পাপিষ্ঠ ভস্মসাৎ হয়, তাবৎ অগ্নিতে কাষ্ঠ-নিক্ষেপ
করিবে ॥ ৩৭১।৩৭২ ॥ একবার দণ্ডিত হইয়া
পুনর্ব্বার বৎসরাতীতে যদি পরস্ত্রীগমনরূপ দোষে
দোষী হয়, তবে সেই দুষ্টের দ্বিগুণ দণ্ড হইবে।
ব্রাত্যজাতস্ত্রী ও চণ্ডালী স্ত্রগমনেও ঐ দণ্ড ॥
৩৭৩ ॥ যত্নরক্ষাযুক্তাই হউক, বা অরক্ষিতাই
থাকুক, শূদ্র দ্বিজাতি স্ত্রীগমন করিলে, অরক্ষিতা-
গমনে শূদ্রের লিঙ্গচ্ছেদ ও সর্ব্বস্বহরণ দণ্ড এবং
ভর্ত্তাদি কর্ত্তৃক রক্ষিতা-স্ত্রী-গমনে বধ ও সর্ব্বস্ব-
